www.banglajobguide.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

পি এস সি-র মাধ্যমে
রাজ্য সরকারের খাদ্য দপ্তরে
সাব-ইনস্পেক্টর
নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর
১০ পাতায়

ISSN 0971-7765

# কর্মক্ষেত্র

www.ekarmakshetra.com

কাজের খবরে ১ নম্বর
কর্মক্ষেত্র
কলকাতা শহরে
সর্বাধিক পঠিত কর্মপত্রিকা
Source: Average Issue Readership IRS 2017

বর্ষ ৩৯ সংখ্যা ১২ কলকাতা শুক্রবার, ২৬ অক্টোবর ২০১৮/১ বাঙালির কর্মজীবনের প্রবেশপথ ৯ কার্তিক ১৪২৫ দাম ৪.০০ টাকা ১৬ পাতা R. N. 37120/80

## কেন্দ্রীয় সরকারে কয়েকশো স্টেনোগ্রাফার

কয়েকশো স্টেনোগ্রাফার (গ্রেড 'সি' ও 'ডি') নেওয়া হবে কেন্দ্রীয় সরকারের বিভিন্ন মন্ত্রক, বিভাগ ও কার্যালয়ে। যে-কোনও শাখার উচ্চমাধ্যমিক উত্তীর্ণরা আবেদন করতে পারেন। স্টেনোগ্রাফির দক্ষতা থাকতে হবে। পশ্চিমবঙ্গে পরীক্ষাকেন্দ্র আছে।

নির্বাচিতরা কেন্দ্রীয় সরকারের বিভিন্ন মন্ত্রক এবং বিভিন্ন রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলে কেন্দ্রীয় সরকারের বিভিন্ন বিভাগ ও কার্যালয়ে নিয়োগ পাবেন।

স্টেনোগ্রাফার গ্রেড 'সি' অ্যান্ড 'ডি' এক্সামিনেশন ২০১৮-র মাধ্যমে প্রার্থী বাছাই করবে স্টাফ সিলেকশন কমিশন। লিখিত পরীক্ষার পাশাপাশি স্কিল টেস্টও নেওয়া হবে।

**শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও শাখায় উচ্চমাধ্যমিক বা সমতুল। গ্রেড

**যে-কোনও শাখার উচ্চমাধ্যমিকরা আবেদন করতে পারেন**

'সি'-র প্রার্থীদের ক্ষেত্রে মিনিটে ১০০টি এবং গ্রেড 'ডি'-র প্রার্থীদের ক্ষেত্রে মিনিটে ৮০টি শব্দ শর্টহ্যান্ডে লেখার দক্ষতা থাকতে হবে।

স্টেনোগ্রাফির দক্ষতা যাচাইয়ের জন্য স্কিল টেস্ট হবে। এক্ষেত্রে ১০ মিনিটের ডিক্টেশন গ্রেড 'সি'-র প্রার্থীদের মিনিটে ১০০টি শব্দ এবং গ্রেড 'ডি'-র প্রার্থীদের মিনিটে ৮০টি শব্দের গতিতে শর্টহ্যান্ডে লিখতে হবে ইংরেজি অথবা হিন্দিতে। শর্টহ্যান্ডে নেওয়া ডিক্টেশন গ্রেড 'সি'-র প্রার্থীদের ক্ষেত্রে ইংরেজিতে ৪০ মিনিটে (হিন্দিতে ৫৫ মিনিটে) এবং গ্রেড 'ডি'-র প্রার্থীদের ক্ষেত্রে ইংরেজিতে ৫০ মিনিটে (হিন্দিতে ৬৫ মিনিটে) কম্পিউটারে টাইপ করতে হবে।

দরখাস্তের নির্দিষ্ট কলামে কোন মাধ্যমে (ইংরেজি অথবা হিন্দি) স্কিল টেস্ট দেবেন তা উল্লেখ করবেন।

**বয়স:** ১-১-২০১৯ তারিখে গ্রেড 'সি'-র প্রার্থীদের ১৮ থেকে ৩০ এবং গ্রেড 'ডি'-র প্রার্থীদের ১৮ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। বয়সে তফসিলিরা ৫, ও বি সিরা ৩ এবং দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা সরকারি নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

প্রার্থী বাছাইয়ের জন্য কম্পিউটার-ভিত্তিক পরীক্ষা হবে ১ ফেব্রুয়ারি থেকে ৬ ফেব্রুয়ারি পর্যন্ত। কবে কার পরীক্ষা তা জানানো হবে অ্যাডমিট কার্ডে। ২

*এরপর দুয়ের পাতায়*

## ইন্টেলিজেন্স ব্যুরোয় ১০৫৪ সিকিউরিটি অ্যাসিস্ট্যান্ট


১,০৫৪ জন সিকিউরিটি অ্যাসিস্ট্যান্ট (এক্সিকিউটিভ) নেবে ইন্টেলিজেন্স ব্যুরো। এটি কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। দেশজুড়ে বিভিন্ন রিজিয়নে নিয়োগ করা হবে। যে-রিজিয়নের শূন্যপদে দরখাস্ত করবেন, প্রার্থীকে অবশ্যই সেই অঞ্চলের স্থানীয় ভাষা জানতে হবে। এখানে তাই বাংলা ও হিন্দি ভাষা যেসব রিজিয়নের ক্ষেত্রে গ্রাহ্য, সেই রিজিয়নগুলির জন্য নির্দিষ্ট ৫২৩টি শূন্যপদের বিবরণ দেওয়া হল।

**শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক**

**শূন্যপদের বিন্যাস:** কলকাতা: ৬৭টি (সাধারণ ৪৫, তফসিলি জাতি ১৪, ও বি সি ৮)। **শিলিগুড়ি:** ২৫টি (সাধারণ ১৩, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ১, ও বি সি ৫)। **আগরতলা:** ১৫টি (সাধারণ ৮, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ৪)। **ভোপাল:** ১৭টি (সাধারণ ৯, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৩)। **চণ্ডিগড়:** ২১টি

*এরপর সাতের পাতায়*

শুভ বিজয়া



'কর্মক্ষেত্র'র পাঠক, লেখক, বিজ্ঞাপনদাতা, বিক্রেতা ও শুভানুধ্যায়ী সকলকে বিজয়ার প্রীতি ও শুভেচ্ছা জানাই।

## দক্ষিণ-পূর্ব রেলে ১৭৮৫
### তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং

১,৭৮৫জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিস-শিপ ট্রেনিং দেওয়া হবে দক্ষিণ-পূর্ব রেলের বিভিন্ন ওয়ার্কশপ ও এস্টাবলিশমেন্টে। অ্যাপ্রেন্টিসেস অ্যাক্ট ১৯৬১ এবং অ্যাপ্রেন্টিসশিপ রুলস, ১৯৯২ অনুসারে ট্রেনিং হবে বিভিন্ন ট্রেডে। এই প্রশিক্ষণের নোটিশ নম্বর: SER/P-HQ/PERS/Act Apprentices/ 2018-19.

**শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ মাধ্যমিক বা সমতুল। সেইসঙ্গে সংশ্লিষ্ট ট্রেডে এন সি ভি টি স্বীকৃত আই টি আই সার্টিফিকেট কোর্স পাশ।

**বয়স:** ১-১-২০১৮ তারিখে ১৫ থেকে ২৪ বছরের মধ্যে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩ বছরের ছাড় পাবেন। দৈহিক প্রতিবন্ধীরা বয়সে ১০ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই হবে মাধ্যমিক ও আই টি আই পরীক্ষায় পাওয়া নম্বরের ভিত্তিতে।

**ট্রেড অনুসারে আসনসংখ্যার বিন্যাস: খড়্গপুর ওয়ার্কশপ:** ফিটার: ১০০টি (সাধারণ ৫১, তফসিলি জাতি

*এরপর তিনের পাতায়*

## ইন্দো-টিবেটান বর্ডার পুলিশে ২১৮ কনস্টেবল

২১৮ জন কনস্টেবল (টেলিকম) নেবে ইন্দো-টিবেটান বর্ডার পুলিশ ফোর্স (আই টি বি পি)। মাধ্যমিক পাশ হলেই আবেদন করা যাবে। মহিলারাও আবেদনের যোগ্য। উল্লেখ্য, 'কর্মক্ষেত্র'র ৩১ অগস্ট সংখ্যায় 'ইন্দো-টিবেটান বর্ডার পুলিশে ৩৯০ কনস্টেবল, হেড কনস্টেবল, সাব-ইনস্পেক্টর' এবং ৭ সেপ্টেম্বর সংখ্যায় 'ইন্দো-টিবেটান বর্ডার পুলিশে ৩৯০' শীর্ষক সংবাদদু'টিতে কনস্টেবল (টেলিকম)-সহ হেড কনস্টেবল (টেলিকম) ও সাব-ইনস্পেক্টর (টেলিকম) নিয়োগের সংবাদ আগাম জানানো হয়েছিল আই টি বি পি-র বিজ্ঞপ্তি অনুসারেই। ওই বিজ্ঞপ্তি অনুসারে উল্লিখিত তিন পদের জন্যই বাহিনীর ওয়েবসাইটের মাধ্যমে অনলাইন দরখাস্ত করার শেষ দিন ছিল ৩ অক্টোবর। কিন্তু এ পর্যন্ত কোনও পদের জন্যই অনলাইন দরখাস্ত করা

**শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক**

*এরপর পনেরোর পাতায়*

## ই এস আই কর্পোরেশনে ৭৭১

৭৭১ জন ইনশিওরেন্স মেডিকেল অফিসার গ্রেড-টু (অ্যালোপ্যাথিক) নেবে এমপ্লয়িজ স্টেট ইনশিওরেন্স কর্পোরেশন। দেশের ১৭টি রাজ্যে নিয়োগ করা হবে।

**রাজ্য অনুসারে শূন্যপদ:** পশ্চিমবঙ্গ ২৭টি (সাধারণ ১৩, তফসিলি জাতি ২, ও বি সি ১২)। অসম ৩০টি (সাধারণ ১২, তফসিলি জাতি ৭, ও বি সি ১১)। বিহার ৬০টি (সাধারণ ৩৭, তফসিলি

*এরপর পনেরোর পাতায়*

আরও চাকরির খবর ভেতরের পাতায়

## পূর্ব রেলে ১৪৭২ ট্রেড অ্যাপ্রেন্টিস

১,৪৭২ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে পূর্ব রেল। ফিটার, ইলেক্ট্রিশিয়ান, ওয়েল্ডার-সহ আই টি আইয়ের বিভিন্ন ট্রেডে এই প্রশিক্ষণ দেওয়া হবে হাওড়া, শিয়ালদা, আসানসোল ও মালদা ডিভিশন, কাঁচরাপাড়া, লিলুয়া এবং জামালপুর ওয়ার্কশপে। অ্যাপ্রেন্টিসেস অ্যাক্ট ১৯৬১ অনুসারে ট্রেনিং হবে। ট্রেনিং চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে। এই প্রশিক্ষণের বিজ্ঞপ্তি নম্বর: RRC-ER/Act Apprentices/ 2018-19.

**শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ মাধ্যমিক। সঙ্গে সংশ্লিষ্ট ট্রেডে এন সি ভি টি স্বীকৃত আই টি আই সার্টিফিকেট।

**বয়স:** ১-১-২০১৯ তারিখে ১৫ থেকে ২৪ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছর এবং প্রাক্তন সমরকর্মীরা সরকারি নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**আসনসংখ্যার বিবরণ: হাওড়া ডিভিশন:** ফিটার: ২৮১টি (সাধারণ ১৪২, তফসিলি জাতি ৪২, তফসিলি উপজাতি ২১, ও বি সি ৭৬)। এর মধ্যে ৯টি আসন প্রাক্তন সমরকর্মী এবং ১২টি আসন দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। ওয়েল্ডার: ৬১টি (সাধারণ ৩১, তফসিলি জাতি ৯, তফসিলি উপজাতি ৫, ও বি সি ১৬)। এর মধ্যে ৩টি করে আসন প্রাক্তন সমরকর্মী এবং দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। মেকানিক (মোটর ভেহিক্যল): ৯টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ২)। মেকানিক (ডিজেল): ১৭টি (সাধারণ ৮, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ৫)। এর মধ্যে ১টি করে আসন প্রাক্তন সমরকর্মী এবং দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। ব্ল্যাকস্মিথ: ৯টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১,

*এরপর সাতের পাতায়*

## ইন্ডিয়ান অয়েলে ৭৮৩ টেকনিশিয়ান ও ট্রেড অ্যাপ্রেন্টিস

৭৮৩ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে ইন্ডিয়ান অয়েল কর্পোরেশন। অ্যাপ্রেন্টিসেস অ্যাক্ট, ১৯৬১/১৯৭৩ অনুসারে এক থেকে দু'বছরের ট্রেনিং দেওয়া হবে কেমিক্যাল, মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল-সহ ইঞ্জিনিয়ারিংয়ের বিভিন্ন শাখায় সংস্থার হলদিয়া, পারাদীপ, মথুরা-সহ নয়টি রিফাইনারিতে। হলদিয়া রিফাইনারির ক্ষেত্রে পশ্চিমবঙ্গের সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা সংরক্ষণের সুবিধা পেলেও অন্যান্য রাজ্যের রিফাইনারিতে আবেদনের ক্ষেত্রে পশ্চিমবঙ্গের প্রার্থীরা কেবল সাধারণ প্রার্থীদের জন্য নির্দিষ্ট আসনের জন্যই আবেদন জানাতে পারবেন।

সেহেতু এখানে পশ্চিমবঙ্গের ক্ষেত্রে শূন্য আসনের বিস্তারিত বিন্যাস এবং অন্যান্য রাজ্যের ক্ষেত্রে কেবল সাধারণ প্রার্থীদের জন্য নির্দিষ্ট শূন্য আসনের কথাই জানানো হল। প্রশিক্ষণ চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে।

**শাখা অনুসারে শূন্য আসনের বিবরণ: কোড ১০১:** কেমিক্যাল: ট্রেড অ্যাপ্রেন্টিস/অ্যাটেন্ড্যান্ট অপারেটর (কেমিক্যাল প্ল্যান্ট): হলদিয়া: ৩৬টি (সাধারণ ১৮, তফসিলি জাতি ৮, তফসিলি উপজাতি ২, ও বি সি ৮)। এর মধ্যে ১টি আসন দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। পারাদীপ: ১৩টি। বঙ্গাইগাঁও: ৩৩টি। ডিগবয়: ২৪টি। পানিপত: ২৮টি। মথুরা: ২১টি। গুজরাট: ২৬টি। বারাউনি: ৪২টি। গুয়াহাটি: ১৮টি।

কোড ১০২: মেকানিক্যাল: ট্রেড অ্যাপ্রেন্টিস (ফিটার): হলদিয়া: ১২টি (সাধারণ ৬, তফসিলি জাতি ৩, ও বি সি ৩)। এর মধ্যে ১টি আসন দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। পারাদীপ: ৩টি। বঙ্গাইগাঁও: ৩টি। পানিপত: ২৯টি। মথুরা: ৮টি। গুজরাট: ১৭টি। বারাউনি: ৪টি। গুয়াহাটি: ৩টি।

কোড ১০৩: মেকানিক্যাল: ট্রেড অ্যাপ্রেন্টিস (বয়লার): হলদিয়া: ৪টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ও বি সি ১)। বঙ্গাইগাঁও: ২টি। ডিগবয়: ১১টি। মথুরা: ৫টি। গুজরাট: ৮টি। বারাউনি: ২টি। গুয়াহাটি: ৪টি।

কোড ১০৪: কেমিক্যাল: টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস: হলদিয়া: ৩৬টি (সাধারণ ১৮, তফসিলি জাতি ৮, তফসিলি উপজাতি ২, ও বি সি ৮)। পারাদীপ: ২৫টি। বঙ্গাইগাঁও: ৮টি। ডিগবয়: ১১টি। পানিপত: ২৭টি। মথুরা: ২১টি। গুজরাট: ২৫টি। বারাউনি: ৪টি। গুয়াহাটি: ৭টি।

কোড ১০৫: মেকানিক্যাল: টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস: হলদিয়া: ১৮টি (সাধারণ ৯, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪)। এর মধ্যে ১টি আসন দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে।

*এরপর দুয়ের পাতায়*

শীঘ্রই প্রকাশিত হচ্ছে



www.banglajobguide.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



**কর্মক্ষেত্র**
স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাঃ লিঃ
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন
কলকাতা-৭০০ ০১৯
ফোন: (০৩৩) ২২৮৩-২৩২০
ফ্যাক্স: (০৩৩) ২২৮৭-৬৪৪৮
E-mail: info@swarnakshar.in
Website: www.swarnakshar.in

বর্ষ ৩৯ সংখ্যা ১২ □ ২৬ অক্টোবর ২০১৮

**ই-মেল ঠিকানা**
সম্পাদকীয় বিভাগ:
karmakshetra@swarnakshar.in
বিজ্ঞাপন বিভাগ:
advt@swarnakshar.in
সার্কুলেশন বিভাগ:
circulation@swarnakshar.in

## কর্মখালি

### চাকরি পেতে একটি ফোনের অপেক্ষা

**বেতন: 10,600/- – 28700/-**

**শহর থেকে গ্রামের প্রত্যেক কর্মপ্রার্থীদের** জন্য বিনা ডোনেশনে চাকরি। যোগ্যতা: অষ্টম-স্নাতক। পশ্চিমবঙ্গের প্রতিটি জেলাতে স্থায়ী কাজ। অফিসিয়াল ও অন্যান্য পদে নিয়োগ চলছে। পোস্ট S/V অফিস বয়, ক্লার্ক ইনচার্জ পিওন ATM গার্ড Pvt (Bank)-এ প্রচুর লোক প্রয়োজন। PF, ESI, OT, বোনাস, থাকা ও খাওয়া ফ্রী। যোগাযোগের সাথে সাথে কর্মপ্রার্থীকে লিখিতভাবে পোস্টিং এরিয়া জানানো হবে। Aruna Group, 1 No মল্লিক কলোনী, দমদম-74, (M): 83482-22418.

□

### Pvt. ব্যাঙ্কে চাকরি

ব্যাঙ্কের ব্যাক ও ফ্রন্ট অফিসে অফিসিয়াল পদে অতি সত্বর যোগ্য প্রার্থী চাই। হাওড়া ও হুগলি: 85838-65904 শ্রীরামপুর ও ব্যান্ডেল: 70443-81672 ব্যারাকপুর ও সোদপুর: 74497-02185 নৈহাটি ও কল্যাণী: 86975-95918 সোনারপুর ও গড়িয়া: 86976-16100 বজবজ ও বালিগঞ্জ: 86976-16060 বারাসাত ও বনগাঁ: 80174-18654 বসিরহাট ও এয়ারপোর্ট: 84208-88113 Need Counseling, ডানলপ-108.

□

### BSNL/VODA/JIO

**কাস্টমার কেয়ারে (10-6 PM)** রাজ্যের বিভিন্ন জেলা থেকে (মাধ্যমিক-M.A) অভিজ্ঞ/অনভিজ্ঞ M/F সরাসরি নিয়োগ চলছে। বয়স: (18-38), বেতন শুরু: 12,700/- + PF + ESI + মেস। IING, Kol-08. বেহালা: 96742-56755, উঃ/দঃ ২৪ পরগনা: 82769-83240.

□

**কর্মক্ষেত্র**র আগামী সংখ্যার জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ২৯ অক্টোবর দুপুর ২টো পর্যন্ত।

□□□

৯ নভেম্বর **কর্মক্ষেত্র**র জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ৫ নভেম্বর দুপুর ২টো পর্যন্ত।

□□□

**বিজ্ঞাপন গ্রহণের সময়**
রবিবার বাদে প্রতিদিন সকাল সাড়ে ১০টা থেকে ২টো।

**কর্মক্ষেত্র**
কার্যালয়ে যোগাযোগের ঠিকানা:
স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-৭০০ ০১৯
ই-মেল: info@swarnakshar.in
বিজ্ঞাপন দিতে যোগাযোগ করুন:
অর্পব দাশগুপ্ত: ৯৮৩০৬-০০৭৬৩
সুমনা সেনগুপ্ত: ৯৮৩০০-২৬১৩৬

## কর্মখালি

**Vodafone /Airtel 4G/ Naptal কাস্টঃ** কেয়ারে বাংলা ভাষা জানা M/F সরাসরি নিয়োগ চলছে। বেতন: INC + OT-সহ 11,400/-, Z. M. Group, Salt Lake, Sec-V, Kol-91. M: 98301-20692.

□

### আর্জেন্ট ভ্যাকেন্সি সমগ্র পঃ বঙ্গে M/F-দের AIRPORT, METRO ও PVT BANK-এ গ্যারান্টি দিয়ে স্পট জয়েনিং

**সম্পূর্ণ বিনা ডোনেশনে কন্ট্রাক্টরের** অধীনে Airport, মেট্রো ব্যাঙ্ক (DSA) সংস্থায় পার্মানেন্ট জব। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 16,700/- – 48,900/-, বয়স: 18-45, PF, OT, ESI-সহ থাকা-খাওয়ার ব্যবস্থা। দিশা কর্পোরেট, Mob: 89021-19303, Website: www.dishacorporate.com

□

### শীঘ্রই যোগাযোগ করুন

**www.gcagroup.co.in** ৪র্থ-বি.এ যোগ্যতায় WB-এর প্রতিটি জেলায় (BANK) DSA, শপিং মল, ATM, কনস্ট্রাকশন, 4G টাওয়ার, MNC-তে (11,700/- – 28,500/-) বেতনে অফিসিয়াল বিভিন্ন পদে ESI ও PF-সহ স্থায়ী কাজে M/F চাই। N. D, সেন্ট্রাল অ্যাভেনিউ, কলি-৭। (M): 77978-39612 / 87687-70461.

□

## কর্মখালি

**Airtel 4G/ Jio/ Vodafone কাস্টঃ** কেয়ারে বাংলাভাষী M/F নিয়োগ চলছে। যোগ্যতা: মাধ্যমিক-স্নাতক। বেতন: INC + OT-সহ 11,400/-, Z. M. Group, Salt Lake, Sec-V, Kol-91. M: 96747-95345.

□

**SBI / HDFC / ATM-PAN CARD-এ** সরাসরি অফিসিয়াল পদে স্মার্ট M/F (18-34) চাই। বেতন: 10,872/- – 35,700/- (INC + OT + ফ্রি যাতায়াত)। W2C, Kol-56. দমদম / বেলঘরিয়া: 83348-59516, গড়িয়া / টালিগঞ্জ: 90629-77779, ব্যারাকপুর / কল্যাণী: 91632-90343.

## স্কুল-কলেজ শিক্ষা

ডন বস্কো টেকনিক্যাল স্কুল লিলুয়া, হাওড়া-711 204-তে BASIC WELDING (MIG / TIG), CNC, TALLY ERP-9 এবং ADVANCE EXCEL. বয়স: ১৮ থেকে ২৫ বছর, যোগ্যতা: ন্যূনতম অষ্টম শ্রেণী/ দশম শ্রেণী/ ITI পাস। মো: 98318-15440 / 83349-92263 / 033-2655-5431.

□

### WBCS, RAIL

৮ জন **Expert** শিক্ষক দিয়ে Class চলছে, বিজ্ঞাপনের চমক না দেখে Class Quality দেখে ভর্তি হন। গরীব ও মেধাবী Student-দের বিশেষ সুবিধা আছে। RCI, রাজারহাট, দমদম, গড়িয়া। 87770-49063 / 98361-22535.

# কেন্দ্রীয় সরকারে কয়েকশো স্টেনোগ্রাফার

*প্রথম পাতার পর*

ঘন্টার পরীক্ষায় (দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে অতিরিক্ত ৪০ মিনিট) থাকবে ৫০ নম্বরের জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং, ৫০ নম্বরের জেনারেল অ্যাওয়ারনেস ও ১০০ নম্বরের ইংলিশ ল্যাঙ্গুয়েজ অ্যান্ড কম্প্রিহেনশন। প্রতিটি প্রশ্নের মান ১। অবজেক্টিভ টাইপ মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। লিখিত পরীক্ষায় নেগেটিভ মার্কিং হবে। প্রতিটি ভুল উত্তরের জন্য অতিরিক্ত ০.২৫ নম্বর কাটা যাবে। লিখিত পরীক্ষায় সফল হলে স্কিল টেস্টের জন্য ডাক পাওয়া যাবে।

পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র (ব্র্যাকেটে সেন্টার কোড) কলকাতা (৪৪১০), জলপাইগুড়ি (৪৪০৮), মালদা (৪৪১২) ও শিলিগুড়ি (৪৪১৫)। স্টেনোগ্রাফার গ্রেড 'সি' নিয়োগ হবে পে ব্যান্ড-২ এবং স্টেনোগ্রাফার গ্রেড 'ডি' নিয়োগ হবে পে ব্যান্ড-১-এ। সঙ্গে গ্রেড পে।

অনলাইন আবেদন করা যাবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://ssc.nic.in প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ১৯ নভেম্বর পর্যন্ত। দু'টি পার্টে দরখাস্ত করতে হবে– রেজিস্ট্রেশন পার্ট ও অ্যাপ্লিকেশন পার্ট। প্রার্থীদের আগে রেজিস্ট্রেশন করা থাকলে নতুন করে আর রেজিস্ট্রেশন করতে হবে না। নতুন রেজিস্ট্রেশন করার পর রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড পাওয়া যাবে।

মনে রাখবেন, অনলাইন দরখাস্ত পূরণের সময়, প্রার্থীর স্ক্যান করা ফটো (২০-৫০ কেবি-র মধ্যে) ও সই (১০-২০ কেবি-র মধ্যে) আপলোড করতে হবে।

ফি বাবদ দিতে হবে ১০০ টাকা। তফসিলি, মহিলা, দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের ফি লাগবে না। অফলাইন বা অনলাইন, উভয় মাধ্যমেই ফি জমা দেওয়া যাবে। অফলাইনে চালানের মাধ্যমে ফি জমা দিতে হবে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার যে-কোনও শাখায়। চালানের প্রিন্ট আউট উপরোক্ত ওয়েবসাইট থেকে ডাউনলোড করা যাবে ২১ নভেম্বর বিকেল ৫টা পর্যন্ত। অফলাইনে ফি জমা দেওয়ার শেষ তারিখ ২৬ নভেম্বর। এছাড়া অনলাইনে ডেবিট বা ক্রেডিট কার্ডের মাধ্যমেও ফি জমা দেওয়া যাবে। অনলাইনে ফি জমা দেওয়ার শেষ তারিখ ২১ নভেম্বর। অনলাইন দরখাস্ত যথাযথভাবে পূরণ করে সাবমিট করার পর পূরণ করা দরখাস্তের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে। খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## কর্মক্ষেত্র কারা পড়েন?

একদিকে কর্মপ্রার্থী, অন্যদিকে নিয়োগকর্তা। একদিকে ছোটখাটো ব্যবসা করতে উদ্যোগী, অন্যদিকে সেইসব যন্ত্রপাতি ও কাঁচামালের উৎপাদক। একদিকে বিভিন্ন ধরনের ট্রেনিং নিতে ইচ্ছুক, অন্যদিকে ট্রেনিং ইনস্টিটিউট।

'কর্মক্ষেত্র'র এরকম লক্ষ লক্ষ পাঠক সারা পশ্চিমবঙ্গে ছড়িয়ে রয়েছেন। 'কর্মক্ষেত্র'র শ্রেণিবদ্ধ স্তম্ভে কর্মখালি, ব্যবসা-বাণিজ্য, স্কুল-কলেজ-শিক্ষা, সেলসম্যান/গার্ল, এজেন্ট/ক্যানভাসার, স্টকিস্ট/ডিস্ট্রিবিউটর, যন্ত্রপাতি-সাজসরঞ্জাম, ক্রয়-বিক্রয় ইত্যাদি বিজ্ঞাপন প্রকাশিত হয়। শ্রেণিবদ্ধ বিজ্ঞাপনের খরচ প্রতি লাইন ২৭৫ টাকা। আপনার বিজ্ঞাপনটি নিশ্চিত ও নির্ভুলভাবে প্রকাশের জন্য প্রকাশ তারিখের ৭ দিন আগে বিজ্ঞাপনের কপি ও টাকা জমা দিন:

Advertisement—Karmakshetra, Swarnakshar Prakasani Pvt. Ltd.
29/1-A, Old Ballygunge 2nd Lane, Kolkata-700 019
**Phone:** 2283-2320, 2280-8818 □ **Fax:** 2287-6448
**E-mail:** advt@swarnakshar.in

### DISCLAIMER

**SWARNAKSHAR PRAKASANI PVT. LTD. assumes no responsibility for the authenticity or reliability of any advertisement published in this newspaper. The advertisements carried in the newspaper are accepted on good faith.**

### পাঠকের প্রতি

কোনও বেসরকারি প্রতিষ্ঠানের বিজ্ঞাপনের উত্তরে আবেদন বা সাক্ষাৎ করার সময় কোনওরকম টাকা চাওয়া হলে সেই টাকা দেওয়া সম্পূর্ণ ন্যায়সঙ্গত কিনা সেবিষয়ে পুরোপুরি নিশ্চিত না হয়ে টাকা দেবেন না। যে-কোনও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার আগে সংস্থাটির যাবতীয় স্বীকৃতিপত্র যাচাই করে নেওয়া সঙ্গত। বিজ্ঞাপনদাতারা কোনও প্রতিশ্রুতি পালনে ব্যর্থ হলে তার জন্য প্রকাশক, মুদ্রক, সম্পাদক এবং স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর মালিকপক্ষকে কোনওভাবেই দায়ী করা যাবে না।

# ইন্ডিয়ান অয়েলে ৭৮৩ টেকনিশিয়ান ও ট্রেড অ্যাপ্রেন্টিস

*প্রথম পাতার পর*

পারাদীপ: ৬টি। বঙ্গাইগাঁও: ৮টি। ডিগবয়: ১৭টি। পানিপত: ৬টি। মথুরা: ৮টি। গুজরাট: ১৭টি। বারাউনি: ৪টি। গুয়াহাটি: ৭টি।

**কোড ১০৬:** ইলেক্ট্রিক্যাল: টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস: হলদিয়া: ১৬টি (সাধারণ ৮, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)। এর মধ্যে ১টি আসন দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। পারাদীপ: ১৫টি। বঙ্গাইগাঁও: ৭টি। ডিগবয়: ১১টি। পানিপত: ২৯টি। মথুরা: ১০টি। গুজরাট: ১৮টি। বারাউনি: ৪টি। গুয়াহাটি: ৯টি।

**কোড ১০৭:** ইনস্ট্রুমেন্টেশন: টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস: হলদিয়া: ১৩টি (সাধারণ ৭, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ২)। এর মধ্যে ১টি আসন দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। পারাদীপ: ৫টি। বঙ্গাইগাঁও: ৩টি। পানিপত: ৯টি। মথুরা: ৫টি। গুজরাট: ১০টি। বারাউনি: ৫টি। গুয়াহাটি: ৩টি।

মনে রাখবেন, প্রার্থী যে-কোনও একটি রিফাইনারির নির্দিষ্ট আসনে আবেদন করতে পারবেন।

বিষয় অনুসারে শিক্ষাগত যোগ্যতা: **টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস:** মেকানিক্যাল শাখার (কোড ১০৫) ক্ষেত্রে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা। ইলেক্ট্রিক্যাল শাখার (কোড ১০৬) ক্ষেত্রে ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা। ইনস্ট্রুমেন্টেশন শাখার (কোড ১০৭) ক্ষেত্রে ইনস্ট্রুমেন্টেশন বা ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড ইলেক্ট্রনিক্স বা ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা। কেমিক্যাল শাখার (কোড ১০৪) ক্ষেত্রে কেমিক্যাল বা রিফাইনারি অ্যান্ড পেট্রোকেমিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা।

**ট্রেড অ্যাপ্রেন্টিস:** মেকানিক্যাল-বয়লার (কোড ১০৩) এবং কেমিক্যাল-কেমিক্যাল প্লান্ট (কোড ১০১) শাখার ক্ষেত্রে ফিজিক্স, ম্যাথমেটিক্স এবং কেমিস্ট্রি বা ইন্ডাস্ট্রিয়াল কেমিস্ট্রি-সহ বি এসসি। মেকানিক্যাল-ফিটার (কোড ১০২) শাখার ক্ষেত্রে মাধ্যমিক, সঙ্গে ফিটার ট্রেডে আই টি আই কোর্স পাশ।

সবক্ষেত্রেই ৫০ শতাংশ (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪৫ শতাংশে) নম্বর পেয়ে থাকতে হবে।

৩১-১০-২০১৮ তারিখ অনুসারে ৩ বছর আগে ইঞ্জিনিয়ারিং পাশ করে থাকলে, কোনও অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিংয়ে অংশ নিয়ে থাকলে বা কোনও সংস্থায় ১ বছর বা তার বেশি সময় ধরে সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতা থাকলে আবেদন করবেন না।

**বয়স:** ৩১-১০-২০১৮ তারিখে ১৮ থেকে ২৪ বছরের মধ্যে হতে হবে। পশ্চিমবঙ্গের শূন্য আসনের ক্ষেত্রে তফসিলিরা ৫, ও বি সিরা ৩ বছর এবং দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের বয়সের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা এবং পার্সোনাল ইন্টারভিউয়ের মাধ্যমে। পরীক্ষার সময়সীমা ২ ঘণ্টা। পরীক্ষার সম্ভাব্য তারিখ ১৮ নভেম্বর।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.iocl.com অনলাইন আবেদন করা যাবে ৯ নভেম্বর পর্যন্ত। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। মনে রাখবেন, অনলাইন আবেদনের সময় প্রার্থীর স্ক্যান করা পাসপোর্ট মাপের ফটো এবং সই (উভয়ই জেপিজি ফর্ম্যাটে ৫০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে সাবমিটের পর পূরণ করা আবেদনপত্রের দু'কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এর মধ্যে একটি কপি পাঠাতে হবে।

প্রয়োজনীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল-সহ পূরণ করা আবেদনপত্রের প্রিন্ট আউট সাধারণ ডাকে ১৭ নভেম্বরের মধ্যে পৌঁছতে হবে সংশ্লিষ্ট রিফাইনারির নির্দিষ্ট ঠিকানায়। অন্য কপিটি নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে। হলদিয়ার ক্ষেত্রে আবেদনপত্র পৌঁছতে হবে এই ঠিকানায়: The Advertiser-IOCL Haldia Refinery, P.O. Box No. 1, PO: Haldia Oil Refinery, District: Purba Medinipur, West Bengal, PIN: 721 606. অন্যান্য রিফাইনারির ঠিকানা পাবেন উপরোক্ত ওয়েবসাইটে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.iocl.com

## স্বর্ণাক্ষরে বেড়াবার বই ছোটদের বই

প্রথম ভারতীয় ভূপর্যটক
বিমল মুখার্জির
**দুচাকায় দুনিয়া**
১৯২৬ সালে সাইকেলে পৃথিবী পর্যটনে বেরিয়েছিলেন বিমল মুখার্জি (১৯০৩-১৯৮৭)। তাঁর সেই দুঃসাহসিক বিশ্বভ্রমণের রোমাঞ্চকর অভিজ্ঞতা।
অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদিত
সপ্তম মুদ্রণ ₹৩০০

শঙ্খ ঘোষের **ইছামতীর মশা**
কবির দেখা কবির লেখা
একগুচ্ছ অসামান্য ভ্রমণকথা।
পরিবর্ধিত দ্বিতীয় সংস্করণ ₹১৫০

**বেড়াতে যাবার সিঁড়ি** ₹১২০

নবনীতা দেব সেনের
**ভ্রমণের নবনীতা**
নানা মহাদেশের মাটির জলস্পর্শ আছে এ বইয়ে।
তৃতীয় মুদ্রণ ₹১২৫

অমরেন্দ্র চক্রবর্তীর
**বন্ধুভরা বসুন্ধরা**
অজানা দেশ দেখে বেড়ানো, অচিন মানুষ চিনে বেড়ানোর আন্তরিক আলেখ্য। সঙ্গে রঙিন ছবি। মজবুত বোর্ড বাঁধাই।
দ্বিতীয় সংস্করণ ₹১২০

রবীন চক্রবর্তীর
**বাঁধা পথের বাঁধন ছেড়ে**
উত্তর-পূর্ব ভারত আর লাদাখ ভ্রমণে আগ্রহীদের এ-বই পথ দেখাবে।
২য় সংস্করণ। ₹৯০

শঙ্কররঞ্জন রায়চৌধুরীর
**চিন তিব্বত মোঙ্গোলিয়া**
বিচিত্র প্রকৃতি আর মানুষের জীবনস্রোতে ভেসে বেড়ানো। ২য় মুদ্রণ। ₹৯০

**সেরা ভ্রমণ কাহিনী**
অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদিত
প্রখ্যাত লেখক-পর্যটকদের দেশ-বিদেশ ভ্রমণের অন্তরঙ্গ কাহিনী।
১ম খণ্ড। সহস্রাধিক পাতা। ৪র্থ মুদ্রণ ₹৫০০
২য় খণ্ড। ৭০০ পাতা। ৩য় মুদ্রণ ₹৩০০
৩য় খণ্ড। ₹৩০০

মহাশ্বেতা দেবীর বিস্ময়কর বই
**তুতুল** তৃতীয় মুদ্রণ ₹৬০

সুভাষ মুখোপাধ্যায়ের ছড়ার বই
**বকবকম** ₹১৫

কানাইলাল চক্রবর্তীর
খুব ছোটদের জন্য এক আশ্চর্য সুন্দর বই
**চলো দেখে আসি**
শিশুসাহিত্যে জাতীয় পুরস্কারপ্রাপ্ত ₹২০
**চড়ুইয়ের সঙ্গে** ₹১৫
**কুমির হয়ে জলে গেল** ₹৩০

পবিত্র সরকারের
**কথামালা: ছড়ায় ঢালা** ₹১৫

মৈত্রেয়ী নাগের
**বাঘ বেড়ালের ছড়া ছবি** ₹৩০
**আষাঢ়ে গল্প** ₹৬০

অমরেন্দ্র চক্রবর্তীর
ছোটদের বই
২০১৬-র সাহিত্য অকাদেমি (শিশুসাহিত্য) পুরস্কারপ্রাপ্ত
**গরিলার চোখ** ₹৮০
**লিচুবাগানের চৌকিদার** ₹৮০
**বরফের বাগান** ₹১২০
**ছেঁড়াকাঁথার গল্প** ₹৭৫
**আমাজনের জঙ্গলে**
বিস্ময়কর কিশোর উপন্যাস। ৭ম মুদ্রণ ₹৭০
**হীরু ডাকাত**
শিশুসাহিত্যে জাতীয় পুরস্কারপ্রাপ্ত ₹১২০
সঙ্গে বিনামূল্যে: অবাক করা গানে-সুরে বাদ্য-বাজনায় অভিনয়ে জমজমাট দু'ঘণ্টার অখণ্ড MP3 সিডি
**গৌর যাযাবর**
বিশ্বভারতীর আশালতা সেন পুরস্কারপ্রাপ্ত।
পরিবর্ধিত নতুন সংস্করণ ₹১২০
**শাদা ঘোড়া** ৬ষ্ঠ মুদ্রণ ₹৬০
দেশ-বিদেশের নানা ভাষায় অনূদিত।
**টিয়াগ্রামের ফিঙেনদী**
যুধাজিৎ সেনগুপ্ত চিত্রিত ₹১৫
**ঋষিকুমার** ₹২০ **পাখির খাতা** ₹৪০
**ভূতের বাঁশি** ₹৪০
**তালগাছের ডোঙা** ₹২০

**স্বর্ণাক্ষর**
29/1-A, Old Ballygunge 2nd Lane
Kolkata-700 019
Ph: 2283-2320 Fax: 2287-6448

www.banglajobguide.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad




স্বনির্ভরতার নানা পথ

## কোন মেশিনে কী ব্যবসা

# মোমবাতি তৈরির মেশিন

'কর্মক্ষেত্র'র জনপ্রিয় বিভাগ 'কোন মেশিনে কী ব্যবসা' পড়ে অসংখ্য তরুণ-তরুণী ছোটখাটো ব্যবসা শুরু করে স্বনির্ভর হয়েছেন। মেশিন চিনে, মেশিন কিনেই সরাসরি ব্যবসায় নেমে পড়ার চটজলদি সুলুকসন্ধান নিয়ে এই বিভাগ। একেবারে সাম্প্রতিক তথ্য সহ।



**নিজস্ব প্রতিনিধি:** সারাবছরই মোমবাতির চাহিদা বিপুল। দীপাবলির আগে মোমবাতির চাহিদা কয়েকগুণ বেড়ে যায়। এই মেশিনের সাহায্যে মোমবাতি তৈরি করে প্যাকেটে ভরে বাজারে বিক্রি করতে পারেন।

**কীভাবে করবেন:** প্রথমে বড়বাজার অঞ্চল থেকে মোম কিনে আনতে হবে। ছোট-বড়, সরু-মোটা— যেরকম মোমবাতি তৈরি করতে চান, সেরকম বিভিন্ন ধরনের ডাইস ব্যবহার করতে হবে। ডাইসের মধ্যে নির্দিষ্ট জায়গায় সলতে হিসেবে মোটা সুতো পেঁচিয়ে দিতে হবে। এবার একটা পাত্রে মোম গলিয়ে সেটা ঠান্ডা করে, ডাইসের মধ্যে সেই গলানো মোম ঢেলে দিতে হবে। ডাইসের নীচে জল রাখতে হবে। মিনিট কয়েকের মধ্যেই ওই গলানো মোম জমে ঠান্ডা হয়ে মোমবাতির আকার নেবে। সবশেষে ডাইস থেকে তৈরি মোমবাতিগুলি বের করে নিতে হবে।

**কোন মেশিনের কী দাম:** মোমবাতির আকার ও উৎপাদনের ভিন্নতা অনুযায়ী মেশিনের দামও ভিন্ন হয়। ৫০ থেকে ৬০টি ছোট আকারের মোমবাতি উৎপাদনক্ষম মেশিনের দাম ১,২০০-৩,০০০ টাকা। ৪০০ থেকে ৫০০ মোমবাতি উৎপাদনক্ষম মেশিনের দাম পড়বে ৬৫,০০০ টাকা।

**মেশিন কোথায় পাবেন:** মেশিন পাবেন এই ঠিকানায়: Bharat Machine Tools Industries, 61, Ganesh Chandra Avenue, Kolkata-700 013. Ph: 2236-8015, 94324 22086. E-mail: bharatmachinetools1@rediffmail.com

# শিল্পজিজ্ঞাসা

'কর্মক্ষেত্র'-য় 'স্বনির্ভরতার নানা পথ' দেখে পথে নামার কথা ভাবছেন? নিজে পথে না নেমে কিন্তু কোনও ব্যবসার সবক'টি দিক জানা সম্ভব নয়। প্রদীপ জ্বালানোর আগে সলতে পাকানোর মতো এ হল ব্যবসা শুরুর আগের ধারণা তৈরির পর্ব। শুরুর আগে বা পরে কোনও জিজ্ঞাসা জাগলে 'শিল্পজিজ্ঞাসা' বিভাগে চিঠি লিখুন।

□ *আমি কৃষক পরিবারের ছেলে। ভবিষ্যতে কৃষিভিত্তিক পেশাতেই যেতে চাই। কৃষি, মাছচাষের পদ্ধতি জানি। আধুনিক বিপণনের প্রক্রিয়াটি জানতে চাই। এ ব্যাপারে প্রশিক্ষণ নিতে ইচ্ছুক। প্রশিক্ষণের ব্যবস্থা সম্পর্কে জানতে চাই। —সুদীপ্ত ঘোষ, বলাগড়, হুগলি।*

□□ কৃষি, মাছচাষ, প্রাণীপালন, জৈবসার ও কীটনাশক উৎপাদন ইত্যাদি-সহ কৃষিপণ্যের বিপণন ও কৃষিভিত্তিক বিভিন্ন ব্যবসার প্রশিক্ষণ দেয় স্টেট এগ্রিকালচারাল ম্যানেজমেন্ট অ্যান্ড এক্সটেনশন ট্রেনিং ইনস্টিটিউট অ্যান্ড এগ্রিকালচারাল ট্রেনিং সেন্টার। 'এগ্রি-ক্লিনিকস অ্যান্ড এগ্রি-বিজনেস সেন্টার' নামের এই প্রশিক্ষণ কোর্সটির মেয়াদ ২ মাস। প্রশিক্ষণ দেওয়া হয় নিখরচায়। আবাসিক প্রশিক্ষণ এটি। সময়ে সময়ে প্রশিক্ষণ আয়োজিত হয়। তথ্যের জন্য যোগাযোগ করতে পারেন প্রতিষ্ঠানের এই ঠিকানায়: রামকৃষ্ণ মিশন আশ্রম, নরেন্দ্রপুর, কলকাতা-১০৩। ফোন: ২৪৭৭-০৭১৫/২২০৭। ওয়েবসাইট: www.sametiwb.org

□ *মোমবাতি তৈরির পদ্ধতি জানি। সুগন্ধী মোমবাতি তৈরির পদ্ধতি শিখতে চাই। দীপাবলির আগেই শিখতে পারলে ভালো হয়। কোথাও শেখানোর ব্যবস্থা থাকলে জানাবেন। —সুচরিতা কয়াল, বেলুড়, হাওড়া।*

□□ স্বনিযুক্তি-সহায়ক প্রতিষ্ঠান প্রগতিতে সুগন্ধী মোমবাতি তৈরি শেখানো হয়। এখনই যোগাযোগ করতে পারেন। ঠিকানা: প্রগতি, নর্থ ঘোষপাড়া গ্যাসপিট রোড, বালি, হাওড়া। ফোন: ২৬৭১-০২৯২।

□ *কলাগাছের তন্তু উৎপাদনের জন্য একটি ইউনিট তৈরির লক্ষ্যে কী পরিমাণ মূলধনের প্রয়োজন হতে পারে? —সুদেব মালাকার, মানকুন্ডু, হুগলি।*

□□ জমি, বাড়ি নিজের হলে যন্ত্রপাতি, অন্যান্য সরঞ্জাম এবং কাজ শুরুর জন্য প্রয়োজনীয় অন্যান্য খরচ বাবদ অন্তত দেড় লক্ষ টাকার পুঁজির দরকার হবে। মেশিনের দাম কমবেশি ১ লক্ষ টাকা। এই হিসেব ভারত সরকারের মাইক্রো, স্মল অ্যান্ড মিডিয়াম এন্টারপ্রাইজেস বিভাগের, তথ্যের জন্য দেখতে পারেন এই ওয়েবসাইট: www.my.msme.gov.in/project-profile/Banana Fibre তথ্য পাবেন এই ওয়েবসাইটেও: www.bananafibre.com

□ *পনির তৈরির হাতে চালানো মেশিন পাওয়া যাবে কি? —অজিত মাইতি, কোলাঘাট, পূর্ব মেদিনীপুর।*

□□ পনির তৈরির হাতে চালানো মেশিন পাওয়া যায়। ক্যানিং স্ট্রিট (কলকাতা-১) ও গণেশচন্দ্র অ্যাভেনিউয়ের (কলকাতা-১৩) মেশিনপত্র বিক্রির দোকানগুলিতে এই মেশিন কিনতে পাওয়া যাবে। বিভিন্ন মান ও দামের মেশিন সম্পর্কে জানার জন্য দেখতে পারেন এই ওয়েবসাইট: www.indiamart.com/poneermakingmachine

□ *সুফল বাংলার বিপণন ব্যবস্থার মাধ্যমে ইউরিয়া-মুক্ত মুড়ি, মোয়া, নাড়ু, আচার ইত্যাদি বিক্রি করার সুযোগ আছে বলে 'কর্মক্ষেত্র'য় পড়েছি। আমরা কয়েকজন মিলে এরকম নানা খাবার তৈরি করি। সুফল বাংলার সাহায্য নিতে গেলে কোথায় যোগাযোগ করতে হবে? —মিলি সামন্ত, আন্দুল রোড, হাওড়া-৭১১ ১০৩।*

□□ সুফল বাংলা প্রকল্পে নাম নথিভুক্ত করতে হবে। এ জন্য একটি ফর্ম পূরণ করতে হবে। ফর্মে আপনার ব্লক বা পঞ্চায়েতের কোনও জনপ্রতিনিধির সিলমোহরের ছাপ থাকতে হবে। আবেদনের ফর্ম সরাসরি ডাউনলোড করে নেওয়া যাবে এই ওয়েবসাইট থেকে: www.sufalbangla.in

পাসপোর্ট মাপের একটি ফটো ও ভোটার পরিচয়পত্রের একটি জেরক্স কপি-সহ জমা দেবেন এই ঠিকানায়: সুফল বাংলা প্রোজেক্ট ম্যানেজমেন্ট ইউনিট, তৃতীয় তল, উত্তরাপন, কলকাতা-৫৪। তথ্যের জন্য বেলা ১২টা থেকে ৩টের মধ্যে ফোন করতে পারেন এই নম্বরে: ৯৪৩৩৩-৯৫০১২, ৯৫৬৩৩-১১১৯৫।

# দক্ষিণ-পূর্ব রেলে ১৭৮৫ অ্যাপ্রেন্টিসশিপ

*প্রথম পাতার পর*

১৫, তফসিলি উপজাতি ৭, ও বি সি ২৭)। **টার্নার:** ২২টি (সাধারণ ১১, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৬)। **ইলেক্ট্রিশিয়ান:** ৮০টি (সাধারণ ৪০, তফসিলি জাতি ১২, তফসিলি উপজাতি ৬, ও বি সি ২২)। **ওয়েল্ডার (জি অ্যান্ড ই)**: ৭০টি (সাধারণ ৩৫, তফসিলি জাতি ১০, তফসিলি উপজাতি ৬, ও বি সি ১৯)। **মেকানিক (ডিজেল):** ৩৩টি (সাধারণ ১৭, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ও বি সি ৯)। **মেশিনিস্ট:** ২৭টি (সাধারণ ১৪, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ও বি সি ৭)। **পেইন্টার (জি):** ১৮টি (সাধারণ ৯, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ৫)। **রেফ্রিজারেটর অ্যান্ড এসি মেকানিক:** ১০টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)। মোট আসনের মধ্যে ১১টি করে আসন দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত।

**সিগন্যাল অ্যান্ড টেলিকম (ওয়ার্কশপ)/খড়্গপুর: ইলেক্ট্রিশিয়ান:** ৪৭টি (সাধারণ ২৪, তফসিলি জাতি ৭, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১৩)। **ইলেক্ট্রনিক্স অ্যান্ড মেকানিক:** ৩৬টি (সাধারণ ১৮, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১০)। **পেইন্টার (জি):** ২টি (সাধারণ ১, ও বি সি ১)। **কেবল জয়েন্টার/ক্রেন অপারেটর:** ২টি (সাধারণ ১, ও বি সি ১)। মোট আসনের মধ্যে ৩টি করে আসন দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত।

**ট্র্যাক মেশিন ওয়ার্কশপ/খড়্গপুর: ফিটার:** ৫৪টি (সাধারণ ২৭, তফসিলি জাতি ৮, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১৫)। **ইলেক্ট্রনিক্স অ্যান্ড মেকানিক:** ৩০টি (সাধারণ ১৫, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ও বি সি ৮)। **মেকানিক (ডিজেল):** ২৫টি (সাধারণ ১২, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ও বি সি ৭)। **ওয়েল্ডার (জি অ্যান্ড ই):** ১১টি (সাধারণ ৫, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)। মোট আসনের মধ্যে ৪টি করে আসন দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত।

**এস এস ই (ওয়ার্কস)/ইঞ্জিনিয়ারিং/খড়্গপুর: কার্পেন্টার:** ১৪টি (সাধারণ ৭, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪)। **পেইন্টার:** ১৪টি (সাধারণ ৭, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪)। মোট আসনের মধ্যে ১টি করে আসন দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত।

**ক্যারেজ অ্যান্ড ওয়াগন ডিপো/খড়্গপুর: ফিটার:** ৭০টি (সাধারণ ৩৬, তফসিলি জাতি ১০, তফসিলি উপজাতি ৫, ও বি সি ১৯)। **ওয়েল্ডার (জি অ্যান্ড ই):** ৪০টি (সাধারণ ২০, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১১)। **কার্পেন্টার:** ৭টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ২)। **পেইন্টার:** ২টি (সাধারণ ১, ও বি সি ১)। **টার্নার:** ১টি (সাধারণ)। **মেশিনিস্ট:** ১টি (সাধারণ)। মোট আসনের মধ্যে ৪টি করে আসন দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত।

**ডিজেল লোকো শেড/খড়্গপুর: ফিটার:** ৫টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, ও বি সি ১)। **ইলেক্ট্রিশিয়ান:** ১৫টি (সাধারণ ৮, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪)। **ওয়েল্ডার (জি অ্যান্ড ই):** ৪টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ও বি সি ১)। **মেকানিক (ডিজেল):** ২৩টি (সাধারণ ১২, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৬)। **পেইন্টার (জি):** ১টি (সাধারণ)। **কেবল জয়েন্টার/ক্রেন অপারেটর:** ১টি (সাধারণ)। **কার্পেন্টার:** ১টি (সাধারণ)। মোট আসনের মধ্যে ১টি করে আসন দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত।

**সিনিয়র ডি ই ই (জি)/খড়্গপুর: ইলেক্ট্রিশিয়ান:** ৩০টি (সাধারণ ১৫, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ও বি সি ৮)। **মেকানিক (ডিজেল):** ৪টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ও বি সি ১)। **ওয়্যারম্যান:** ১৫টি (সাধারণ ৮, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪)। **ওয়াইন্ডার (আর্মেচার):** ১২টি (সাধারণ ৬, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)। **রেফ্রিজারেটর অ্যান্ড এসি মেকানিক:** ১৪টি (সাধারণ ৭, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪)। **লাইনম্যান:** ১৫টি (সাধারণ ৮, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪)। মোট আসনের মধ্যে ৩টি করে আসন দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত।

**টি আর ডি ডিপো/ইলেক্ট্রিক্যাল/খড়্গপুর: ইলেক্ট্রিশিয়ান:** ২০টি (সাধারণ ১০, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৫)। **ফিটার:** ২০টি (সাধারণ ১০, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৫)। মোট আসনের মধ্যে ১টি করে আসন দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত।

**ই এম ইউ শেড/ইলেক্ট্রিক্যাল/টিকিয়াপাড়া: ফিটার:** ১০টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)। **ইলেক্ট্রিশিয়ান:** ১০টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)। **ওয়েল্ডার (জি অ্যান্ড ই):** ১০টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)। **মেশিনিস্ট:** ১০টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)। মোট আসনের মধ্যে ১টি করে আসন দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত।

**ইলেক্ট্রিক লোকো শেড/সাঁতরাগাছি: ফিটার:** ১০টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)। **ইলেক্ট্রিশিয়ান:** ১০টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)। **ওয়েল্ডার (জি অ্যান্ড ই):** ৮টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ২)। **মেশিনিস্ট:** ৮টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ২)। মোট আসনের মধ্যে ১টি করে আসন দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত।

**সিনিয়র ডি ই ই (জি)/চক্রধরপুর: ইলেক্ট্রিশিয়ান:** ৩৪টি (সাধারণ ১৭, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ৩, ও বি সি ৯)। **মেকানিক (ডিজেল):** ৪টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ও বি সি ১)। **ওয়্যারম্যান:** ২০টি (সাধারণ ১০, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৫)। **ওয়াইন্ডার (আর্মেচার):** ১০টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)। **রেফ্রিজারেটর অ্যান্ড এসি মেকানিক:** ১৫টি (সাধারণ ৮, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪)। **লাইনম্যান:** ১০টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)। মোট আসনের মধ্যে ৩টি করে আসন দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত।

**ইলেক্ট্রিক ট্র্যাকশন ডিপো/চক্রধরপুর: ইলেক্ট্রিশিয়ান:** ২০টি (সাধারণ ১০, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৫)। **ফিটার:** ১০টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)। মোট আসনের মধ্যে ১টি করে আসন দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত।

**ক্যারেজ অ্যান্ড ওয়াগন ডিপো/চক্রধরপুর: ফিটার:** ৪০টি (সাধারণ ২০, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১১)। **ওয়েল্ডার (জি অ্যান্ড ই):** ২০টি (সাধারণ ১০, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৫)। **কার্পেন্টার:** ১টি (সাধারণ)। **মেশিনিস্ট:** ১টি (সাধারণ)। **পেইন্টার:** ১টি (সাধারণ)। **টার্নার:** ১টি (সাধারণ)। **ট্রিমার:** ১টি (সাধারণ)। মোট আসনের মধ্যে ২টি করে আসন দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত।

**ইলেক্ট্রিক লোকো শেড/টাটা: ফিটার:** ২৫টি (সাধারণ ১৩, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ও বি সি ৬)। **ইলেক্ট্রিশিয়ান:** ২২টি (সাধারণ ১১, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৬)। **ওয়েল্ডার (জি অ্যান্ড ই):** ১৫টি (সাধারণ ৮, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪)। **মেশিনিস্ট:** ১০টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)। মোট আসনের মধ্যে ২টি করে আসন দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত।

**ইঞ্জিনিয়ারিং ওয়ার্কশপ/সিনি: ফিটার:** ৩০টি (সাধারণ ১৫, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ও বি সি ৮)। **টার্নার:** ৫টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ১)। **ইলেক্ট্রিশিয়ান:** ২০টি (সাধারণ ১০, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৫)। **ওয়েল্ডার (জি অ্যান্ড ই):** ৩০টি (সাধারণ ১৫, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ও বি সি ৮)। **মেশিনিস্ট:** ৫টি (সাধারণ ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ১)। **মেশিন টুল মেইন্টেন্যান্স মেকানিক:** ৫টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, ও বি সি ১)। **ফর্জার অ্যান্ড হিট ট্রিটার:** ৫টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, ও বি সি ১)। মোট আসনের মধ্যে ৩টি করে আসন দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত।

**ট্র্যাক মেশিন ওয়ার্কশপ/সিনি: ফিটার:** ৫টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, ও বি সি ১)। **ইলেক্ট্রিশিয়ান:** ২টি (সাধারণ ১, ও বি সি ১)।

**এস এস ই (ওয়ার্কস)/ইঞ্জিনিয়ারিং/চক্রধরপুর: কার্পেন্টার:** ১৩টি (সাধারণ ৬, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪)। **পেইন্টার:** ১৩টি (সাধারণ ৬, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪)। মোট আসনের মধ্যে ১টি করে আসন দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত।

**ইলেক্ট্রিক লোকো শেড/বন্ডামুন্ডা: ফিটার:** ১৫টি (সাধারণ ৮, তফসিলি জাতি ২,

*এরপর সাতের পাতায়*

www.banglajobguide.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# কর্মক্ষেত্র কর্মসহায়ক

নানা কারণে বহু চেষ্টাতেও যাঁরা এখনও মনের মতো কাজ শুরু করতে পারেননি, তাঁদের জন্যই এই বিভাগ। নিজের দক্ষতা ও যোগ্যতা অনুযায়ী সাফল্যের দিকে এগিয়ে যাওয়ার সুনির্দিষ্ট পথনির্দেশ। এখনই কী উদ্যোগ নিতে পারেন এবং দীর্ঘমেয়াদি পরিকল্পনা কীভাবে নেবেন, রইল তার সুলুকসন্ধান।



*সাফল্য পাওয়ার জন্য উপযুক্ত ব্যক্তিত্বের প্রয়োজন হয়। সেই ব্যক্তিত্বটি খুব সহজেই গড়ে ওঠে না। ধারাবাহিক প্রচেষ্টা, সে-সবের অভিজ্ঞতা, প্রতিকূলতা, কষ্ট ইত্যাদির মধ্য দিয়ে একজন মানুষ ক্রমশ শক্তিশালী হয়ে ওঠেন, ব্যক্তিত্ব তৈরি হয় এবং তিনি সফল মানুষ হয়ে ওঠেন।*

*— হেলেন কেলার*
*(বধির ও দৃষ্টিহীন মার্কিন লেখিকা)*

***✓ ইংরেজির গ্র্যাজুয়েট। শর্টহ্যান্ড ও টাইপিং জানি। কম্পিউটার অ্যাপ্লিকেশনের ৬ মাসের সার্টিফিকেট কোর্স করেছি। চাকরির খবর দেবেন।***

*সৌম্য রায়, সোনারপুর, দক্ষিণ ২৪ পরগনা।*

☐ স্টেনোগ্রাফি জানেন। ধরে নেওয়া যায় স্টেনোগ্রাফারের চাকরির প্রতি বিশেষ আকর্ষণ রয়েছে। অন্যান্য বিভিন্ন চাকরির জন্যও আপনি আবেদনের যোগ্য। তবে স্টেনোগ্রাফারের চাকরির ওপরেই জোর দিতে পারেন। কারণ এই চাকরির পরীক্ষার জন্য ধারাবাহিক অনুশীলনের দরকার হয়। ফলে একটা একমুখী লক্ষ্য থাকলে পরীক্ষায় কৃতকার্য হওয়ার সম্ভাবনা বাড়ে। দক্ষ স্টেনোগ্রাফারের চাকরির বাজারও ভালো।

***এখনই আবেদন করতে পারেন:*** কেন্দ্রীয় সরকারে কয়েকশো স্টেনোগ্রাফার নিয়োগ করা হবে স্টাফ সিলেকশন কমিশনের মাধ্যমে। 'সি' ও 'ডি' গ্রুপে নিয়োগ হবে। শিক্ষাগত যোগ্যতা উচ্চমাধ্যমিক। স্টেনোগ্রাফির দক্ষতা থাকতে হবে। এবারের 'কর্মক্ষেত্র'-য় 'কেন্দ্রীয় সরকারে কয়েকশো স্টেনোগ্রাফার' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। অনলাইন আবেদন করতে হবে ১৯ নভেম্বরের মধ্যে, এই ওয়েবসাইটের মাধ্যমে: www.//ssc.nic.in আপনি আবেদন করতে পারেন।

পশ্চিমবঙ্গ বিদ্যুৎ উন্নয়ন নিগমে কিছু জুনিয়র পার্সোনাল অ্যাসিস্ট্যান্ট নেওয়া হবে। স্নাতকে মোট অন্তত ৫০ শতাংশ নম্বর থাকলে আবেদন করা যাবে। শর্টহ্যান্ড ও টাইপিং জানা এই পদের আবশ্যিক শর্ত। কম্পিউটার অ্যাপ্লিকেশনের অন্তত ৩ মাসের কোর্স করে থাকতে হবে। 'কর্মক্ষেত্র'-র ৫ অক্টোবর সংখ্যায় 'পশ্চিমবঙ্গ বিদ্যুৎ উন্নয়ন নিগমে ৩০৬' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য জানানো হয়েছে। ১৬ নভেম্বরের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.wbpdcl.co.in

***পরে আবেদন করতে পারবেন:*** রেলে স্টেনোগ্রাফার পদে আবেদন করতে পারবেন। সরকারি বিভিন্ন সংস্থাতেই স্টেনোগ্রাফার নিয়োগ করা হয়। পশ্চিমবঙ্গ বিধানসভায় রিপোর্টার পদেও আপনি আবেদন করতে পারবেন।

স্নাতক যোগ্যতার অন্যান্য বিভিন্ন চাকরির জন্যও আপনি আবেদন করতে পারবেন। 'কর্মক্ষেত্র'-য় চোখ রাখুন, গ্র্যাজুয়েট যোগ্যতার বিভিন্ন চাকরির খবর পাবেন।

কেন্দ্রীয় সরকারে কয়েকশো স্টেনোগ্রাফার নিয়োগ করা হবে স্টাফ সিলেকশন কমিশনের মাধ্যমে। 'সি' ও 'ডি' গ্রুপে নিয়োগ হবে। শিক্ষাগত যোগ্যতা উচ্চমাধ্যমিক। স্টেনোগ্রাফির দক্ষতা থাকতে হবে। এবারের 'কর্মক্ষেত্র'-য় 'কেন্দ্রীয় সরকারে কয়েকশো স্টেনোগ্রাফার' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে।

***✓ উচ্চমাধ্যমিক পাশ করার পরে বর্তমানে ভূগোল অনার্স পড়ছি প্রথম বর্ষে। আমার উচ্চতা ১৫৮ সেমি। খেলাধুলা করি। ফুটবলে খুব উৎসাহ। সাঁতার জানি। আমার উচ্চতায় কি সেনাবাহিনীতে চাকরি পাওয়ার সুযোগ আছে? এব্যাপারে বিশদে জানালে খুব ভালো হয়?***

*সন্দীপ পাল, রিষড়া, হুগলি।*

☐ উচ্চতা ও শিক্ষাগত যোগ্যতার নিরিখে ভারতীয় সেনাবাহিনী ও নৌবাহিনীতে আপনার চাকরির সুযোগ আছে। চাকরি হতে পারে অফিসার র‍্যাঙ্কেই। উচ্চতা দরকার ১৫৭ সেমি, আর ৫ সেমি ফোলানোর পরে বুকের ছাতির মাপ হতে হবে অন্তত ৮১ সেমি।

ন্যাশনাল ডিফেন্স অ্যাকাডেমি ও ন্যাভাল অ্যাকাডেমিতে ট্রেনিং নিয়ে উপরোক্ত দুই বাহিনীর চাকরিতে যোগ দেওয়া যায়। উচ্চমাধ্যমিকের পরেই নিয়োগের পরীক্ষায় বসা যায়। লিখিত পরীক্ষা নেয় ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন। সেই পরীক্ষায় সফল হলে সেনাকর্তৃপক্ষ ইন্টারভিউ নিয়ে থাকেন। ইন্টারভিউ পর্ব চলতে থাকে কয়েকদিন ধরে। ফলে সামগ্রিক এই পরীক্ষার জন্য অনেক আগে থেকেই ভালো প্রস্তুতি নেওয়ার দরকার রয়েছে। ন্যাশনাল ডিফেন্স অ্যাকাডেমি ও ন্যাভাল অ্যাকাডেমির পরীক্ষার বিজ্ঞপ্তি বেরোলে 'কর্মক্ষেত্র'-য় বিশদে সে-খবর জানানো হয়।

***এখনই আবেদন করতে পারেন:*** ট্রেনিং দিয়ে বেশকিছু নাবিক নেবে ভারতীয় উপকূলরক্ষী বাহিনী। উচ্চতা হতে হবে ১৫৭ সেমি। বুকের ছাতি ৫ সেমি ফোলানোর ক্ষমতা থাকতে হবে। 'কর্মক্ষেত্র'-র ১২ অক্টোবর সংখ্যায় 'কোস্টগার্ডে নাবিক' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। অনলাইন দরখাস্ত করতে হবে ২৯ অক্টোবরের মধ্যে, এই ওয়েবসাইটের মাধ্যমে: www.joinindiancoastguard.gov.in আগ্রহী হলে এখনই আবেদন করতে পারেন।

ট্রেনিং দিয়ে বেশকিছু নাবিক নেবে ভারতীয় উপকূলরক্ষী বাহিনী। উচ্চতা হতে হবে ১৫৭ সেমি। বুকের ছাতি ৫ সেমি ফোলানোর ক্ষমতা থাকতে হবে। 'কর্মক্ষেত্র'-র ১২ অক্টোবর সংখ্যায় 'কোস্টগার্ডে নাবিক' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। অনলাইন দরখাস্ত করতে হবে ২৯ অক্টোবরের মধ্যে, এই ওয়েবসাইটের মাধ্যমে: www.joinindiancoastguard.gov.in

## পছন্দের পেশা বাছাইয়ের জন্য নিজেকে চেনাটাও জরুরি



এস মুস্তাফি, এক্সিকিউটিভ সেক্রেটারি, ইন্ডিয়ান প্লাস্টিক্স ইনস্টিটিউট, কলকাতা চ্যাপ্টার

পড়াশোনা করতে করতেই ভবিষ্যতের পেশার রূপরেখাটা ঠিক করে নিন। যদি পড়াশোনার পর্বটা সম্পূর্ণ হয়ে গিয়ে থাকে, তাহলেও বলব, একটু ভেবেচিন্তে আপনার শিক্ষাগত যোগ্যতা অনুসারে এবং অবশ্যই ব্যক্তিগত প্রবণতা অনুসারে পেশাদারি কাজের ধরনটা নির্দিষ্ট করুন। আমি এমন অনেককে দেখেছি, যারা উচ্চমাধ্যমিক বা স্নাতক স্তর পর্যন্ত খুবই সাধারণ মানের পড়ুয়া ছিল। তারপর যন্ত্রপাতি নিয়ে কাজ করার সময়ে দুর্দান্তভাবে কাজ করতে লাগল। এদের মধ্যে যন্ত্রপাতি নিয়ে কাজ করার ইচ্ছেটা সুপ্ত অবস্থায় ছিল। এক্ষেত্রে কাজ করার সুযোগ পেতেই সেই ইচ্ছেটাকে বাস্তবায়িত করার প্রবল আগ্রহ তৈরি হল। সেইজন্য নিজেকে চেনাটাও একটা জরুরি বিষয়। কেরিয়ারের প্রশ্নে অভিভাবক, আত্মীয়-পরিজনের মতামতটাই যে সর্বদা সঠিক হবে তার নিশ্চয়তা নেই। আর নিজের মতামতটা সঠিক হবে তখনই, যখন যথেষ্ট ভাবনাচিন্তা ও পরিকল্পনার ভিত্তিতে একটা ইতিবাচক মত গড়ে উঠবে। এটা মনে রাখা দরকার, আপনার কেরিয়ারের লাগামটা আপনাকেই ধরতে হবে।

প্রশ্ন হতে পারে, ভালোলাগার কাজটি চাইলেই তো আর পাওয়া যাবে না, তাই হাতের পাঁচ যা পাওয়া যায় সেটিই আঁকড়ে ধরা ভালো নয় কি? উত্তরে বলতে হয়, এমন প্রশ্ন নিজের ওপর নিয়ন্ত্রণের অভাবের পরিচায়ক হবে। আপনাদের বয়স কম, কাজ করার উদ্দীপনা রয়েছে। তাহলে যেনতেনভাবে নিজেকে ভাসিয়ে দিতে চাইবেন কেন? একটা মরণপণ চেষ্টা করবেন না কেন? তাহলে যৌবনের কর্ম-উদ্দীপনার কী মূল্য থাকবে? ভালো কোনও কিছুই কি সহজে পাওয়া যায়? একটা লক্ষ্য যদি আপনার থাকে, তবে সেই লক্ষ্যে পৌঁছনোর জন্য আপনাকে যথাযথ পদক্ষেপও করতে হবে। আপনার মূল লক্ষ্যটিতে পৌঁছনোর জন্য হাতের পাঁচ কাজটিকে আঁকড়ে ধরতে পারেন অবশ্যই। কিন্তু সেখানেই আপনার কেরিয়ারের পথটি শেষ হয়ে যাবার নয়। আমেরিকা, ইউরোপে প্রচুর ছেলেমেয়ে পরিশ্রমের নানা কাজ করে পড়াশোনা, গবেষণার খরচ সামলান। আপনিও প্রয়োজনে এমন উপায় অবলম্বন করতে পারেন। মূল লক্ষ্যটিতে পৌঁছনোর জন্যই সেই উপায় অবলম্বন, একথাটি মনে রাখতে হবে।

এবার আসা যাক আপনার ভালোলাগা কাজটির বিষয়ে। কীভাবে খুঁজে পাবেন সেই কাজটি? কাজের জগতের দিকে নজর রাখতে হবে। কত নতুন নতুন পেশার উদ্ভব ঘটছে। আমরা কি জি এস টি-র কথা জানতাম? জি এস টি চালু হওয়ার পরে এই কর-সংক্রান্ত হিসেবনিকেশের জন্য প্রচুর দক্ষ লোকের দরকার হচ্ছে। প্রশিক্ষণও দিচ্ছে অনেক প্রতিষ্ঠান। কোনও একটা নতুন পেশা যদি আপনার মন টানে তবে সেই পেশার উপযোগী একটা প্রশিক্ষণ নিয়ে নিন। 'কর্মক্ষেত্র'-য় আমি অনেক নতুন পেশা এবং সেইসব পেশার উপযোগী পড়াশোনা, প্রশিক্ষণের সন্ধান পাই। খোঁজ নিয়ে দেখুন, আপনার শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে বর্তমানে কোন কোন পেশায় যাওয়ার সুযোগ আছে। মূল শিক্ষাগত যোগ্যতার সঙ্গে সংশ্লিষ্ট পেশার প্রশিক্ষণগত জ্ঞান যুক্ত হলে কাজের বাজারে আপনার কদর কতটা বাড়তে পারে সে-ব্যাপারে খোঁজখবর নিন।

সব মিলিয়ে আপনার পছন্দের পেশাটির জন্য যত্ন-সহকারে নিজেকে প্রস্তুত করুন। তারপর সেই পেশায় যোগ দিন। নিজেকে প্রমাণ করুন। পেশা মানে শুধুই অর্থ উপার্জন নয়। যদিও অর্থ উপার্জন পেশাদারি কাজকর্মের আবশ্যিক শর্ত। সেইসঙ্গে থাকে কাজের আনন্দ উপভোগের সুযোগ। সব কাজেই আপনার সমান আনন্দ হবে না। সেইজন্যই পছন্দের পেশাটি বেছে নেওয়ার প্রশ্ন আসে। পেশা মানে আপনার ভিতরের কাজের আকুতির সঙ্গে বাইরের কাজটির মেলবন্ধন ঘটানো। সেটা করা গেলে আপনার উপার্জন ক্রমশ বাড়বে, আপনার সম্মান বাড়বে। আপনি একজন কৃতী মানুষ হয়ে উঠবেন।

'কর্মক্ষেত্র'-য় আমি অনেক নতুন পেশা এবং সেইসব পেশার উপযোগী পড়াশোনা, প্রশিক্ষণের সন্ধান পাই। খোঁজ নিয়ে দেখুন, আপনার শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে বর্তমানে কোন কোন পেশায় যাওয়ার সুযোগ আছে। মূল শিক্ষাগত যোগ্যতার সঙ্গে সংশ্লিষ্ট পেশার প্রশিক্ষণগত জ্ঞান যুক্ত হলে কাজের বাজারে আপনার কদর কতটা বাড়তে পারে সে-ব্যাপারে খোঁজখবর নিন।

***আর যা করতে পারেন:*** স্নাতকের পড়াশোনা সম্পূর্ণ করার পরেও সেনাবাহিনী ও নৌবাহিনীতে অফিসার র‍্যাঙ্কে চাকরির সুযোগ আছে। সেক্ষেত্রে গ্র্যাজুয়েশনের পড়াশোনার সঙ্গে সঙ্গেই সময় নিয়ে পরীক্ষার প্রস্তুতি নিতে পারেন। এক্ষেত্রেও প্রথম ধাপের পরীক্ষা নেয় ইউ পি এস সি, ইন্টারভিউ নেয় সেনা কর্তৃপক্ষ।

***✓ ক্লাস ইলেভেন পর্যন্ত পড়াশোনা করেছি। পারিবারিক সমস্যার কারণে উচ্চমাধ্যমিক পরীক্ষা দেওয়া হয়নি। অস্থায়ী একটি কাজ করি। একটু ভালো চাকরির খোঁজ পাওয়ার জন্য এই চিঠি পাঠাচ্ছি।***

*সুদীপ কর্মকার, হৃদয়পুর, উত্তর ২৪ পরগনা।*

☐ কিছু সরকারি চাকরির জন্য আপনি আবেদন করতে পারবেন। চাকরির পরীক্ষায় সফল হতে হবে। পড়াশোনা করে পরীক্ষায় প্রস্তুতি নিন।

***এখনই আবেদন করতে পারবেন:*** কলকাতা হাইকোর্টে ২২১জন গ্রুপ 'ডি' কর্মী নিয়োগ করা হবে। আপনি আবেদন করতে পারেন। 'কর্মক্ষেত্র'-র ৫ অক্টোবর সংখ্যায় 'কলকাতা হাইকোর্টে ২২১ গ্রুপ 'ডি' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য জানানো হয়েছে। ২৯ অক্টোবরের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.calcuttahighcourt.gov.in

***পরে আবেদন করতে পারবেন:*** পশ্চিমবঙ্গ সরকারের বিভিন্ন সংস্থা ও আঞ্চলিক প্রশাসনের কার্যালয়গুলিতে গ্রুপ 'ডি' পদে আবেদন করতে পারবেন। রেলের লেভেল ওয়ান (পূর্ববর্তী গ্রুপ 'ডি') পদের কয়েকটি ক্যাটাগরিতে আবেদন করতে পারবেন। আদালত, স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয়ে পিওন পদে আবেদন করতে পারবেন। পশ্চিমবঙ্গ সরকারে খাদ্য ও সরবরাহ বিভাগে সাব-ইনস্পেক্টর পদে আবেদন করতে পারবেন। মাধ্যমিকে অন্তত ৫০ শতাংশ নম্বর থাকলে পুরসভা, পঞ্চায়েত সমিতি, জেলা পরিষদে সহায়ক পদে আবেদন করতে পারবেন। কেন্দ্রীয় সরকারে মাল্টিটাস্কিং স্টাফ পদে আবেদন করতে পারবেন। ডাকবিভাগ সময়ে সময়ে পশ্চিমবঙ্গ পোস্টাল সার্কেলে মাল্টিটাস্কিং স্টাফ নিয়োগ করে থাকে। এই পদটির জন্য বিশেষ প্রস্তুতি নিতে পারেন।

**কর্মক্ষেত্র পড়ে এখনও যাঁরা কাজ শুরু করতে পারেননি, তাঁদের জন্য**

**কর্মক্ষেত্র কর্মসহায়ক**

আপনার সম্পূর্ণ জীবনপঞ্জি (C.V.) ও নীচের প্রশ্নগুলির উত্তর সহ আমাদের লিখে জানান আপনার কাজ খোঁজার অভিজ্ঞতা।

**আমরাও সাধ্যমতো চেষ্টা করব আপনার উপযুক্ত কাজের হদিশ দিতে।**

- ✓ আগে কোথায় চাকরির দরখাস্ত করেছেন?
- ✓ জীবনপঞ্জি কীভাবে লিখেছেন? (যে-কোনও একটার কপি-সহ)
- ✓ ইন্টারভিউয়ের মুখোমুখি হয়েছেন কি কখনও? সেখানে কোন প্রশ্নের উত্তরে কী বলেছেন?

*আপনার নাম, ফোন নম্বর ও সম্পূর্ণ ঠিকানা লিখতে ভুলবেন না। চিঠি পাঠাবেন এই ঠিকানায়: (নথিপত্রের কপি পাঠাবেন না)*

**কর্মক্ষেত্র** (কর্মসহায়ক বিভাগ)
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন
কলকাতা-৭০০ ০১৯
ই-মেল: karmakshetra@swarnakshar.in

www.banglajobguide.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



## কী পড়বেন, কোথায় পড়বেন

### রেডিওলজিক্যাল ফিজিক্সের ডিপ্লোমা কোর্সে ভর্তি

**স্টাইপেন্ড: মাসিক ২৫,০০০ টাকা**

রেডিওলজিক্যাল ফিজিক্সের ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে ভাবা অ্যাটমিক রিসার্চ সেন্টারের রেডিওলজিক্যাল ফিজিক্স অ্যান্ড অ্যাডভাইসরি ডিভিশন। এটি হোমি ভাবা ন্যাশনাল ইনস্টিটিউটের অধীনস্থ একটি সংস্থা। কোর্সের মেয়াদ ১ বছর। কোর্স শুরু হবে অক্টোবরে। পরীক্ষাকেন্দ্র মুম্বই। এই কোর্সে ভর্তির বিজ্ঞপ্তি নম্বর: 3/2018 (R-V).

**আসনসংখ্যা:** ৩০টি। এর মধ্যে ৫টি আসন স্পনসর্ড প্রার্থীদের জন্য সংরক্ষিত থাকবে। **শিক্ষাগত যোগ্যতা:** ৬০ শতাংশ নম্বর-সহ ফিজিক্সে এম এসসি। স্নাতক স্তরেও ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। ফাইনাল ইয়ারের প্রার্থীরাও শর্তসাপেক্ষে আবেদনের যোগ্য। স্পনসর্ড প্রার্থীদের ক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের রেডিওথেরাপি দপ্তরে অন্তত ১ বছর কাজের অভিজ্ঞতা থাকতে হবে।

**বয়স:** ১-১২-২০১৮ তারিখে ২৬ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩ এবং দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন। স্পনসর্ড প্রার্থীরা ৪০ বছর পর্যন্ত ছাড় পাবেন।

স্টাইপেন্ড: নন-স্পনসর্ড প্রার্থীদের ক্ষেত্রে নির্দিষ্ট মাসিক ২৫,০০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে প্রবেশিকা পরীক্ষা (কমন এন্ট্রান্স টেস্ট) এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। পরীক্ষা ১১ নভেম্বর, সকাল ১১টা থেকে। পরীক্ষায় মাল্টিপল চয়েস ধরনের প্রশ্ন হবে। সময়সীমা ২ ঘণ্টা। নেগেটিভ মার্কিং আছে। পরীক্ষার ফল ঘোষণা করা হবে পরীক্ষার দিনই। লিখিত পরীক্ষায় সফল প্রার্থীদের ইন্টারভিউ হবে ১২ থেকে ১৪ নভেম্বর পর্যন্ত। স্পনসর্ড প্রার্থীদের শুধুমাত্র ইন্টারভিউ হবে। পরীক্ষার অ্যাডমিট কার্ড ডাউনলোড করা যাবে ১ নভেম্বর থেকে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://recruit.barc.gov.in আবেদনের শেষ তারিখ ২৯ অক্টোবর। মনে রাখবেন, অনলাইন আবেদনের সময় প্রার্থীর স্ক্যান করা পাসপোর্ট মাপের ফটো (হালকা রঙের ব্যাকগ্রাউন্ড হতে হবে) আপলোড করতে হবে।

ফি বাবদ অনলাইনে দিতে হবে ৫০০ টাকা। মহিলা, তফসিলি, দৈহিক প্রতিবন্ধী এবং বৃত্তক্ষেত্রে কর্মরত অবস্থায় মৃত সমরকর্মীর সন্তানদের কোনও ফি লাগবে না।

অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে সাবমিটের পর পূরণ করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। পরীক্ষাকেন্দ্রে সঙ্গে নিয়ে যাবেন।

খুঁটিনাটি জানতে দেখতে পারেন এই ওয়েবসাইট: www.barc.gov.in

**পরীক্ষাকেন্দ্রের ঠিকানা:** রেডিওলজিক্যাল ফিজিক্স অ্যান্ড অ্যাডভাইসরি ডিভিশন, সি টি সি আর এস বিল্ডিং, অণুশক্তিনগর, মুম্বই-৪০০ ০৯৪।

### কল্যাণী বিশ্ববিদ্যালয়ে জার্নালিজম ও মাস কমিউনিকেশনের বি ভোক কোর্স

জার্নালিজম অ্যান্ড মাস কমিউনিকেশনের বি ভোক কোর্সে ভর্তি নিচ্ছে কল্যাণী বিশ্ববিদ্যালয়। কোর্সের মেয়াদ ৩ বছর। কোর্স শুরু হবে ৩ ডিসেম্বর।

**শিক্ষাগত যোগ্যতা:** উচ্চমাধ্যমিক।

বাছাই করা প্রার্থীদের তালিকা প্রকাশিত হবে ১৫ নভেম্বর।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.klyuniv.ac.in

**পূরণ করা আবেদনপত্রের সঙ্গে দেবেন:** ✓প্রার্থীর এক কপি পাসপোর্ট মাপের স্বপ্রত্যয়িত ফটো। ফটোটি আবেদনপত্রের নির্দিষ্ট স্থানে সেঁটে দেবেন। ✓বয়স এবং শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্রের নকল। ✓কাস্ট এবং ও বি সি সার্টিফিকেটের নকল (প্রযোজ্য ক্ষেত্রে)। ✓দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেটের নকল। ✓প্রার্থী শেষ যে প্রতিষ্ঠানে পড়াশোনা করেছেন সেখান থেকে পাওয়া ক্যারেক্টার সার্টিফিকেটের নকল।

প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা আবেদনপত্র ৩১ অক্টোবরের মধ্যে জমা দিতে হবে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে। খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

### পুনের ফিল্ম অ্যান্ড টেলিভিশন ইনস্টিটিউটে স্বল্প মেয়াদি কোর্স

টেলিভিশনের জন্য উপযোগী গল্প (টেলিভিশন ফিকশন) লেখা শেখানোর কোর্সে ভর্তি নিচ্ছে পুনের ফিল্ম অ্যান্ড টেলিভিশন ইনস্টিটিউট। কোর্সটির নাম 'রাইটিং ফর টেলিভিশন ফিকশন'। কোর্সের মেয়াদ ৬ মাস। কোর্স শুরু হবে ফেব্রুয়ারিতে।

**আসনসংখ্যা:** ১৫টি। **শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও শাখায় স্নাতক। ব্লগ রাইটিং বা বিজ্ঞাপনের কপি রাইটিং অথবা ফিল্ম বা টেলিভিশন বা ইন্টারনেটের জন্য স্ক্রিপ্ট লেখার অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। কোর্স ফি: ১,৫০,৭০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে ইন্টারভিউয়ের মাধ্যমে।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.ftiindia.com ফি বাবদ দিতে হবে ৫০০ টাকার ডিমান্ড ড্রাফট। ড্রাফটটি 'ACCOUNTS OFFICER, FTII'-এর অনুকূলে পুনেতে প্রদেয় হতে হবে। আবেদনপত্রের নির্দিষ্ট স্থানে প্রার্থীর এক কপি পাসপোর্ট মাপের ফটো সেঁটে দেবেন।

প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা আবেদনপত্র ১৫ নভেম্বরের মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: In-Charge, Department of Short Courses, Film and Television Institute of India, Law College Road, Pune-411 004.

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

### স্কলারশিপের খোঁজখবর

**টাটা ট্রাস্টস উইমেন স্কলারশিপ ফর নিউরোসায়েন্স ২০১৮-১৯**

নিউরোসায়েন্স বিষয়ে স্নাতকোত্তর কোর্স পড়তে ইচ্ছুক ছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে টাটা ট্রাস্টস। স্নাতকোত্তরে প্রথম বা দ্বিতীয় বর্ষে পাঠরতরাও আবেদনের যোগ্য। স্কলারশিপ বাবদ টিউশন ফিয়ের খরচ দেওয়া হবে।

আবেদনের যোগ্যতা: ৬০ শতাংশ নম্বর-সহ স্নাতক।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://www.b4s.in/karma/TTW। আবেদনের শেষ তারিখ ৫ নভেম্বর।

**টাটা ট্রাস্টস স্কলারশিপ ফর স্পিচ থেরাপি ২০১৮-১৯**

স্পিচ থেরাপি, স্পিচ অ্যান্ড হিয়ারিং, অডিওলজি অ্যান্ড স্পিচ ল্যাঙ্গুয়েজ প্যাথলজি, অডিও স্পিচ থেরাপি, স্পিচ ল্যাঙ্গুয়েজ প্যাথলজি অ্যান্ড অডিওলজিতে স্নাতকোত্তর কোর্স পড়তে ইচ্ছুক ছাত্রছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে টাটা ট্রাস্টস। স্কলারশিপ বাবদ টিউশন ফিয়ের খরচ দেওয়া হবে।

আবেদনের যোগ্যতা: ৬০ শতাংশ নম্বর-সহ স্নাতক।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://www.b4s.in/karma/TTS5 আবেদনের শেষ তারিখ ৫ নভেম্বর।

**অল ইন্ডিয়া ইঞ্জিনিয়ারিং স্কলারশিপ এক্সামিনেশন (প্রাইমারি) ২০১৮-১৯**

ইঞ্জিনিয়ারিং এবং বায়ো-ইঞ্জিনিয়ারিং নিয়ে পড়াশোনায় আগ্রহী ছাত্রছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে ব্রেন স্টর্ম টেকনিক্যাল এক্সেলেন্স। প্রার্থী বাছাই করা হবে একটি সর্বভারতীয় প্রবেশিকা পরীক্ষার মাধ্যমে। পরীক্ষাটির নাম অল ইন্ডিয়া ইঞ্জিনিয়ারিং স্কলারশিপ এক্সামিনেশন (প্রাইমারি)। এই পরীক্ষায় উত্তীর্ণ হলে দেশের প্রায় ১ হাজার প্রতিষ্ঠানের মধ্যে যে-কোনও একটিতে ইঞ্জিনিয়ারিং বা বায়ো-ইঞ্জিনিয়ারিং নিয়ে পড়ার সুযোগ পাওয়া যাবে। স্কলারশিপ বাবদ টিউশন ফিয়ের খরচ দেওয়া হবে।

আবেদনের যোগ্যতা: উচ্চমাধ্যমিক পাশ।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://www.b4s.in/karma/AIE10 এছাড়াও অফলাইনেও আবেদন করা যাবে। আবেদনের শেষ তারিখ ৩১ অক্টোবর।

*তথ্য সহায়তা:* buddy4study

## জেলায় জেলায় চাকরি

### হাওড়া জেলায় স্বাস্থ্যকর্মী

স্টাফ নার্স এবং ল্যাবরেটরি টেকনিশিয়ান পদে ৬৬ জন কর্মী নেবে হাওড়া জেলার স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সমিতি। ন্যাশনাল আর্বান হেলথ মিশনের অধীনে চুক্তিতে নিয়োগ হবে হাওড়া ও উলুবেড়িয়া পুরসভায়। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: DHFWS/HOW/2811/18.

শূন্যপদের বিবরণ: স্টাফ নার্স: মোট শূন্যপদ ৫৩টি। হাওড়া মিউনিসিপ্যাল কর্পোরেশন: ৪৭টি (সাধারণ ২৫, তফসিলি জাতি ১১, তফসিলি উপজাতি ৩, ও বি সি-এ ৫, ও বি সি-বি ৩)। উলুবেড়িয়া মিউনিসিপ্যালিটি: ৬টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি-এ ১)। শিক্ষাগত যোগ্যতা: ইন্ডিয়ান নার্সিং কাউন্সিল দ্বারা স্বীকৃত প্রতিষ্ঠান থেকে জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারিতে ডিপ্লোমা অথবা পশ্চিমবঙ্গ নার্সিং কাউন্সিল থেকে রেসিপ্রোকাল রেজিস্ট্রেশন সার্টিফিকেট পেয়ে থাকতে হবে। বয়স: ১-১-২০১৮ তারিখে ৬৪ বছরের মধ্যে হতে হবে। বেতন: প্রতি মাসে ১৭,২২০ টাকা।

ল্যাবরেটরি টেকনিশিয়ান: ১৩টি (সাধারণ ৪, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ৪, ও বি সি-এ ২, ও বি সি-বি ১)। শিক্ষাগত যোগ্যতা: ফিজিক্স, কেমিস্ট্রি এবং ম্যাথমেটিক্স বা বায়োলজি-সহ উচ্চমাধ্যমিক, সঙ্গে মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজিতে ডিপ্লোমা। কম্পিউটার, এম এস অফিস এবং ইন্টারনেট ব্যবহারের জ্ঞান থাকতে হবে। প্রার্থীকে অবশ্যই রাজ্যের স্থায়ী বাসিন্দা হতে হবে। বয়স: ১-১-২০১৮ তারিখে ৪০ বছরের মধ্যে হতে হবে। রাজ্যের তফসিলি এবং ও বি সিরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন। বেতন: প্রতি মাসে ৯,৩৮০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা বা ইন্টারভিউয়ের মাধ্যমে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.healthyhowrah.org প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন দরখাস্তের শেষ তারিখ ১৫ নভেম্বর। মনে রাখবেন, দরখাস্তের সময় প্রার্থীর জেপেগ ফর্ম্যাটে স্ক্যান করা রঙিন পাসপোর্ট মাপের ফটো এবং সই (২০ থেকে ৫০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

অনলাইনে দরখাস্ত যথাযথভাবে সাবমিটের পর পূরণ করা দরখাস্তের তিন কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। একটি কপি নিজের কাছে রেখে দেবেন। অন্য কপিগুলি পরীক্ষার সময় প্রয়োজন হবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

### ভাটপাড়া পুরসভায় চাকরি

অ্যাসিস্ট্যান্ট পাইপ লাইন মিস্ত্রি, মজদুর, ক্লার্ক-সহ বিভিন্ন পদে ৭০ জনকে নিয়োগ করবে ভাটপাড়া পুরসভা।

শূন্যপদের বিবরণ: **মজদুর:** ৬৩টি (সাধারণ ১৮, সাধারণ-ইসি ১০, সাধারণ-প্রাক্তন সমরকর্মী ৩, সাধারণ-দক্ষ খেলোয়াড় ১, সাধারণ-দৈহিক প্রতিবন্ধী ১, তফসিলি জাতি ৭, তফসিলি জাতি-ই সি ৫, তফসিলি জাতি-প্রাক্তন সমরকর্মী ১, তফসিলি উপজাতি ২, তফসিলি উপজাতি-ই সি ১, তফসিলি উপজাতি-প্রাক্তন সমরকর্মী ২, ও বি সি-এ ৪, ও বি সি-এ-ই সি ১, ও বি সি-বি ৩, ও বি সি-বি-ই সি ১, ও বি সি-বি-প্রাক্তন সমরকর্মী ১)। শিক্ষাগত যোগ্যতা: ক্লাস এইট। সুস্বাস্থ্যের অধিকারী হলে অগ্রাধিকার। বেতনক্রম: ৪,৯০০-১৬,২০০ টাকা। গ্রেড পে ১,৭০০ টাকা।

এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: E-18/DR-1/3853.

**অ্যাসিস্ট্যান্ট মিস্ত্রি (পাইপ লাইন):** ৪টি (সাধারণ ১, সাধারণ-ইসি ১, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১)। শিক্ষাগত যোগ্যতা: ক্লাস এইট, সঙ্গে প্লাম্বিং ট্রেডে আই টি আই সার্টিফিকেট কোর্স পাশ।

**ক্লার্ক:** ২টি (তফসিলি জাতি ১, ও বি সি-বি-ই সি ১)। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক। কম্পিউটার এবং টাইপিংয়ে দক্ষতা থাকলে অগ্রাধিকার। বেতনক্রম: ৫,৪০০-২৫,২০০ টাকা। গ্রেড পে ২,৬০০ টাকা।

**টাইপিস্ট:** ১টি (তফসিলি জাতি)। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক, সঙ্গে প্রতি মিনিটে ইংরেজিতে ৩০টি শব্দ এবং বাংলায় ২০টি শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে। বেতনক্রম: ৫,৪০০-২৫,২০০ টাকা। গ্রেড পে ২,৬০০ টাকা।

এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: E-18/DR-1/3854.

**বয়স:** সব ক্ষেত্রেই ১-১-২০১৮ তারিখে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে। সব ক্ষেত্রেই তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা সরকারি নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে ৫০ নম্বরের লিখিত পরীক্ষা, টাইপ টেস্ট (প্রযোজ্য ক্ষেত্রে) এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। লিখিত পরীক্ষায় মাল্টিপল চয়েস ধরনের প্রশ্ন হবে জেনারেল নলেজ ও কারেন্ট অ্যাফেয়ার্স, জেনারেল ইংলিশ, জেনারেল সায়েন্স, হিস্ট্রি, জিওগ্রাফি এবং ম্যাথমেটিক্স বিষয়ে। নেগেটিভ মার্কিং নেই।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.bhatparamunicipality.in আবেদনপত্র পূরণ করবেন যথাযথভাবে।

**পূরণ করা দরখাস্তের সঙ্গে দেবেন**

- ✓২০০ টাকার ডিমান্ড ড্রাফট (মজদুর পদের ক্ষেত্রে ১০০ টাকা)। ড্রাফটটি 'Chairman, Bhatpara Municipality'-এর অনুকূলে কলকাতায় প্রদেয় হতে হবে। তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের কোনও ফি লাগবে না।
- ✓প্রার্থীর তিন কপি রঙিন পাসপোর্ট মাপের স্বপ্রত্যয়িত ফটো। এর মধ্যে একটি ফটো দরখাস্তের নির্দিষ্ট স্থানে সেঁটে দেবেন। অন্য ফটোগুলি দরখাস্তের সঙ্গে গেঁথে দেবেন।
- ✓বয়স এবং শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল।
- ✓কাস্ট এবং ও বি সি সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।
- ✓দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।
- ✓দক্ষ খেলোয়াড়দের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের থেকে পাওয়া সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।
- ✓প্রাক্তন সমরকর্মীদের ক্ষেত্রে ডিসচার্জ সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।

প্রয়োজনীয় নথিপত্র-সহ দরখাস্ত ভরা খামের ওপর বিজ্ঞপ্তি নম্বর এবং যে-পদের জন্য আবেদন করছেন তার নাম লিখে দেবেন। দরখাস্ত রেজিস্টার্ড পোস্ট বা ক্যুরিয়ারের মাধ্যমে পাঠাতে হবে এই ঠিকানায়: The Chairman, Bhatpara Municipality, 1/1, West Ghosh Para Road, P.O-Kankinara, Dist-North 24 Parganas, Pin-743 126. এছাড়াও দরখাস্ত সরাসরি জমা দিতে পারেন উপরোক্ত ঠিকানায় রাখা ড্রপ বক্সে। উভয় ক্ষেত্রেই দরখাস্ত পৌঁছনোর শেষ তারিখ ২৭ নভেম্বর।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

### হলদিয়া পুরসভায় চাকরি

ক্লার্ক, ওয়ার্ক সরকার, হেল্পার, ইঞ্জিনিয়ার ও মজদুর পদে ১৩ জন কর্মী নেবে হলদিয়া পুরসভা। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 5739/HM/2018.

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.haldiamunicipality.org অনলাইন দরখাস্তের শেষ তারিখ ২০ নভেম্বর। বিশদ তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

### দক্ষিণ ২৪ পরগনায় স্বাস্থ্যকর্মী

জেনারেল ডিউটি মেডিক্যাল অফিসার, স্টাফ নার্স, ল্যাবরেটরি টেকনিশিয়ান-সহ বিভিন্ন পদে ৩১ জনকে নিয়োগ করবে দক্ষিণ ২৪ পরগনার স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সমিতি। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বরগুলি হল ৪৭৩১ ও ৪৭৩২।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.wbhealth.gov.in দরখাস্তের শেষ তারিখ ২৭ অক্টোবর। আগ্রহীরা বিশদ তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

### নৈহাটি পুরসভায় চাকরি

ক্লার্ক, মজদুর, ড্রাইভার এবং পাম্প অপারেটর পদে ৮ জন কর্মী নেবে নৈহাটি পুরসভা। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 2712/MC-11.

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.naihatimunicipality.in

প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা আবেদনপত্র ২৪ নভেম্বরের মধ্যে পৌঁছতে হবে নির্দিষ্ট ঠিকানায়। বিশদ তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

### বাঁকুড়ায় চাকরি

ডেটা ম্যানেজার, অ্যাকাউন্টস-কাম-ডেটা ম্যানেজার এবং অ্যাকাউন্ট্যান্ট পদে ৬ জনকে নেবে ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট অফিস। নিয়োগ হবে চুক্তিতে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 801/KP/BNK.

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.bankura.gov.in দরখাস্তের সময় প্রার্থীর ফটো এবং সই স্ক্যান করে আপলোড করতে হবে। দরখাস্তের শেষ তারিখ ৫ নভেম্বর।

বিশদ তথ্যের জন্য দেখতে পারেন উপরোক্ত ওয়েবসাইট।

### এশিয়াটিক সোসাইটিতে ট্রেনি

৬ জন লাইব্রেরি ট্রেনি নেবে এশিয়াটিক সোসাইটি। ট্রেনিংয়ের মেয়াদ ৬ মাস। ট্রেনিং চলাকালীন স্টাইপেন্ড বাবদ দেওয়া হবে দিনপ্রতি ৫০০ টাকা। এই ট্রেনিংয়ের বিজ্ঞপ্তি নম্বর: TASK/2018/05.

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.asiaticsocietykolkata.org প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা আবেদনপত্র ৩১ অক্টোবরের মধ্যে পৌঁছতে হবে নির্দিষ্ট ঠিকানায়।

বিশদ তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

www.banglajobguide.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# জীবিকাজিজ্ঞাসা

এই বিভাগে প্রতি সপ্তাহে পাওয়া চিঠি থেকে প্রথম আসা চিঠিগুলি উত্তর দেওয়ার জন্য বেছে নেওয়া হয়। তার পরও খুব জরুরি কোনও চিঠি থাকলে বা যে প্রশ্নের উত্তর বহু পাঠকের কাজে লাগবে এমন কিছু চিঠিও উত্তরের জন্য বাছা হয়। অনুগ্রহ করে একসঙ্গে একটির বেশি প্রশ্ন পাঠাবেন না। প্রশ্নের সঙ্গে অবশ্যই নীচের কুপনটি পূরণ করে পাঠাবেন। খামের ওপরে 'জীবিকাজিজ্ঞাসা' কথাটি লিখে আপনার প্রশ্ন এই ঠিকানায় পাঠান: কর্মক্ষেত্র, ২৯/১-এ ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯।

## এস এস সি

□ *স্টাফ সিলেকশন কমিশনের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের 'মাল্টি টাস্কিং (নন-টেকনিক্যাল) স্টাফ' (গ্রুপ 'সি') পদে নিয়োগের ক্ষেত্রে কোন প্রক্রিয়ায় প্রার্থী বাছাই করা হয়ে থাকে? —তন্ময় সেনগুপ্ত, আসানসোল, পশ্চিম বর্ধমান।*

□□ স্টাফ সিলেকশন কমিশনের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের 'মাল্টি টাস্কিং (নন- টেকনিক্যাল) স্টাফ' (গ্রুপ 'সি') পদের ক্ষেত্রে প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। দু'টি পেপারের পরীক্ষা হয়ে থাকে। প্রথম পেপারে ২৫ নম্বরের জেনারেল ইন্টেলিজেন্স ও রিজনিং, ২৫ নম্বরের নিউমেরিক্যাল অ্যাপ্টিটিউড, ৫০ নম্বরের জেনারেল ইংলিশ এবং ৫০ নম্বরের জেনারেল অ্যাওয়্যারনেস বিষয়ক অবজেক্টিভ মাল্টিপল চয়েস প্রশ্ন থাকে। সময় ২ ঘণ্টা। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং থাকে। প্রথম পেপারের পরীক্ষায় সফলরা দ্বিতীয় পেপারের পরীক্ষার জন্য ডাক পাবেন। এই পেপারে ইংরিজি বা মাতৃভাষায় (পশ্চিমবঙ্গের ক্ষেত্রে বাংলা) রচনা, চিঠি লেখা ইত্যাদি থাকে। ৫০ নম্বরের পরীক্ষা। সময় ৩০ মিনিট। ওয়েবসাইট: www.ssc.nic.in

## নার্সিং

□ *এইমসে স্টাফ নার্স (গ্রেড-টু) পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে? দরখাস্ত গ্রহণের শেষ তারিখ কবে? —বিনীতা গুহ, রহমতপুর, নদিয়া।*

□□ এইমসে স্টাফ নার্স (গ্রেড-টু) পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: বি এসসি (অনার্স) নার্সিং বা বি এসসি (নার্সিং) বা বি এসসি পোস্ট সার্টিফিকেট বা পোস্ট-বেসিক বি এসসি নার্সিং ডিগ্রি। অথবা ইন্ডিয়ান নার্সিং কাউন্সিল কর্তৃক স্বীকৃত প্রতিষ্ঠান থেকে জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারিতে ডিপ্লোমা-সহ অন্তত ৫০ শয্যাবিশিষ্ট হাসপাতালে সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। সব ক্ষেত্রেই স্টেট বা ইন্ডিয়ান নার্সিং কাউন্সিলে নার্স অ্যান্ড মিডওয়াইফ হিসেবে প্রার্থীর নাম অবশ্যই নথিভুক্ত থাকতে হবে। ২৯ অক্টোবরের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.aiimsexams.org

## প্রাইমারি টিচার

□ *আমি পাবলিক স্কুলে প্রাইমারি টিচার পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? প্রার্থী বাছাই করা হবে কোন পদ্ধতিতে? —মিতালী সরকার, শিবরামপুর, দক্ষিণ ২৪ পরগনা।*

□□ আমি পাবলিক স্কুলে প্রাইমারি টিচার পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ স্নাতক। সেইসঙ্গে ৫০ শতাংশ নম্বর-সহ ব্যাচেলর অব এডুকেশন (বি এড) অথবা ২ বছরের ডিপ্লোমা ইন এলিমেন্টারি এডুকেশন বা ৪ বছরের ব্যাচেলর অব এলিমেন্টারি এডুকেশন (বি এল এড)। প্রার্থী বাছাই করা হবে একটি অনলাইন পরীক্ষার মাধ্যমে। পরীক্ষার তারিখ ১৭ এবং ১৮ নভেম্বর। একটি পত্রের উত্তর দিতে হবে। ৯০ নম্বরের পরীক্ষায় অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন আসবে জেনারেল অ্যাওয়্যারনেস, মেন্টাল এবিলিটি, ইংলিশ কম্প্রিহেনশন, মেথডোলজি এবং শিক্ষক শিক্ষণ বিষয়ে। পরীক্ষার মোট সময়সীমা ১ ঘণ্টা ৩০ মিনিট। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে। দেখুন এই ওয়েবসাইট: www.awesindia.com

## কোর্স, ট্রেনিং

□ *কলকাতা বিশ্ববিদ্যালয়ে রাশিয়ান ভাষায় ডিপ্লোমা কোর্সে ভর্তি হতে চাই। বিস্তারিত জানাবেন। —সুজয় দাস, কলকাতা।*

□□ রাশিয়ান-সহ বিভিন্ন দেশি ও বিদেশি ভাষার ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে কলকাতা বিশ্ববিদ্যালয়ের ভাষা বিভাগ। কোর্সের মেয়াদ ১ বছর। কোর্স শুরু হবে ডিসেম্বরে। আসনসংখ্যা ৩০। শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় ৫০ শতাংশে (তফসিলি, ও বি সি-দের ক্ষেত্রে ৪৫ শতাংশে) নম্বর-সহ স্নাতক। স্নাতকোত্তর ডিগ্রিধারীরাও আবেদনের যোগ্য। সেই সঙ্গে কলকাতা বিশ্ববিদ্যালয় বা অন্য কোনও প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট ভাষায় ১ বছরের সার্টিফিকেট কোর্স পাশ করে থাকতে হবে। প্রার্থী বাছাই করা হবে শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে। আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনপত্র সংগ্রহ করা যাবে প্রতিষ্ঠানের ভাষা বিভাগ থেকে। ফি বাবদ দিতে হবে ১০০ টাকা (তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫০ টাকা)। ফি জমা দেওয়ার পর রিসিপ্টের কাউন্টার পার্টটি জমা দিতে হবে আবেদনপত্রের সঙ্গে। প্রয়োজনীয় নথিপত্রের প্রত্যয়িত নকল-সহ আবেদনপত্র ৩০ অক্টোবরের মধ্যে জমা দিতে হবে এই ঠিকানায়: কলকাতা বিশ্ববিদ্যালয়, ভাষা বিভাগ, আশুতোষ বিল্ডিং (সেকেন্ড ফ্লোর), ৮৭/১ কলেজ স্ট্রিট, কলকাতা-৭০০ ০৭৩ (দুপুর ২টো থেকে সন্ধে ৬টার মধ্যে)। ওয়েবসাইট: www.caluniv.ac.in

□ *আই আই এস ডব্লু বি এমে হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্টের স্নাতকোত্তর কোর্সে ভর্তি হতে চাই। বিস্তারিত জানাবেন। —বীথি মণ্ডল, সিউড়ি, বীরভূম।*

□□ হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্টের ২ বছরের স্নাতকোত্তর কোর্সে ভর্তি নিচ্ছে ইন্ডিয়ান ইনস্টিটিউট অব সোশ্যাল ওয়েলফেয়ার অ্যান্ড বিজনেস ম্যানেজমেন্ট (আই আই এস ডব্লু বি এম)। এটি কলকাতা বিশ্ববিদ্যালয় কর্তৃক স্বীকৃত কোর্স। ২০১৮-র ক্যাট পরীক্ষায় প্রার্থীকে উত্তীর্ণ হয়ে থাকতে হবে। শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ যে-কোনও শাখায় স্নাতক বা সমতুল। তফসিলি, দৈহিক প্রতিবন্ধী এবং ও বি সি প্রার্থীরা মোট অন্তত ৪৫ শতাংশ নম্বর থাকলেই আবেদন করতে পারবেন। বি ই বা বি টেক ডিগ্রি থাকলেও আবেদন করা যাবে। ৫ বছরের এল এল বি ডিগ্রিধারীরাও আবেদনের যোগ্য। সেই সঙ্গে ক্যাট-২০১৮ পরীক্ষার বৈধ স্কোর কার্ড থাকতে হবে। ফাইনাল ইয়ারের প্রার্থীরাও শর্তসাপেক্ষে আবেদনের যোগ্য। কোর্স ফি ৪ লাখ ৯৫ হাজার টাকা। প্রাথমিকভাবে ক্যাট পরীক্ষায় প্রাপ্ত স্কোরের ভিত্তিতে প্রার্থীদের বাছাই করা হবে। তালিকাভুক্ত প্রার্থীদের গ্রুপ ডিসকাশন এবং পার্সোন্যাল ইন্টারভিউ নেওয়া হবে। অনলাইন বা অফলাইন, দু'ভাবেই আবেদন করা যাবে। দেখুন এই ওয়েবসাইট: www.iiswbm.edu ফি বাবদ দিতে হবে ১,৫০০ টাকা।

□ *ন্যাভাল শিপ রিপেয়ার ইয়ার্ডে ইনফর্মেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি সিস্টেম মেইনটেন্যান্স ট্রেডে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং নিতে চাই। এ ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? —মৃদুল পাল, গড় রায়পুর, বাঁকুড়া।*

□□ ন্যাভাল শিপ রিপেয়ার ইয়ার্ডে ইনফর্মেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি সিস্টেম মেইনটেন্যান্স ট্রেডে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিংয়ের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: ইনফর্মেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি সিস্টেম মেইনটেন্যান্স বা ইনফর্মেশন টেকনোলজি অ্যান্ড ইলেক্ট্রনিক সিস্টেম মেইনটেন্যান্স ট্রেডে আই টি আই কোর্স পাশ অথবা রিপেয়ার অ্যান্ড মেইনটেন্যান্স অব হার্ডওয়্যার অব কম্পিউটার অ্যান্ড পেরিফেরালসে ব্রড বেসড বেসিক ট্রেনিং নিয়ে থাকতে হবে।

## অন্যান্য চাকরি

□ *ইন্ডিয়ান কোস্ট গার্ডে ডোমেস্টিক ব্রাঞ্চে নাবিক পদে আবেদনের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা ও দৈহিক সক্ষমতার প্রয়োজন? —বাপি সামন্ত, কান্দি, মুর্শিদাবাদ।*

□□ ইন্ডিয়ান কোস্ট গার্ডে ডোমেস্টিক ব্রাঞ্চে নাবিক পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ মাধ্যমিক পাশ। তফসিলি প্রার্থীরা নম্বরে ৫ শতাংশ ছাড় পাবেন। এর পাশাপাশি, উচ্চতা অন্তত ১৫৭ সেমি হতে হবে। উচ্চতার সঙ্গে মানানসই ওজন থাকতে হবে। বুকের ছাতি অন্তত ৫ সেমি ফোলানোর ক্ষমতা থাকা চাই। দৃষ্টিশক্তি উভয় চোখে ৬/৩৬ হতে হবে। দেখুন এই ওয়েবসাইট: www.joinindiancoastguard.gov.in

□ *ওয়েস্ট বেঙ্গল পাওয়ার ডেভেলপমেন্ট কর্পোরেশনে ফিজিক্যাল এডুকেশনে অ্যাসিস্ট্যান্ট টিচার পদে দরখাস্ত করতে চাই। এ ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? দরখাস্ত গ্রহণের শেষ তারিখ কবে? —তমোঘ্ন বিশ্বাস, রামপ্রসাদপুর, পশ্চিম বর্ধমান।*

□□ ওয়েস্ট বেঙ্গল পাওয়ার ডেভেলপমেন্ট কর্পোরেশনে ফিজিক্যাল এডুকেশনে অ্যাসিস্ট্যান্ট টিচার পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ ফিজিক্স বা কেমিস্ট্রি বা বটানি বা জুলজি বা ফিজিওলজিতে অনার্স গ্র্যাজুয়েট। সেই সঙ্গে অবশ্যই বি পি এড থাকতে হবে। ১৬ নভেম্বরের মধ্যে অনলাইন দরখাস্ত করা যাবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.wbpdcl.co.in

□ *কলকাতা হাইকোর্টে গ্রুপ 'ডি' পদে দরখাস্ত করতে চাই। এ ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন। প্রার্থী বাছাই করা হবে কোন প্রক্রিয়ায়? দরখাস্ত গ্রহণের শেষ তারিখ কবে? —তাপস কাঞ্জিলাল, মুর্শিদাবাদ।*

□□ কলকাতা হাইকোর্টে গ্রুপ 'ডি' পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: ক্লাস এইট পাস। বাংলা ও ইংরেজি পড়তে ও লিখতে জানা চাই। স্নাতক ডিগ্রিধারী প্রার্থীরা আবেদন করতেন না। প্রার্থী বাছাই করা হবে একটি লিখিত পরীক্ষার মাধ্যমে। পরীক্ষার সম্ভাব্য তারিখ ২৪ নভেম্বর। ১০০ নম্বরের পরীক্ষায় থাকবে এরিথমেটিক, জেনারেল নলেজ, জেনারেল ইন্টেলিজেন্স, ইংলিশ বিষয়ে অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন। সময় ৭৫ মিনিট। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে। ২৯ অক্টোবরের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.calcuttahighcourt.gov.in

□ *ইন্ডিয়ান এয়ারফোর্সে ওয়াই গ্রুপের নন-টেকনিক্যাল বিভাগে এয়ারম্যান পদে খেলোয়াড় নিয়োগের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত ও খেলাধুলার যোগ্যতার প্রয়োজন? কোন কোন ক্রীড়াক্ষেত্র থেকে খেলোয়াড় নিয়োগ করা হবে? —অরিন্দম ঘোষ, বারাকপুর, উত্তর ২৪ পরগনা।*

□□ ভারতীয় বিমানবাহিনীতে 'ওয়াই' গ্রুপের নন-টেকনিক্যাল বিভাগে এয়ারম্যান পদে খেলোয়াড় নিয়োগ করা হবে খেলাধুলার এইসব ইভেন্ট থেকে: অ্যাথলেটিক্স, বাস্কেটবল, বক্সিং, ক্রিকেট, ডাইভিং, গলফ, জিমন্যাস্টিক্স, হকি, কবাডি, লন টেনিস, স্কোয়াশ, সুইমিং, ভলিবল, ওয়াটার পোলো, ওয়েট লিফটিং, রেসলিং, উশু। শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় উচ্চমাধ্যমিক। খেলাধুলার যোগ্যতা: উপরোক্ত ইভেন্টগুলির যে-কোনও একটিতে আন্তর্জাতিক স্তরের জুনিয়র বা সিনিয়র লেভেল প্রতিযোগিতায় দেশের প্রতিনিধিত্ব করে থাকতে হবে। সম্প্রতি সফল প্রার্থীরা অগ্রাধিকার পাবেন। অথবা ব্যক্তিগত ইভেন্টে জুনিয়র ন্যাশনাল চ্যাম্পিয়নশিপে অন্তত পঞ্চম স্থান অধিকার করে থাকতে হবে এবং সিনিয়র ন্যাশনাল চ্যাম্পিয়নশিপে বা আন্তঃবিশ্ববিদ্যালয় চ্যাম্পিয়নশিপে কোনও রাজ্য বা ইউনিটের প্রতিনিধিত্ব করে থাকতে হবে। সম্প্রতি সফল প্রার্থীরা অগ্রাধিকার পাবেন। অথবা দলগত ইভেন্টে জুনিয়র ন্যাশনাল চ্যাম্পিয়নশিপ বা স্কুল গেমস ফেডারেশন অব ইন্ডিয়া পরিচালিত ন্যাশনাল স্কুল টুর্নামেন্টে রাজ্যের প্রতিনিধিত্ব করে থাকতে হবে।

□ *পশ্চিমবঙ্গ সোসাইটি ফর স্কিল ডেভেলপমেন্টে প্রোজেক্ট অ্যাসিস্ট্যান্ট-কাম-ডেটা এন্ট্রি অপারেটর পদে দরখাস্ত করতে চাই। এ ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে? প্রার্থী বাছাই করা হবে কোন প্রক্রিয়া? দরখাস্ত গ্রহণের শেষ তারিখ কবে? —দীপেন্দু ধর, হরিপাল, হুগলি।*

□□ পশ্চিমবঙ্গ সোসাইটি ফর স্কিল ডেভেলপমেন্টে প্রোজেক্ট অ্যাসিস্ট্যান্ট-কাম-ডেটা এন্ট্রি অপারেটর পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: কম্পিউটার অ্যাপ্লিকেশনে স্নাতক ডিগ্রি। সেই সঙ্গে প্রতি মিনিটে অন্তত ৩০টি শব্দ টাইপ করার দক্ষতা থাকা চাই। মাইক্রোসফট অফিস, ওয়ার্ড, পাওয়ার পয়েন্ট ও এক্সেলের ব্যবহার জানতে হবে। সাবলীলভাবে বাংলা ও ইংরেজি ভাষায় লিখতে ও বলতে পারা চাই। প্রার্থী বাছাই করা হবে ৫০ নম্বরের লিখিত পরীক্ষা, প্র্যাকটিক্যাল পরীক্ষা এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। পরীক্ষায় মাল্টিপল চয়েস ধরনের প্রশ্ন হবে। ৩০ অক্টোবরের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই তিন ওয়েবসাইটের যে-কোনও একটির মাধ্যমে: https://pbssd.webscte.co.in, www.wbtetsd.gov.in, www.pbssd.gov.in

| |
|---|
| নাম : ............ |
| ঠিকানা : ............ |
| ............ |
| ............ |
| আপনি কি 'পেশাপ্রবেশ' পড়েন? হ্যাঁ/না |

## চাই সুবিচার

**আপনি কি চাকরির পরীক্ষা দিচ্ছেন? কোনও পেশাদারি কোর্স করছেন? নিজের উদ্যোগে ছোটখাটো কোনও ব্যবসা করছেন? কোনও অবিচারের সম্মুখীন হলে বা দুর্ভোগের শিকার হলে এই বিভাগে চিঠি লিখুন। উপযুক্ত তথ্য-প্রমাণ সহ সংক্ষেপে লিখবেন। আপনার চিঠি প্রকাশ করা হবে 'চাই সুবিচার' বিভাগে। চিঠিতে নিজের পুরো নাম-ঠিকানা লিখতে ভুলবেন না। চিঠি পাঠাবেন এই ঠিকানায়: চাই সুবিচার, 'কর্মক্ষেত্র', ২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-৭০০০১৯ ই-মেল পাঠাতে পারেন এই ঠিকানায়: karmakshetra@swarnakshar.in পাঠাতে পারেন ফেসবুকেও। এই ঠিকানায়: www.facebook.com/karmakshetra**

## অভিজ্ঞ প্যারাটিচারদের স্থায়ী পদে অবিলম্বে নিয়োগ করা হোক

আমি একজন প্যারাটিচার। গত ১২ বছর ধরে আমি এই পেশার সঙ্গে যুক্ত। কিন্তু এত দিন ধরে নিষ্ঠার সঙ্গে শিক্ষকতা করেও কোনও পেশাগত নিশ্চয়তা আজ অবধি পেলাম না। আমাদের দেশে এ যাবৎ যতগুলি শিক্ষামূলক কর্মসূচি গৃহীত হয়েছে, তার মধ্যে অন্যতম সফল কর্মসূচি হল 'সর্বশিক্ষা অভিযান'। ২০০১ সালে শুরু হওয়া এই কর্মসূচির আওতায় পশ্চিমবঙ্গে ২০০৪ থেকে ২০০৬ সালের মধ্যে প্রায় ৫৫ হাজার প্যারাটিচার নিয়োগ করা হয়। ২০১১ সালে মমতা বন্দ্যোপাধ্যায় মুখ্যমন্ত্রী হওয়ার পর বাংলা ও ইংরিজি ছাড়াও তিনি হিন্দি, উর্দু, অলচিকি, নেপালি, গুরমুখী ও ওড়িয়া ভাষাকেও রাজ্যের সরকারি ভাষার স্বীকৃতি দেন। ফলে এইসব ভাষাতেও বেশ কিছু প্যারাটিচার নিয়োগ হওয়ায় বর্তমানে প্যারাটিচারের সংখ্যা আরও বেড়েছে। পরবর্তীকালে রাজ্য সরকার ৩৮ হাজার আসনে ডি এল এড (ডিপ্লোমা ইন এলিমেন্টারি এডুকেশন) ট্রেনিংয়ের ব্যবস্থা করেছে। ট্রেনিংয়ের জন্য প্রশিক্ষণহীন প্যারাটিচারদেরও আহ্বান জানানো হয়। এই উদ্যোগ প্রশংসার যোগ্য। কিন্তু আমার প্রশ্ন, যে সমস্ত প্যারাটিচার হাইস্কুলগুলিতে দীর্ঘদিন ধরে কর্মরত এবং যাঁরা পূর্বেই বি এড ট্রেনিং নিয়েছেন, রাজ্য সরকার তাঁদের কথা কবে ভাববেন? বি এডের প্রশিক্ষণ থাকা সত্ত্বেও তাঁরা অতিরিক্ত কোনও আর্থিক সুবিধা পান না। এমনকী বর্তমানে সরকারি স্কুলে সহকারী শিক্ষক-শিক্ষিকা নিয়োগের জন্য স্কুল সার্ভিস কমিশনের একাদশ-দ্বাদশ এবং নবম-দশম শ্রেণিস্তরের পরীক্ষাতেও প্যারাটিচাররা সংরক্ষণ পান না। অথচ যে সমস্ত স্কুলের প্যারাটিচাররা এম এ, বি এড পাশ, তাঁদের প্রত্যেককেই বাধ্যতামূলকভাবে একাদশ-দ্বাদশ শ্রেণির ক্লাসে পড়াতে হয়। এমন বহু স্কুল রয়েছে, যেখানে উচ্চমাধ্যমিক বিভাগটি প্যারাটিচারদের দাক্ষিণ্যেই চালু আছে। ১০ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকলে যদি একজন সহকারী শিক্ষক প্রধানশিক্ষক হতে পারেন, তবে একই ধরনের অভিজ্ঞতা নিয়ে একজন প্যারাটিচার কেন সহকারী শিক্ষকের পদে উন্নীত হবেন না? মাননীয়া মুখ্যমন্ত্রীর কাছে আমার একান্ত অনুরোধ, যে সমস্ত প্যারাটিচারের এন সি টি ই-র যোগ্যতামান অনুসারে, ৫০ শতাংশ নম্বর-সহ সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ও বি এড ডিগ্রি এবং ১০ বছর বা ততোধিক সময় ধরে শিক্ষকতার অভিজ্ঞতা আছে, তাঁদেরকে স্থায়ী ভাবে সহকারী শিক্ষক-শিক্ষিকা হিসেবে অবিলম্বে নিয়োগ করা হোক।

**নাম প্রকাশে অনিচ্ছুক, হাওড়া।**

**যে সমস্ত প্যারাটিচার হাইস্কুলগুলিতে দীর্ঘদিন ধরে কর্মরত এবং যাঁরা পূর্বেই বি এড ট্রেনিং নিয়েছেন, রাজ্য সরকার তাঁদের কথা কবে ভাববেন? বি এডের প্রশিক্ষণ থাকা সত্ত্বেও তাঁরা অতিরিক্ত কোনও আর্থিক সুবিধা পান না। এমন কী বর্তমানে সরকারি স্কুলে সহকারী শিক্ষক-শিক্ষিকা নিয়োগের জন্য স্কুল সার্ভিস কমিশনের একাদশ-দ্বাদশ এবং নবম-দশম শ্রেণিস্তরের পরীক্ষাতেও প্যারাটিচাররা সংরক্ষণ পান না।**

www.banglajobguide.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# পূর্ব রেলে ১৪৭২ ট্রেড অ্যাপ্রেন্টিস

*প্রথম পাতার পর*

তফসিলি উপজাতি ১, ও বি সি ২)। মেশিনিস্ট: ৯টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ২)। কার্পেন্টার: ৯টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ২)। পেইন্টার: ৯টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ২)। লাইনম্যান (জেনারেল): ৯টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ২)। ওয়্যারম্যান: ৯টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ২)। রেফ্রিজারেশন অ্যান্ড এয়ারকন্ডিশনিং মেকানিক: ৮টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ২)। ইলেক্ট্রিশিয়ান: ২২০টি (সাধারণ ১১১, তফসিলি জাতি ৩৩, তফসিলি উপজাতি ১৭, ও বি সি ৫৯)। এর মধ্যে ৭টি আসন প্রাক্তন সমরকর্মী এবং ১০টি আসন দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। মেকানিক মেশিন টুল মেইন্টেন্যান্স: ৯টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ২)।

**শিয়ালদা ডিভিশন:** ফিটার: ১৮৫টি (সাধারণ ৯৩, তফসিলি জাতি ২৮, তফসিলি উপজাতি ১৪, ও বি সি ৫০)। এর মধ্যে ৬টি আসন প্রাক্তন সমরকর্মী এবং ৭টি আসন দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। ওয়েল্ডার: ৬০টি (সাধারণ ৩০, তফসিলি জাতি ৯, তফসিলি উপজাতি ৫, ও বি সি ১৬)। এর মধ্যে ২টি করে আসন প্রাক্তন সমরকর্মী এবং দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। লাইনম্যান: ৪০টি (সাধারণ ২০, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১১)। এর মধ্যে ১টি আসন প্রাক্তন সমরকর্মী এবং ২টি আসন দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। ওয়্যারম্যান: ৪০টি (সাধারণ ২০, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১১)। এর মধ্যে ১টি আসন প্রাক্তন সমরকর্মী এবং ২টি আসন দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। রেফ্রিজারেশন অ্যান্ড এয়ারকন্ডিশনিং মেকানিক: ৩৫টি (সাধারণ ১৮, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ৩, ও বি সি ৯)। এর মধ্যে ১টি করে আসন প্রাক্তন সমরকর্মী এবং দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। ইলেক্ট্রিশিয়ান: ৯১টি (সাধারণ ৪৫, তফসিলি জাতি ১৪, তফসিলি উপজাতি ৭, ও বি সি ২৫)। এর মধ্যে ৩টি আসন প্রাক্তন সমরকর্মী এবং ৪টি আসন দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। ইলেক্ট্রনিক্স মেকানিক: ৭৫টি (সাধারণ ৩৮, তফসিলি জাতি ১১, তফসিলি উপজাতি ৬, ও বি সি ২০)। এর মধ্যে ২টি আসন প্রাক্তন সমরকর্মী এবং ৩টি আসন দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে।

**আসানসোল ডিভিশন:** ফিটার: ১৫১টি (সাধারণ ৭৬, তফসিলি জাতি ২৩, তফসিলি উপজাতি ১১, ও বি সি ৪১)। এর মধ্যে ৫টি আসন প্রাক্তন সমরকর্মী এবং ৬টি দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। ইলেক্ট্রিশিয়ান: ১১০টি (সাধারণ ৫৫, তফসিলি জাতি ১৭, তফসিলি উপজাতি ৮, ও বি সি ৩০)। এর মধ্যে ৩টি আসন প্রাক্তন সমরকর্মী এবং ৪টি আসন দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক): ৯৬টি (সাধারণ ৪৯, তফসিলি জাতি ১৪, তফসিলি উপজাতি ৭, ও বি সি ২৬)। এর মধ্যে ৩টি আসন প্রাক্তন সমরকর্মী এবং ৪টি আসন দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। মেকানিক (ডিজেল): ৪১টি (সাধারণ ২১, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১১)। এর মধ্যে ১টি আসন প্রাক্তন সমরকর্মী এবং ২টি আসন দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। টার্নার: ১৪টি (সাধারণ ৭, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪)। এর মধ্যে ১টি আসন দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে।

**মালদা ডিভিশন:** ফিটার: ১০৯টি (সাধারণ ৫৬, তফসিলি জাতি ১৬, তফসিলি উপজাতি ৮, ও বি সি ২৯)। এর মধ্যে ৩টি আসন প্রাক্তন সমরকর্মী এবং ৪টি আসন দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। ইলেক্ট্রিশিয়ান: ৬৭টি (সাধারণ ৩৪, তফসিলি জাতি ১০, তফসিলি উপজাতি ৫, ও বি সি ১৮)। এর মধ্যে ২টি আসন প্রাক্তন সমরকর্মী এবং ৩টি আসন দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। রেফ্রিজারেশন অ্যান্ড এসি মেকানিক: ১৮টি (সাধারণ ৯, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ৫)। এর মধ্যে ১টি করে আসন প্রাক্তন সমরকর্মী এবং দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। মেকানিক (ডিজেল): ১টি (সাধারণ)। ওয়েল্ডার: ৪টি (সাধারণ ৩, ও বি সি ১)। পেইন্টার: ২টি (সাধারণ)। কার্পেন্টার: ৩টি (সাধারণ)।

**কাঁচরাপাড়া ওয়ার্কশপ:** ফিটার: : ৬৬টি (সাধারণ ৩৩, তফসিলি জাতি ১০, তফসিলি উপজাতি ৫, ও বি সি ১৮)। এর মধ্যে ২টি আসন প্রাক্তন সমরকর্মী এবং ১টি আসন দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। ওয়েল্ডার: ৩৯টি (সাধারণ ১৯, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১১)। এর মধ্যে ১টি আসন প্রাক্তন সমরকর্মী এবং ২টি আসন দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। মেশিনিস্ট: ৬টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, ও বি সি ২)। কার্পেন্টার: ৯টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ২)। এর মধ্যে ১টি আসন প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। পেইন্টার: ১০টি (সাধারণ ৪, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)। ওয়্যারম্যান: ৩টি (সাধারণ ২, ও বি সি ১)। ইলেক্ট্রিশিয়ান: ৭৩টি (সাধারণ ৩৭, তফসিলি জাতি ১১, তফসিলি উপজাতি ৫, ও বি সি ২০)। এর মধ্যে ২টি আসন প্রাক্তন সমরকর্মী এবং ৫টি আসন দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে।

**লিলুয়া ওয়ার্কশপ:** ফিটার: ৮০টি (সাধারণ ৪০, তফসিলি জাতি ১২, তফসিলি উপজাতি ৬, ও বি সি ২২)। এর মধ্যে ৩টি আসন দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক): ৫০টি (সাধারণ ২৪, তফসিলি জাতি ৮, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১৪)। এর মধ্যে ২টি আসন দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। মেশিনিস্ট: ২৩টি (সাধারণ ১২, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৬)। এর মধ্যে ১টি আসন দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। টার্নার: ১১টি (সাধারণ ৫, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)। পেইন্টার জেনারেল: ৫টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, ও বি সি ১)। ওয়্যারম্যান: ১৫টি (সাধারণ ৮, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪)। ইলেক্ট্রিশিয়ান: ১৫টি (সাধারণ ৮, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪)। রেফ্রিজারেশন অ্যান্ড এয়ারকন্ডিশনিং: ৫টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, ও বি সি ১)। মোট আসনের মধ্যে ৬টি প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে।

**জামালপুর ওয়ার্কশপ:** ফিটার: ২৬০টি (সাধারণ ১৩১, তফসিলি জাতি ৩৯, তফসিলি উপজাতি ২০, ও বি সি ৭০)। এর মধ্যে ৮টি আসন প্রাক্তন সমরকর্মী এবং ১০টি আসন দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক): ২২০টি (সাধারণ ১১১, তফসিলি জাতি ৩৩, তফসিলি উপজাতি ১৭, ও বি সি ৫৯)। এর মধ্যে ৬টি আসন প্রাক্তন সমরকর্মী এবং ৯টি আসন দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। মেশিনিস্ট: ৯৬টি (সাধারণ ৪৯, তফসিলি জাতি ১৪, তফসিলি উপজাতি ৭, ও বি সি ২৬)। এর মধ্যে ৩টি আসন প্রাক্তন সমরকর্মী এবং ৪টি আসন দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। ইলেক্ট্রিশিয়ান: ৫০টি (সাধারণ ২৪, তফসিলি জাতি ৮, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১৪)। এর মধ্যে ২টি করে আসন প্রাক্তন সমরকর্মী এবং দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। ডিজেল মেকানিক: ৭০টি (সাধারণ ৩৫, তফসিলি জাতি ১১, তফসিলি উপজাতি ৫, ও বি সি ১৯)। এর মধ্যে ২টি আসন প্রাক্তন সমরকর্মী এবং ৩টি আসন দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.rrcer.com আবেদনপত্র পূরণ করবেন যথাযথভাবে। মনে রাখবেন, আবেদনের সময় প্রার্থীর জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে স্ক্যান করা রঙিন ফটো এবং সই আপলোড করতে হবে। ৩ মাসের পুরনো ফটো চলবে না।

ফি বাবদ দিতে হবে ১০০ টাকা। মহিলা, তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের কোনও ফি লাগবে না। ফি দিতে হবে অনলাইনে ডেবিট বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। ফি দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখতে পারেন এই ওয়েবসাইট: www.er.indianrailways.gov.in প্রয়োজনে ই-মেল করতে পারেন এই ঠিকানায়: helpline.rrcer@gmail.com

# দক্ষিণ-পূর্ব রেলে ১৭৮৫ অ্যাপ্রেন্টিসশিপ

*তিনের পাতার পর*

তফসিলি উপজাতি ১, ও বি সি ৪)। **ইলেক্ট্রিশিয়ান:** ১৫টি (সাধারণ ৮, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪)। **মেশিনিস্ট:** ১০টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)। **ওয়েল্ডার (জি অ্যান্ড ই):** ১০টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)। মোট আসনের মধ্যে ১টি করে আসন দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত।

**ডিজেল লোকো শেড/বন্ডামুন্ডা: ফিটার:** ৩২টি (সাধারণ ১৬, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ও বি সি ৯)। **ইলেক্ট্রিশিয়ান:** ১৬টি (সাধারণ ৯, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪)। **ওয়েল্ডার (জি অ্যান্ড ই):** ১টি (সাধারণ)। **মেকানিক (ডিজেল):** ১টি (সাধারণ)। **পেইন্টার (জি):** ১টি (সাধারণ)। **কার্পেন্টার:** ১টি (সাধারণ)। মোট আসনের মধ্যে ২টি করে আসন দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত।

**সিনিয়র ডি ই ই (জি)/আদ্রা: ইলেক্ট্রিশিয়ান:** ১২টি (সাধারণ ৬, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)। **মেকানিক (ডিজেল):** ২টি (সাধারণ ১, ও বি সি ১)। **ওয়্যারম্যান:** ৪টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ও বি সি ১)। **ওয়াইন্ডার (আর্মেচার):** ৪টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ও বি সি ১)। **রেফ্রিজারেটর অ্যান্ড এসি মেকানিক:** ৫টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, ও বি সি ১)। **লাইনম্যান:** ৩টি (সাধারণ ২, ও বি সি ১)। মোট আসনের মধ্যে ১টি করে আসন দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত।

**ক্যারেজ অ্যান্ড ওয়াগন ডিপো/আদ্রা: ফিটার:** ৪০টি (সাধারণ ২০, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১১)। **ওয়েল্ডার (জি অ্যান্ড ই):** ২০টি (সাধারণ ১০, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৫)। **পেইন্টার:** ২টি (সাধারণ ১, ও বি সি ১)। **কার্পেন্টার:** ২টি (সাধারণ ১, ও বি সি ১)। **মেশিনিস্ট:** ১টি (সাধারণ)। মোট আসনের মধ্যে ২টি করে আসন দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত।

**ডিজেল লোকো শেড/বোকারো স্টিল সিটি: ফিটার:** ৫টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, ও বি সি ১)। **ইলেক্ট্রিশিয়ান:** ৬টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, ও বি সি ২)। **ওয়েল্ডার (জি অ্যান্ড ই):** ১০টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)। **মেকানিক (ডিজেল):** ১২টি (সাধারণ ৬, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)। মোট আসনের মধ্যে ১টি করে আসন দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত।

**টি আর ডি ডিপো/ইলেক্ট্রিক্যাল/আদ্রা: ইলেক্ট্রিশিয়ান:** ২০টি (সাধারণ ১০, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৫)। **ফিটার:** ১০টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)। মোট আসনের মধ্যে ১টি করে আসন দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত।

**ইলেক্ট্রিক লোকো শেড/বোকারো স্টিল সিটি: ফিটার:** ১০টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)। **ইলেক্ট্রিশিয়ান:** ৯টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)। **ওয়েল্ডার (জি অ্যান্ড ই):** ৮টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ২)। **মেশিনিস্ট:** ৪টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ও বি সি ১)। মোট আসনের মধ্যে ১টি করে আসন দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত।

**ফ্ল্যাশ বাট ওয়েল্ডিং প্ল্যান্ট/ঝাড়সুগুড়া: ফিটার:** ৫টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, ও বি সি ১)। **পেইন্টার (জি):** ২টি (সাধারণ ১, ও বি সি ১)। **ওয়েল্ডার (জি অ্যান্ড ই):** ৫টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, ও বি সি ১)। **ইলেক্ট্রিশিয়ান:** ২টি (সাধারণ ১, ও বি সি ১)। **টার্নার:** ৬টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, ও বি সি ২)। **মেকানিক মেশিন টুল মেইন্টেন্যান্স:** ৫টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, ও বি সি ১)। মোট আসনের মধ্যে ১টি করে আসন দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত।

**এস এস ই (ওয়ার্কস)/ইঞ্জিনিয়ারিং/আদ্রা: কার্পেন্টার:** ১২টি (সাধারণ ৬, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)। **পেইন্টার:** ১২টি (সাধারণ ৬, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)। মোট আসনের মধ্যে ১টি করে আসন দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত।

**ক্যারেজ অ্যান্ড ওয়াগন ডিপো/রাঁচি: ফিটার:** ২০টি (সাধারণ ১০, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৫)। **ওয়েল্ডার (জি অ্যান্ড ই):** ১০টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)। মোট আসনের মধ্যে ১টি করে আসন দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত।

**সিনিয়র ডি ই ই (জি)/রাঁচি: ইলেক্ট্রিশিয়ান:** ১০টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)। **মেকানিক (ডিজেল):** ১টি (সাধারণ)। **ওয়্যারম্যান:** ৬টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, ও বি সি ২)। **ওয়াইন্ডার (আর্মেচার)** : ৬টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, ও বি সি ২)। **রেফ্রিজারেটর অ্যান্ড এসি মেকানিক:** ৫টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, ও বি সি ১)। **লাইনম্যান:** ২টি (সাধারণ ১, ও বি সি ১)। মোট আসনের মধ্যে ১টি করে আসন দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত।

**টি আর ডি ডিপো/ইলেক্ট্রিক্যাল/রাঁচি: ইলেক্ট্রিশিয়ান:** ৫টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, ও বি সি ১)। **ফিটার:** ৫টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, ও বি সি ১)।

**এস এস ই (ওয়ার্কস)/ইঞ্জিনিয়ারিং/রাঁচি: কার্পেন্টার:** ৫টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, ও বি সি ১)। **পেইন্টার:** ৫টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, ও বি সি ১)।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.ser.indianrailways.gov.in অনলাইন দরখাস্তের শেষ তারিখ ২২ নভেম্বর। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত পূরণের সময় জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে প্রার্থীর স্ক্যান করা রঙিন ফটো ও সই আপলোড করতে হবে।

ফি বাবদ দিতে হবে ১০০ টাকা। অনলাইন পদ্ধতিতে ডেবিট কার্ড বা ক্রেডিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিং বা ই-ওয়ালেটের মাধ্যমে ফি জমা দিতে হবে। মহিলা, তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ফি দিতে লাগবে না।

খুঁটিনাটি জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## কবে কোন পরীক্ষা

**পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশন দ্বারা পরিচালিত ওয়েস্ট বেঙ্গল ওয়ার্কস** অ্যাকাউন্ট্যান্ট রিক্রুটমেন্ট (প্রিলিমিনারি) এক্সামিনেশন, ২০১৮ পরীক্ষা ২৫ নভেম্বর দুপুর ১২টা থেকে ২টো পর্যন্ত। ১৭ নভেম্বর থেকে পরীক্ষার ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করা যাবে এই ওয়েবসাইট থেকে: www.pscwbapplication.in

# ইন্টেলিজেন্স ব্যুরোয় ১০৫৪ সিকিউরিটি অ্যাসিস্ট্যান্ট

*প্রথম পাতার পর*

(সাধারণ ১২, তফসিলি জাতি ২, ও বি সি ৭)। **দেরাদুন:** ৮টি (সাধারণ ৫, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১)। **দিল্লি:** ২২৮টি (সাধারণ ১১৪, তফসিলি জাতি ৪১, তফসিলি উপজাতি ১৮, ও বি সি ৫৫)। **জয়পুর:** ৪৮টি (সাধারণ ২৪, তফসিলি জাতি ১০, তফসিলি উপজাতি ৭, ও বি সি ৭)। **লখনৌ:** ১৯টি (সাধারণ ১৩, তফসিলি জাতি ৬)। **মিরাট:** ১২টি (সাধারণ ৭, তফসিলি জাতি ৫)। **পটনা:** ২৪টি (সাধারণ ১৯, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ১)। **রাঁচি:** ১৬টি (সাধারণ ৮, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ৬, ও বি সি ১)। **সিমলা:** ১৭টি (সাধারণ ৯, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)। **বারাণসী:** ৬টি (সাধারণ ৩, তফসিলি জাতি ৩)। দৈহিক প্রতিবন্ধীরা আবেদন করবেন না।

**শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক বা সমতুল। সেই সঙ্গে অবশ্যই যে রিজিয়নের শূন্যপদে দরখাস্ত করবেন, সেই অঞ্চলের স্থানীয় ভাষা অবশ্যই জানতে হবে। সংশ্লিষ্ট ক্ষেত্রে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার।

**বয়স:** ১০-১১-২০১৮ তারিখে ২৭ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩ বছরের ছাড় পাবেন।

**বেতনক্রম:** ৫,২০০-২০,২০০ টাকা। সঙ্গে গ্রেড পে ২,০০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে দু’পর্যায়ের লিখিত পরীক্ষা ও ইন্টারভিউয়ের মাধ্যমে। প্রথম পর্যায়ের পরীক্ষায় থাকবে জেনারেল অ্যাওয়ারনেস, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড, লজিক্যাল/অ্যানালিটিক্যাল এবিলিটি, ইংলিশ ল্যাঙ্গুয়েজ। মোট ১০০ নম্বরের পরীক্ষা। সময়সীমা ২ ঘণ্টা। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে। দ্বিতীয় পর্যায়ে থাকবে ৪০ নম্বরের অনুবাদ। স্থানীয় ভাষা থেকে ইংরেজিতে এবং ইংরেজি থেকে স্থানীয় ভাষায়। সময়সীমা ১ ঘণ্টা। সঙ্গে প্রার্থীর স্পোকেন এবিলিটি (১০ নম্বর) যাচাই করা হবে। তৃতীয় পর্যায়ে থাকবে ৫০ নম্বরের ইন্টারভিউ।

অনলাইন দরখাস্ত করতে হবে এই দু’টি ওয়েবসাইটের যে-কোনও একটির মাধ্যমে: www.mha.gov.in, www.ncs.gov.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ১০ নভেম্বর পর্যন্ত। মনে রাখবেন, দরখাস্ত পূরণের সময় প্রার্থীর স্ক্যান করা ফটো ও কালো কালির সই (৫০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে। অনলাইন দরখাস্ত যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করার পর রেজিস্ট্রেশন স্লিপের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে।

ফি বাবদ দিতে হবে ৫০ টাকা। মহিলা, তফসিলি ও প্রাক্তন সমরকর্মীদের কোনও ফি দিতে লাগবে না। অফলাইনে চালানের মাধ্যমে নগদে ফি জমা দেওয়া যাবে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার যে-কোনও শাখায়। অথবা অনলাইনে এ টি এম-কাম-ক্রেডিট কার্ড বা ডেবিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে ‘এস বি আই কালেক্ট’ প্রক্রিয়ায় ফি জমা দেওয়া যাবে।

খুঁটিনাটি জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

www.banglajobguide.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# কারেন্ট অ্যাফেয়ার্স

৩০ সেপ্টেম্বর-৮ অক্টোবর



“মোদীজি বলেছিলেন, প্রধানমন্ত্রী নন, চৌকিদার হতে চান। কিন্তু সেই কথা নিয়ে মানুষ এখন হাসাহাসি করছে। কারণ, উনি কাকে রক্ষা করতে চান, সেটা বলেননি। মানুষ এখন দেখছে, অনিল অম্বানীকে রক্ষা করা হচ্ছে। বিজয় মাল্য, নীরব মোদী, মেহুল চোক্সীদের সঙ্গে ভাইয়ের মতো সম্পর্ক রেখেছেন মোদীজি।”

রাহুল গান্ধী, *কংগ্রেস সভাপতি*

রাজস্থানের ধোলপুর জেলায় রাজনৈতিক প্রচারে গিয়ে

**৩০ সেপ্টেম্বর** ইন্দোনেশিয়ার সুলাবেসি দ্বীপে ভূকম্প ও সুনামিতে মৃতের সংখ্যা বেড়ে হল ৮৩৪। জাতীয় বিপর্যয় মোকাবিলা সংস্থার পক্ষ থেকে জানানো হয়েছে, ভূমিকম্পে গুঁড়িয়ে যাওয়া ঘরবাড়ির নীচে বহু মানুষ এখনও আটকে রয়েছেন। উদ্ধার অভিযানের প্রধান মহম্মদ সায়ুগি বলেছেন,'ধ্বংসস্তূপ সরাতে প্রয়োজন শক্তিশালী যন্ত্রের। খসে পড়া বড় বড় কংক্রিটের চাঁই সরাতে যন্ত্র লাগবে। এই বিশাল কাজ মানুষের পক্ষে সম্ভব নয়।'

## বিপুল অঙ্কের প্রতিরক্ষা চুক্তি রুশ-ভারতের



**৫ অক্টোবর:** মার্কিন আপত্তি অগ্রাহ্য করে রাশিয়ার কাছ থেকে এস-৪০০ ক্ষেপণাস্ত্র প্রতিরোধ ব্যবস্থা কেনার চুক্তিতে সই করল ভারত। দিল্লিতে ভ্লাদিমির পুতিন ও নরেন্দ্র মোদীর বৈঠকের ফাঁকে এই চুক্তি সই হল। ৫৪৩ কোটি ডলার বা প্রায় ৩৯ হাজার কোটি টাকার এই চুক্তির আগে ভারত ক্ষেপণাস্ত্র প্রতিরোধ ব্যবস্থায় এত বিশাল পরিমাণ অর্থ খরচ করেনি। এই ক্ষেপণাস্ত্র প্রতিরোধ ব্যবস্থা শত্রুরাষ্ট্রের যুদ্ধবিমান, অপহরণ করা বিমান, ক্ষেপণাস্ত্র বা ড্রোন ৬০০ কিলোমিটার দূর থেকে চিহ্নিত করতে পারে। পাল্টা আঘাত হানার জন্য ৪০০ কিলোমিটার পাল্লার ক্ষেপণাস্ত্র ছুড়তে পারে। একই সঙ্গে ৩০০টি লক্ষ্য চিহ্নিত করতে পারে। এক সঙ্গে ৩৬টি লক্ষ্যে আঘাত হানতে পারে। রাশিয়া ও আমেরিকা ছাড়া এত দূরপাল্লার ক্ষেপণাস্ত্র প্রতিরোধ ব্যবস্থা আর কোনও দেশের নেই। ছবি: পি টি আই

**২ অক্টোবর** দমদমে শক্তিশালী সকেট বোমা বিস্ফোরণে আট বছরের এক শিশুর মৃত্যু হল। সেই সঙ্গে অন্তত আটজন আহত হয়েছেন। দমদমের নাগেরবাজারে কাজিপাড়া মোড়ের কাছে একটি বহুতলের সামনে বিস্ফোরণটি ঘটে। পুলিশের ব্যাখ্যা, কেউ বোমাটি ছোড়েনি। সেটিকে রেখে যাওয়া হয়েছিল। সিআইডির বোমা বিশেষজ্ঞদের অনুমান, ঝুলন্ত অবস্থায় রাখা বোমাটি কোনওভাবে মাটিতে পড়ে গিয়ে বিস্ফোরণটি ঘটেছে।

**সিপিএম থেকে বহিষ্কৃত প্রাক্তন সাংসদ** অনিল বসু (৭২) প্রয়াত হলেন। ১৯৮৪ সালে তিনি প্রথমবার সাংসদ নির্বাচিত হন। তারপর থেকে টানা ৭ বার সাংসদ হন। ২০০৯ সালে তাঁর কেন্দ্র আরামবাগ আসনটি তফসিলি সংরক্ষিত হয়ে যাওয়ায় আর প্রার্থী হননি।

**মহাত্মা গান্ধীকে আমেরিকার সর্বোচ্চ** নাগরিক সম্মান 'কংগ্রেশনাল গোল্ড মেডেল' দেওয়ার সিদ্ধান্ত নিল 'হাউস অব রিপ্রেজেন্টেটিভস'। গান্ধীজিকে 'শান্তি এবং অহিংসার প্রবর্তক' হিসেবে এই সম্মান প্রদান করা হবে বলে হাউস সূত্রে জানানো হয়েছে।

**৩ অক্টোবর** ভারত সফরে এসে পরিবেশ রক্ষায় বিশেষ অবদানের জন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর হাতে 'চ্যাম্পিয়নস অব দ্য আর্থ' পুরস্কার তুলে দিলেন রাষ্ট্রপুঞ্জের মহাসচিব আন্তোনিয়ো গুতেরেজ। পরিবেশ রক্ষার বিষয়ে এটিই রাষ্ট্রপুঞ্জের সর্বোচ্চ পুরস্কার। এ বছর ফ্রান্সের রাষ্ট্রপতি ইমানুয়েল মাকরঁও এই পুরস্কার পেয়েছেন। পরিবেশের সঙ্গে ভারতীয় সংস্কৃতির মেলবন্ধনের কথা তুলে ধরে প্রধানমন্ত্রী বলেন, 'পরিবেশ রক্ষার বিষয়টি যতক্ষণ না পর্যন্ত আমাদের সংস্কৃতির সঙ্গে জুড়ছে, ততক্ষণ বিপর্যয়কে ঠেকানো মুশকিল।'

**প্রখ্যাত মার্কিন পদার্থবিজ্ঞানী লিয়ন** লেডারম্যান (৯৬) প্রয়াত হলেন। ১৯৯৩ সালে নিজের বইয়ে হিগস-বোসন কণার বর্ণনা দিয়ে তিনি লিখেছিলেন 'গডস পার্টিকল'। ১৯৮৮ সালে পেয়েছেন পদার্থ বিজ্ঞানে নোবেল পুরস্কার। 'মিউয়ন নিউট্রিনো' নামে একটি সাব-অ্যাটোমিক পার্টিকল আবিষ্কার করার জন্যই নোবেল পান তিনি। যদিও বয়সকালে চিকিৎসার খরচ যোগাতে সেই নোবেল পদক নিলামে তুলতে হয়েছিল লেডারম্যানকে।

**৪ অক্টোবর** ভারতের উপ-জাতীয় নিরাপত্তা উপদেষ্টা হিসেবে আর এন রবিকে নিয়োগ করা হল। তিনি নাগা জঙ্গিদের সঙ্গে আলোচনা প্রক্রিয়ায় সরকারের মধ্যস্থতাকারী হিসেবে কাজ করবেন। কেরল ক্যাডারের এই আইপিএস অফিসার গোয়েন্দা সংস্থা আই বি-র স্পেশ্যাল ডিরেক্টর ছিলেন।

**ভারত সফরে এলেন রাশিয়ার প্রেসিডেন্ট** ভ্লাদিমির পুতিন। দিল্লি পৌঁছে এ দিন রাতেই ৭ লোককল্যাণ মার্গে প্রধানমন্ত্রীর বাসভবনে গিয়ে নরেন্দ্র মোদীর সঙ্গে বৈঠক করলেন পুতিন। তাঁর এই সফরের অন্যতম গুরুত্বপূর্ণ দিক হল রুশ-ভারত প্রতিরক্ষা চুক্তি। যদিও পুতিনের দেশের সঙ্গে নয়াদিল্লির এই ধরনের সামরিক চুক্তি মার্কিন প্রশাসনকে অস্বস্তিতে ফেলেছে।

**আইসিআইসিআই ব্যাঙ্কের এমডি-** সিইওর পদ থেকে সরতে চেয়ে ইস্তফা দিলেন চন্দা কোছর। মেয়াদ ফুরোবার মাস ছয়েক আগেই ইস্তফা দিলেন ৫৭ বছর বয়সি চন্দা। ২০১২ সালে ভিডিয়োকনকে যে ঋণ মঞ্জুর করেছিল আইসিআইসিআই ব্যাঙ্ক, ২০১৮ সালে চন্দা তাতেই অভিযুক্ত হন স্বার্থের সংঘাত ও স্বজনপোষণের অভিযোগে। তবে আইসিআইসিআই ব্যাঙ্ক জানিয়েছে, ইস্তফা দিলেও চন্দার বিরুদ্ধে তদন্ত চলবে।

**৫ অক্টোবর** সাত রোহিঙ্গা শরণার্থীকে ভারত থেকে মায়ানমারে ফেরত পাঠানোর ঘটনায় রাষ্ট্রপুঞ্জের পক্ষ থেকে উদ্বেগ প্রকাশ করা হল। ৫ বছর আগে বাংলাদেশ হয়ে করিমগঞ্জ সীমান্ত দিয়ে ভারতে প্রবেশ করেছিলেন তাঁরা। এ দিন অসমের জেলে বন্দি ওই সাত জনকে মায়ানমারের হাতে তুলে দেয় ভারত। এ ভাবে তাদের ফেরত পাঠিয়ে ভারত আন্তর্জাতিক আইন লঙ্ঘন করেছে বলে অভিযোগ রাষ্ট্রপুঞ্জের।

**৬ অক্টোবর** পাঁচ রাজ্যে বিধানসভা ভোটের দিনক্ষণ ঘোষণা করল নির্বাচন কমিশন। এ দিন কমিশন জানিয়ে দিল, মধ্যপ্রদেশ, রাজস্থান, ছত্তীশগঢ়, তেলেঙ্গানা ও মিজোরামের বিধানসভা ভোট হচ্ছে দীপাবলির পরেই। ছত্তীশগঢ়ে ভোট ১২ ও ২০ নভেম্বর, মধ্যপ্রদেশ ও মিজোরামে ২৮ নভেম্বর, রাজস্থান ও তেলেঙ্গানায় ৭ ডিসেম্বর। ১১ ডিসেম্বর ভোট গণনা করা হবে।

**ভারত সফরে আসা ওয়েস্ট ইন্ডিজের** বিরুদ্ধে রাজকোটে প্রথম টেস্টে ইনিংস ও ২৭৫ রানের সহজ জয় পেল ভারত। প্রথমে ব্যাট করতে নেমে ভারত ৬৪৯ রানের বিরাট ইনিংসে খাড়া করে ইনিংস ডিক্লেয়ার করে দেয়। ওয়েস্ট ইন্ডিজতা তাদের দুই ইনিংসে ১৮১ ও ১৯৬ রান তুলতে সক্ষম হয়।

**৭ অক্টোবর** সৌদি সাংবাদিক তথা সমালোচক জামাল খাসোগি ইস্তানবুলের সৌদি কনস্যুলেটের মধ্যেই খুন হয়েছেন বলে দাবি তুলল তুরস্ক। খবরে প্রকাশ ২ অক্টোবর ইস্তানবুলে সৌদি আরবের দূতাবাসে গিয়েছিলেন খাসোগি। তারপর থেকেই আর খোঁজ মেলেনি ওয়াশিংটন পোস্টের এই সাংবাদিকের। তুরস্কের আধিকারিকরা দাবি তুলেছেন, দূতাবাসের মধ্যেই তাঁকে খুন করা হয়েছে। পাল্টা জবাবে সৌদি আরবের রাজকুমার মহম্মদ বিন সলমন বলেছেন, 'আমাদের লুকানোর কিছুই নেই। তুরস্ক প্রশাসন চাইলে দূতাবাসে তল্লাশি চালিয়ে দেখতে পারে।'

**যৌন হেনস্থার মতো অভিযোগ ওঠা** সত্ত্বেও মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের পছন্দের প্রার্থী ব্রেট ক্যাভানাই মার্কিন সুপ্রিম কোর্টের বিচারপতি হলেন। ক্যাভানার 'বিরুদ্ধে প্রতিবাদ জানিয়েও ডেমোক্র্যাটরা ভোটাভুটির পরে হেরে গেলেন। সেনেটে ৫০-৪৮ ভোটে হেরে গেলেন তাঁরা। ১৮৮১ সালের পরে এই প্রথম ভোটাভুটিতে এমন হাড্ডাহাড্ডি লড়াই হল সেনেটে।

**৮ অক্টোবর** বিশ্বভারতীর স্থায়ী উপাচার্য হিসেবে অধ্যাপক বিদ্যুৎ চক্রবর্তীকে নিয়োগ করল কেন্দ্র। দিল্লি বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞানের এই অধ্যাপকের নাম চূড়ান্ত করে মানবসম্পদ উন্নয়ন মন্ত্রকের তরফে অস্থায়ী উপাচার্য সবুজকলি সেনকে জানিয়ে দেওয়া হয়েছে। নানা অনিয়মের অভিযোগে ২০১৬-র ফেব্রুয়ারিতে তৎকালীন স্থায়ী উপাচার্য সুশান্ত চক্রবর্তীকে বরখাস্ত করে কেন্দ্র। তার পর থেকে অস্থায়ী উপাচার্যরাই বিশ্ববিদ্যালয়ের দায়িত্ব সামলাচ্ছেন।

## পদার্থবিদ্যায় নোবেল তিন বিজ্ঞানীর



*আর্থার অ্যাশকিন, জেরাড মৌরৌ এবং ডোনা স্ট্রিকল্যান্ড*

**২ অক্টোবর:** আমেরিকার আর্থার অ্যাশকিন, ফ্রান্সের জেরাড মৌরৌ এবং কানাডার ডোনা স্ট্রিকল্যান্ড এ বছর পদার্থবিদ্যায় নোবেল পুরস্কার পেলেন। ডোনা স্ট্রিকল্যান্ডের এই সম্মানের সঙ্গে সঙ্গে পঞ্চান্ন বছর পরে কোনও মহিলা পদার্থবিদ্যায় নোবেল পেলেন। এই তিন বিজ্ঞানীর গবেষণায় দেখানো পথ ধরে তৈরি লেজার যন্ত্র চোখের অস্ত্রোপচারকে অনেকটাই আধুনিক করে তুলেছে।

## রসায়নে নোবেল তিন বিজ্ঞানীর



*গ্রেগরি পি উইন্টার, জর্জ পি স্মিথ এবং ফ্রান্সেস এইচ আর্নল্ড*

**৩ অক্টোবর:** বিবর্তনবাদ নিয়ে গুরুত্বপূর্ণ গবেষণা করে রসায়নে নোবেল পেলেন ক্যালিফোর্নিয়া ইনস্টিটিউট অব টেকনোলজির বিজ্ঞানী ফ্রান্সেস হ্যামিল্টন আর্নল্ড, কলম্বিয়ার মিসৌরি বিশ্ববিদ্যালয়ের জর্জ পি স্মিথ, কেমব্রিজের এমআরসি ল্যাবরেটরি অব মলিকিউলার বায়োলজির গ্রেগরি পি উইন্টার। পুরস্কার মূল্যের অর্ধেক পাবেন ফ্রান্সেস। বাকি অর্ধেক ভাগ হবে স্মিথ আর উইন্টারের মধ্যে। রসায়নে ফ্রান্সেসের আগে মাত্র চারজন মহিলা এই স্বীকৃতির শিখরে উঠেছেন। ১৯১১-তে প্রথম পেয়েছিলেন মেরি কুরি। ১৯৩৫ সালে নোবেল পান তাঁর মেয়ে ইরিন জুলিয়েট কুরি। ১৯৬৪-তে ডরোথি ক্রুফট হজকিন। ২০০৯-এ অ্যাডা ইয়োনথ।

## আইএমএফের মুখ্য অর্থনীতিবিদ গীতা



**১ অক্টোবর:** আন্তর্জাতিক অর্থ ভাণ্ডারের (আইএমএফ) মুখ্য অর্থনীতিবিদ হতে চলেছেন গীতা গোপীনাথ। আগামী ডিসেম্বরে অবসর নেবেন মরিস ওবস্টফেল্ড। ৪৬ বছর বয়সি গীতা তারপরই ওই পদেই যোগ দেবেন। আইএমএফ প্রধান ক্রিস্টিন ল্যাগার্দে এ দিন নতুন নিয়োগের কথা ঘোষণা করেন। রঘুরাম রাজনের পরে গীতাই হবেন ওই পদে দায়িত্ব নেওয়া প্রথম ব্যক্তি যাঁর জন্ম ভারতে। একই সঙ্গে গীতা হবেন আইএমএফের প্রথম মহিলা মুখ্য অর্থনীতিবিদও। হার্ভার্ড বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক গীতা ২০১৪ সালে ৪৫ বছরের কম বয়সি বিশ্বের ২৫ জন প্রথম সারির অর্থনীতিবিদ হিসেবেও আইএমএফের স্বীকৃতি পেয়েছেন। ছবি: পি টি আই

## চিকিৎসাবিজ্ঞানে নোবেল হঞ্জো ও অ্যালিসনের



*তাসুকু হঞ্জো এবং জেমস অ্যালিসন*

**১ অক্টোবর:** জাপানের কিয়োটো বিশ্ববিদ্যালয়ের চিকিৎসাবিজ্ঞানের গবেষক তাসুকু হঞ্জো (৭৬) এবং টেক্সাস বিশ্ববিদ্যালয়ের 'এমডি অ্যান্ডারসন ক্যানসার সেন্টার'-এর অধ্যাপক জেমস অ্যালিসন (৭০) এ বছর চিকিৎসাবিজ্ঞানে নোবেল পুরস্কার পেলেন। ক্যানসার চিকিৎসায় নতুন পথের সন্ধান দিয়ে এই সম্মান পেলেন তাঁরা। নোবেল কমিটি জানিয়েছে, অসুখ শরীরে বাসা বাঁধার সঙ্গে সঙ্গে শরীরের ইমিউনো সিস্টেমকে আক্রমণ করে ক্যানসার। এই আক্রমণ কী ভাবে আটকানো যায়, তারই সন্ধান দিয়েছেন এই বিজ্ঞানীরা। চিকিৎসাবিজ্ঞানের পরিভাষায় তাঁদের এই তত্ত্বের নাম, 'ইমিউনো চেকপয়েন্ট থিয়োরি'।

## শান্তির নোবেল পেলেন মুরাদ ও মুকওয়েগে



*নাদিয়া মুরাদ এবং ডেনিস মুকওয়েগে*

**৫ অক্টোবর:** এ বছর যুগ্মভাবে শান্তির নোবেল পেলেন ইরাকের তরুণী নাদিয়া মুরাদ ও কঙ্গোর শল্যচিকিৎসক ডেনিস মুকওয়েগে। আই এস জঙ্গিদের হাতে তিন মাস বন্দি থেকে নিজে যৌন নিগ্রহের শিকার ২৪ বছর বয়সি তরুণী নাদিয়া যৌন নিগ্রহের শিকার মহিলাদের অধিকার রক্ষায় কাজ করে চলেছেন। অন্যদিকে মুকওয়েগেও যৌন নিগ্রহের শিকার হওয়া মহিলাদের চিকিৎসার 'জন্য খ্যাত। ৬৩ বছর বয়সি মুকওয়েগেকে 'ধর্ষণ-ক্ষত মেরামতের সব থেকে দক্ষ ও অভিজ্ঞ চিকিৎসক' বলে গণ্য করা হয়। নাদিয়া নোবেল পাওয়ায় এই প্রথম এক ইরাকির নাম উঠল নোবেল তালিকায়। দ্বিতীয় সর্বকনিষ্ঠ নোবেল প্রাপকও তিনি। চার বছর আগে সর্বকনিষ্ঠ হিসেবে শান্তির নোবেল পেয়েছিলেন পাকিস্তানের মালালা ইউসফজাই।

www.banglajobguide.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# গড়ে তুলুন নিজেকে

স্নাতক বা স্নাতকোত্তর স্তরে পড়াশোনা শেষ করেই মনে হয় এবারে একটা চাকরি চাই। কেউ কেউ উচ্চমাধ্যমিক দিয়েই চাকরির জন্য খোঁজখবর শুরু করে। কিন্তু শুধু সিলেবাস ধরে পড়াশোনা করলেই চাকরির বাজারের জন্য সম্পূর্ণ উপযুক্ত হওয়া যায় না। দরকার আরও কিছু। আধুনিক কাজের জগৎ ঠিক কী চাইছে? কীভাবে নিজেই নিজেকে উপযুক্ত করে গড়ে তুলবেন আধুনিক এই কর্মজগতের জন্য? এই নিয়েই এই বিভাগ। বিভিন্ন নামী সরকারি-বেসরকারি সংস্থার ব্যস্ত পেশাদাররা জানাচ্ছেন তাঁদের নিজেদের গড়ে ওঠার কথা, পরামর্শ দিচ্ছেন কীভাবে আপনারাও নিজেদের গড়েপিটে নেবেন দ্রুত বদলাতে থাকা এই কর্মজগতের জন্য।

## হার্ডওয়ার্কের বদলে স্মার্টওয়ার্ক: উদ্ভাবনী দক্ষতা খুঁজছে সংস্থাগুলি



সুমন বন্দ্যোপাধ্যায়
জোনাল হেড-পূর্বাঞ্চল
বিড়লা হোয়াইট
আদিত্য বিড়লা গ্রুপ



ইন্টারভিউ নামক প্রবেশদ্বারটি পার হতে প্রয়োজন হয় বিশেষ ধরনের দক্ষতার। আমরা মোটামুটি তিনটি স্তরে এই দক্ষতাকে ভাগ করে নিয়ে দেখতে পারি— যথাক্রমে আচরণগত, মানসিক এবং প্রায়োগিক বা অপারেশনাল। এই সবক'টি মিলিয়েই যথাযথ ইন্টারভিউ স্কিল তৈরি হয়।

### আচরণগত দক্ষতা

ড্রেস কোড, গ্রুমিং, আচরণ ও ব্যবহার ইত্যাদি শারীরিক প্রস্তুতির মধ্যে পড়ে।

- একেক সংস্থায় একেক রকম পোশাকবিধি থাকে। সেই অনুযায়ী পোশাক পরাটাই হল সেই ইন্টারভিউয়ের উপযুক্ত পোশাক।
- সঙ্গে যদি বড় ব্যাগ থাকে, তাহলে ইন্টারভিউয়ারের সামনের চেয়ারে বসার সময় সেটিকে ডানদিকে মেঝেয় রাখতে হয়, যাতে সহজেই তার থেকে কাগজপত্র বের করা যায়।
- কভার ফাইল থাকলে তা কোলের উপর বা সামনের টেবিলে রাখা যায়।
- হাত বুকের উপর আড়াআড়ি ভাবে ভাঁজ করে রাখা ঠিক নয়। তাহলে নেতিবাচক মনোভাব প্রকাশ পায়। তার চেয়ে বরং কোলের উপর বা সামনে টেবিলের উপর হাত রাখুন।
- জুতোর আওয়াজ যাতে না হয়, সেদিকে খেয়াল রাখুন। এ বিষয়টা গুড ম্যানার্স-এর আওতায় পড়ে।

### মানসিক দক্ষতা

মানসিক দক্ষতার মূলে রয়েছে আত্মবিশ্বাস।

মনে মনে যা তুমি ভাবো, সেটাই কিন্তু বেশিরভাগ ক্ষেত্রে তোমার আচরণে ও ভাবভঙ্গিতে ফুটে ওঠে। সেটা মাথায় রাখতে হবে। ইন্টারভিউয়ের সময় খুব ভয় পেয়ে গেলে অনেকেরই কপালে ঘাম জমে, এমনকী কথা বলতে গিয়ে আটকে যায়। এমনটা হলে মুশকিল।

ভয় কাটাতে নিজেই নিজেকে অনুপ্রাণিত করতে হবে, ভাবতে হবে যথেষ্ট তৈরি হয়েছ। ভয় কাটানোর এবং মনে জোর আনার আর-একটি অব্যর্থ দাওয়াই হল ইন্টারভিউ দেওয়া। যে-কোনও ইন্টারভিউ দাও। খবরের কাগজে ওয়াক-ইন ইন্টারভিউয়ের বিজ্ঞাপন প্রায়ই দেখা যায়। দেখতে পেলেই চলে যাও। চাকরি করবে কী করবে না, সে তো পরের কথা। ভীতিটা কেটে যাবে।

এর পাশাপাশি নিজের পড়াশোনার বিষয়টা ঝালিয়ে নেওয়া, সেই সংক্রান্ত সাম্প্রতিকতম খবর ইন্টারনেট কিংবা পত্রপত্রিকা থেকে আত্মস্থ করা, প্রতিদিন খবরের কাগজ পড়ে সমসাময়িক বিষয় জানা— এগুলিও এক অর্থে মানসিক প্রস্তুতির অঙ্গ। সঠিক প্রস্তুতির অভাবেই আত্মবিশ্বাস কমে যায়।

### প্রায়োগিক দক্ষতা

অপারেশনাল প্রস্তুতির একটি উল্লেখযোগ্য অংশ হল সিভি তৈরি। সিভি তিন ধরনের।

**টেক্সট সিভি**— প্রচলিত সাদা-কালো প্রিন্ট আউট। এখন এই ধরনের সিভি একটু ব্যাকডেটেড হয়ে গিয়েছে।

**ভিশুয়াল সিভি**— এখন বেশি প্রচলিত ভিশুয়াল সিভি। ছবি দিয়ে, রং দিয়ে, ডায়াগ্রাম এঁকে তৈরি হয় এই ধরনের সিভি। জরুরি তথ্য আলাদা রঙে হাইলাইট করা যায়।

সিভির শুরুতে নিজের রঙিন ছবি দিতে পারো। পড়াশোনার পাশাপাশি কোনও কাজে, ইভেন্টে অংশ নিয়ে থাকলে তার ছবি দিতে পারো।

**ডি সি আর**— বিদেশি সংস্থায় ইন্টারভিউয়ের ক্ষেত্রে এখন খুব প্রচলিত পদ্ধতি ডিজিটাল কেরিয়ার রিপোর্ট বা ডি সি আর।

### অন্যরকম পরীক্ষা

ইন্টারভিউয়ের সময় কোন কথা বলবে, কোনটা বলা উচিত হবে না, বুঝতে হবে। বিষয়গত জ্ঞানই সব নয়। তুমি যে তার বাইরেও অনেক বিষয়ে খোঁজ রাখো, সেটা জানাতে হবে। নিজেকে সঠিকভাবে প্রকাশ করার এই দক্ষতা কথোপকথনের সময় হঠাৎ তৈরি হয় না। এর জন্য নিজেকে ঘষেমেজে তৈরি করতে হবে।

অনেক ইন্টারভিউয়ার আছেন যাঁরা মামুলি প্রশ্নোত্তর ছাড়াও আরও নানাভাবে প্রার্থীর পরীক্ষা নিয়ে থাকেন। যেমন, চোখ দেখে বলা যায় প্রার্থী সত্যি কথা বলছে, না মিথ্যে। তবে প্রচলিত আই-টু-আই কনট্যাক্ট থিয়োরি এখন একটু বদলে গিয়েছে। চোখের দিকে তাকিয়ে কথা বলা উচিত। কিন্তু তার মানে এই নয় যে, টানা ইন্টারভিউয়ারের চোখের দিকেই তাকিয়ে থাকলে। সেটা ইন্টার-ভিউয়ারের পক্ষেও অস্বস্তিকর। আবার চোখ নামিয়ে উত্তর দেওয়াও ঠিক নয়। একটু বাদে বাদে তাকানোটাই সহজ ব্যবহারের পর্যায়ে পড়ে।

হাতের লেখা দেখে চরিত্র বিশ্লেষণ করা যায়। একে বলা হয় গ্রাফোলজি। অনেক সময় প্রার্থীকে কিছু লিখতে দেওয়া হয়, সেখান থেকে তার চারিত্রিক বৈশিষ্ট্য বুঝতে চেষ্টা করেন ইন্টারভিউয়ার।

হার্ডওয়ার্কের থেকেও স্মার্টওয়ার্ক এখন বেশি কাম্য। ইন্টারভিউয়াররা প্রার্থীর মধ্যে উদ্ভাবনী চরিত্র-বৈশিষ্ট্য খোঁজেন। তাই ইন্টারভিউয়ে 'নিজের সম্পর্কে বলো', এই প্রশ্নটি নিজেকে তুলে ধরার সবচেয়ে বড় সুযোগ। নিজের এমন কোনও গুণ যদি থাকে যা তোমাকে অন্যদের থেকে আলাদা করবে, সেটা বলে ফেলার এটাই সুযোগ। নিজের নাম-ধাম বা সিভিতে দেওয়া তথ্যগুলো আবার বলার কোনও প্রয়োজন নেই।

## কর্মক্ষেত্র পড়ে চাকরি

## কাটোয়া মহকুমা আদালতে গ্রুপ 'ডি' পদে চাকরি করছি



আমি পূর্ব বর্ধমান জেলার কালনা-II ব্লকের অন্তর্গত বালিন্দর গ্রামের বাসিন্দা। বাবা পেশায় কৃষক। ছোটবেলা থেকেই পরিবারের আর্থিক সচ্ছলতা ছিল না। ২০১২ সালে ডিগ্রি কোর্স পাশ করার পর থেকেই সরকারি চাকুরির পরীক্ষার প্রস্তুতি নিতে শুরু করে দিই। প্রথম তিন বছর ব্যর্থতা ছিল আমার একমাত্র সঙ্গী। একের পর এক রাজ্য ও কেন্দ্রীয় সরকারি চাকুরির পরীক্ষায় অসফল হলেও কোনও সময়ের জন্য আশা, চেষ্টা ও নিজের প্রতি আস্থা হারাইনি। নিজের দুর্বল জায়গাগুলি খুঁজে বার করে নিয়মিত পরিকল্পনা-মাফিক প্রস্তুতির মধ্য দিয়ে সেগুলি নিজের আয়ত্তে নিয়ে আসার চেষ্টা করি। ২০১৪ সালের প্রাইমারি টেট পাশ করি কিন্তু ভাইভাতে বাদ যাই। এ ছাড়াও আপার প্রাইমারি টেট, ডব্লু বি এস এস সি (এল ডি এ/এল ডি সি)-২০১৫-র প্রিলিমিনারি, ডব্লু বি সি এস-২০১৭-র প্রিলিমিনারি পাশ করলেও কোনওটাতেই চূড়ান্ত সফল হতে পারিনি। ২০১৬ সাল নাগাদ বর্ধমান জেলা জজ কোর্টে কর্মী নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ পায়। অল্প কিছু আসন থাকা সত্ত্বেও নিজের প্রতি বিশ্বাস রেখে গ্রুপ 'ডি' পদে আবেদন করি। প্রস্তুতির জন্য নবম-দশম শ্রেণির পাঠ্যবইগুলি খুঁটিয়ে পড়ার পাশাপাশি সাম্প্রতিক ঘটনাবলির জন্য 'কর্মক্ষেত্র' ও 'পেশাপ্রবেশ' পড়তাম। ২০১৭-র প্রথমে বর্ধমান জেলা জজ কোর্টের পরীক্ষার ফল প্রকাশিত হয়। আমি এই পরীক্ষাতে সফল হয়ে পার্সোন্যালিটি টেস্টে ডাক পাই। পার্সোন্যালিটি টেস্ট-এর জন্য সাম্প্রতিক ঘটনাগুলি একটু পড়ে নেওয়ার পাশাপাশি বর্ধমান জেলার প্রশাসনিক, সাংস্কৃতিক ও ঐতিহাসিক বিষয়গুলি ভালো করে পড়েছিলাম। বোর্ডে তিনজন সদস্য ছিলেন। শুরুতেই তাঁরা আমার নাম, বাবার নাম ও পারিবারিক অবস্থা জানতে চান। এরপর উপস্থিত বুদ্ধি-সংক্রান্ত কিছু প্রশ্ন করেন। ২০১৭ সালের মাঝামাঝি চূড়ান্ত ফল প্রকাশিত হয় এবং আমার নাম চূড়ান্ত মেধা তালিকায় স্থান পায়। অবশেষে ২০১৭ সালের ১৫ ডিসেম্বর কাটোয়া মহকুমা আদালতে গ্রুপ 'ডি' পদে যোগদান করি।

*সুদীপ্ত ঘোষ*
*বালিন্দর, পূর্ব বর্ধমান।*

'কর্মক্ষেত্র' পড়ে চাকরি পেয়েছেন? আমাদের লিখে পাঠান আপনার চাকরি পাওয়ার সুখবর। লিখুন আপনার নিজেকে গড়ে তোলার অভিজ্ঞতা। বাছাই চিঠি 'কর্মক্ষেত্র'-য় প্রকাশিত হবে। 'কর্মক্ষেত্র'-র লক্ষ লক্ষ পাঠক-পাঠিকাদের নিজেদের তৈরি করে তোলার পথে পাথেয় হয়ে থাকুক সহপাঠীদের কাজ পাওয়ার সুখবরও। নিজের ছবি-সহ চিঠি লিখুন এই ঠিকানায়: 'চাকরি পেয়েছি', কর্মক্ষেত্র, কলকাতা-৭০০ ০১৯
যে সংস্থায় চাকরি করছেন, তার নাম, পদের নাম এবং নিজের নাম-ঠিকানা ও ফোন নম্বর লিখতে ভুলবেন না।

কর্মক্ষেত্র
বাঙালির কর্মজীবনের প্রবেশপথ

shine.

**Shine.com now brings you great jobs in partnership with KARMAKSHETRA**

**Companies Recruiting This Week**

PS AVIATION

Company: **PS AVIATION ACADEMY PVT.LTD**
Position Title: **Ground staff and Cabin crew**
Experience, Location: **Fresher, Kolkata, Delhi, Vizag**
Profile: Hiring Fresher Candidates for International and domestic Airlines. Qualification minimum 12th Passed Starting salary for cabin crew-30000 to 35000 pm. Ground staff- 15000 to 19000 pm. Age limit for cabin crew -18 to 26 Age limit for Ground staff -18 to 28 Male female both can apply. Contact no-93401 7926/ 9007421048 mail id -career@psaviation.in
To apply for this job, log on to www.shine.com and search using **9246724** as keyword.

Company: **Smart Call Center Solutions Pvt Ltd**
Position Title: **CCE / Sr. Customer Care Executive**
Experience, Location: **Fresher & Experienced, Kolkata**
Profile: Hiring Freshers & Experienced Candidates for Outbound BPO (Night shift). Candidate should possess GOOD English Communication Skills. 5 Days working. Fixed Salary (upto 20K) with attractive Incentives. Walk-in at 16A, Shakespeare Sarani, B.K Market, 6th Floor, Kol - 71 between 9 am to 6 pm with an updated resume & photograph. Call 9748939464 / 9748939491 / 9748939501 / 9748215952 or mail hr@sccpl.net
To apply for this job, log on to www.shine.com and search using **9346604** as keyword.

OAKNET HEALTHCARE PRIVATE LIMITED

Company: **OAKNET HEALTHCARE PRIVATE LIMITED**
Position Title: **Medical Representative**
Experience, Location: **0 - 5 Years, Kolkata**
Profile: Demonstrate high performance to achieve company goal. Create and enhance brand image. Regular visit to Customers and create product demand. Achieve territory business objective through planning of customer visit and product demand creation.5 Implementation of company strategies.
To apply for this job, log on to www.shine.com and search using **9245716** as keyword.

GLOBAL INDIA CONSULTANTS

Company: **GLOBAL INDIA CONSULTANTS**
Position Title: **HR Recruiter**
Experience, Location: **0-4 years, Kolkata**
Profile: Urgent opening for HR Recruiter with Fixed Salary, No Target. Job Profile: Recruitment for our clients. Fresher Welcome. Walk-In - Global India Consultants CA R.O Tower Phase-3 VIP Enclave Raghunathpur Kol-700059 (Opp to VIP Bazaar). Contact-Tikam Jain 9831160642 Mail to [illegible]@hotmail.com
To apply for this job, log on to www.shine.com

Modiline Travel Service Private Limited

Company: **Modiline Travel Service Private Limited**
Position Title: **Business Development Executive - B2B**
Experience, Location: **1- 5 Years, Kolkata**
Profile: Having Exposure of B2B Sales, Cooperate Sales, Direct Sales & Channel Sales. Generating Own leads by way of [illegible] activities in B2B Segment for Stationary Division. Submitting Daily call reports to Reporting Manager.Make sure the brand visibility across all the assigned projects.Coordinating with cross-functional teams to resolve the acquired customer issue, provide faster resolutions and driving CSAT (Customer Satisfaction Score).
To apply for this job, log on to www.shine.com and search using **9249056** as keyword.

Metro HR Consultancy

Company: **Metro HR Consultancy**
Position Title: **Admin Executive**
Experience, Location: **1 - 5 Years, Kolkata**
Profile: Vendor Management (Quotation Comparison, Work Order, Co-ordination with Distributors , Finance & Sales Dept. Marketing Team Reporting.4) Data Management & Analysis. Activity Wise MIS, Budget Tracking & Highlight, Maintain stock report of Promotional Item. Marketing activity Wise Activation Plan.Attending to calls.Admin Secretarial.Office Management, MS office, computer operator, data entry operator.clerk.
To apply for this job, log on to www.shine.com and search using **9256897** as keyword.

To apply log on to www.shine.com and search using the relevant Job ID as keyword.
For more jobs, log on to Shine.com now!
**To avail Shine.com Data Base Services, Call Atanu Ghosh @ 7980979203***
*Not for Candidates

shine.
Great careers start here

EKDN
A Complete Education Solution
Welcome to EKDN Family
EKDN's All Chanels ,Groups and other Services

## ENGLISH VERSION
http://t.me/EKDNGroup
http://t.me/SuccessGuide
http://t.me/EnglishGuide4All (English Special)
http://t.me/SuccessSummit (Eng+Bng)

## BENGALI VERSION
http://t.me/BanglaJobGuide
http://t.me/ScienceGuide (Science)
http://t.me/Geo_Guide (Geography)
http://t.me/EcoPolityGuide (Eco+Polity)
http://t.me/HistoryGuide (History)
http://t.me/BangoSongbad (Daily News in BNG)

## Study Material PDF Guide:
http://t.me/PDF4Study (English+Bengali)

## Descriptive Guide: (English+Bengali)
https://t.me/joinchat/CtdP00nEIvOloYNNBLQUaw

## Math+GI Guide:
https://t.me/joinchat/CtdP01G8L9VptJVMyduZog

## BENGALI MAGAZINE FOR POEM/STORY/DRAWING
http://t.me/NirobAalo

## Facebook Pages :
http://fb.com/ExamKaDarrNahi
http://fb.com/BanglaJobGuide
http://fb.com/NirobAalo

## WEBSITES :
www.ekdnguide.tk ( 9.06 Lakh+ View)
www.banglajobguide.tk (5.2 Lakh+ View)
www.enirobaalo.tk (4k+ View)

Thank You all for your support ,trust and love 😊

Created in Master PDF Editor

www.banglajobguide.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

পি এস সি-র মাধ্যমে রাজ্য সরকারের খাদ্য দপ্তরে

# সাব-ইনস্পেক্টর

## নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

1. 'মেডিক্যাল থার্মোমিটার' কে আবিষ্কার করেন?
(a) র‍্যালফ বিয়ার (b) এমিলি ড্যাভেনপোর্ট (c) টমাস অ্যালবার্ট (d) অ্যান্টনি ব্র্যাটনার
2. ভারতের সংবিধানের কত নম্বর ধারা অনুযায়ী রাজ্যের নাম ও তাদের সীমানা নির্ণয় করা হয়?
(a) 1 নম্বর (b) 4 নম্বর (c) 14 নম্বর (d) 16 নম্বর
3. নীচের কোনটি মাইক্রোসফটের একটি প্রেজেন্টেশন সফটওয়্যার?
(a) পাওয়ার পয়েন্ট (b) এক্সেল (c) অ্যাক্সেস (d) ওয়ার্ড
4. প্রোডিউসার গ্যাসের রাসায়নিক সংকেত হল:
(a) $CO + N_2$ (b) $CO_2 + N_2$ (c) $CO_2 + H_2$ (d) $C_2 + N_2$
5. একটি রাজনৈতিক দলকে জাতীয় দল হিসেবে স্বীকৃতি দেয়:
(a) সুপ্রিম কোর্ট (b) লোকসভা (c) নির্বাচন কমিশন (d) রাজ্যসভা
6. 'নোবেল শান্তি পুরস্কার' কোন শহর থেকে দেওয়া হয়?
(a) স্টকহোম (b) অসলো (c) রোম (d) ভিয়েনা
7. 'কনসেন্ট অফ এজ ল'-এর মূল বিষয় ছিল:
(a) বিবাহের বয়স নির্ধারণ (b) বাল্যবিবাহ নিষিদ্ধকরণ (c) বিধবাবিবাহ রদ (d) বিধবাদের পুনর্বিবাহ
8. 1925 সালের 'কাকোরি ষড়যন্ত্র মামলা'-তে অভিযুক্ত হয়েছিলেন:
(a) বিসমিল ও আসফাকউল্লা (b) রাসবিহারী ও বসন্তকুমার (c) রাজগুরু ও শুকদেব (d) ভগৎ সিং ও রাজগুরু
9. আলট্রা সোনোগ্রাফি (ইউ এস জি) আবিষ্কার করেন:
(a) ইলিশা ওটিকা (b) ইয়ান ডোনাল্ড (c) জোসেফ নিস (d) ব্লাইকা পাসকেল
10. রাষ্ট্রপুঞ্জের বর্তমান সদস্য দেশ কতগুলি?
(a) 200টি (b) 180টি (c) 193টি (d) 190টি
11. ধানসিঁড়ি নদীর উৎসস্থল হল:
(a) আনাসাগর (b) ব্রহ্মগিরি শৃঙ্গ (c) নাগা পাহাড় (d) ত্রিম্বক পর্বত
12. 'কদফিসিস' কোন বংশের রাজা ছিলেন?
(a) কুষাণ (b) দাস (c) হর্যঙ্ক (d) নন্দ
13. 'মেটাকারপাল' হাড়টি থাকে:
(a) কাঁধে (b) হাঁটুতে (c) হাতের তালুতে (d) হাতের কনুইয়ে
14. ব্যাডমিন্টন (ডাবলস) কোর্টের দৈর্ঘ্য ও প্রস্থ হল:
(a) 44 × 20 ফুট (b) 44 × 17 ফুট (c) 44 × 22 ফুট (d) 40 × 20 ফুট
15. গোল গম্বুজ কোথায় অবস্থিত?
(a) মহীশূর (b) কোনারক (c) বিজাপুর (d) চিতোরগড়
16. এক 'কুইনটিলিয়ন' অঙ্কে 1-এর পর কতগুলি শূন্য থাকে?
(a) 25টি (b) 30টি (c) 10টি (d) 20টি
17. কালাজ্বরের বাহক হল:
(a) র‍্যাট ফ্লি (b) স্যান্ড ফ্লাই (c) এডিস মশা (d) লাইস
18. জমির কোণ মাপার যন্ত্রের নাম হল:
(a) থিওডোলাইট (b) পাইরোমিটার (c) ফ্যাদোমিটার (d) গ্যালভানোমিটার
19. সেন্ট্রাল মাশরুম রিসার্চ ইনস্টিটিউট কোথায় অবস্থিত?
(a) সোলান (b) পাটনা (c) বিকানির (d) কটক
20. 'স্ম্যাস' কথাটি কোন কোন খেলার সঙ্গে যুক্ত?
(a) ব্যাডমিন্টন ও টেনিস (b) ফুটবল ও ভলিবল (c) ক্রিকেট ও হকি (d) বাস্কেটবল ও হ্যান্ডবল
21. সুপ্রিম কোর্টের বর্তমান প্রধান বিচারপতি কে?
(a) কুরিয়ান জোসেফ (b) রঞ্জন গগৈ (c) এস এইচ কাপাডিয়া (d) ইন্দু মালহোত্রা
22. '36 চৌরঙ্গি লেন' সিনেমাটির পরিচালক কে?
(a) অপর্ণা সেন (b) বুদ্ধদেব দাশগুপ্ত (c) গৌতম ঘোষ (d) মৃণাল সেন
23. 'ইন্টার কন্টিনেন্টাল কাপ' ফুটবল প্রতিযোগিতায় ভারত কোন দেশকে হারিয়ে চ্যাম্পিয়ন হয়?
(a) বাংলাদেশ (b) কানাডা (c) পাকিস্তান (d) হংকং
24. পেঁয়াজের যে অংশটি খাওয়া হয়, তা হল:
(a) বীজ (b) মূল (c) কাণ্ড (d) পাতা
25. 'মিল্ক অব ম্যাগনেসিয়া'-কে আমরা কী নামে জানি?
(a) গ্লুকোজ (b) অ্যাসপিরিন (c) অ্যান্টাসিড (d) লিপিড
26. 'ব্যাপিকা বিদায়' বইটির লেখক হলেন:
(a) সমরেশ বসু (b) রাজশেখর বসু (c) অমৃতলাল বসু (d) বিষ্ণু দে
27. বঙ্গোপসাগরের অন্তর্ভুক্ত ক'টি দ্বীপ আছে?
(a) 222টি (b) 204টি (c) 202টি (d) 200টি
28. 'বিশ্ব অঙ্গদান দিবস' উদযাপিত হয়:
(a) 20 অগস্ট (b) 13 অগস্ট (c) 21 অগস্ট (d) 22 অগস্ট
29. 'ভাওয়াল ন্যাশনাল পার্ক' কোথায় অবস্থিত?
(a) গাজিপুর, ঢাকা (b) কাজিরাঙা, অসম (c) রাজবাড়ি, ত্রিপুরা (d) বক্সা, পশ্চিমবঙ্গ
30. কৃত্রিম বৃষ্টির জন্য প্রয়োগ হয়:
(a) সালফার আয়োডাইড (b) সিলভার আয়োডাইড (c) নাইট্রাস অক্সাইড (d) ক্লোরো অ্যাসিটোফিন
31. সংগীতে প্রথম কোন মহিলা 'ভারতরত্ন' সম্মান পান?
(a) এম এস শুভালক্ষ্মী (b) লতা মঙ্গেশকর (c) গিরিজা দেবী (d) বেগম আখতার
32. নাক থেকে রক্তক্ষরণকে বলা হয়:
(a) হেমাটোমা (b) এপিসটেক্সিস (c) হিমোটিসিস (d) হিমোঅপথ্যালমিয়া
33. 'স্কুল চলে হাম অভিযান-2018' কোন রাজ্য সরকার চালু করল?
(a) মধ্যপ্রদেশ (b) উত্তরপ্রদেশ (c) গুজরাট (d) রাজস্থান
34. 'ফায়ার টেম্পল'– কোন ধর্মের প্রার্থনার স্থান?
(a) শিখ (b) পারসি (c) জৈন (d) বৌদ্ধ
35. এরোপ্লেন থেকে রামধনু কেমন দেখতে হবে?
(a) সম্পূর্ণ গোলাকার (b) অর্ধ গোলাকার (c) আয়তাকার (d) লম্বাকার
36. স্বীকৃত মাপ অনুযায়ী 'C' সিরিজের কাগজ ব্যবহার হয়:
(a) পোস্টারের জন্য (b) খামের জন্য (c) বইয়ের জন্য (d) ম্যাগাজিনের জন্য
37. দক্ষিণ কোরিয়ার প্রেসিডেন্ট হলেন:
(a) আন চেওল সু (b) মুন জে ইন (c) কিম জং উন (d) হোং জুন পিও
38. 'EDI'-এর পুরো কথা হল:
(a) Electronic Data Interchange (b) Electronic Data Information (c) Electronic Data Interlink (d) Electronic Data Institution
39. 'SECMOL' প্রতিষ্ঠা করেন:
(a) গোপালকৃষ্ণ গান্ধী (b) সোনম ওয়াংচুক (c) ভরত ভাতানি (d) ডঃ কুশলা রাজেন্দ্র
40. গীতা মিত্তল কোন রাজ্যের হাইকোর্টের প্রধান বিচারপতি হিসেবে নিযুক্ত হলেন:
(a) ঝাড়খণ্ড (b) জম্মু ও কাশ্মীর (c) কলকাতা (d) মধ্যপ্রদেশ
41. 'মিরার ভজন' কোন ভাষায় লেখা?
(a) ব্রজবুলি (b) বাংলা (c) হিন্দি (d) পারসি
42. 'পরমহংসমণ্ডলী'-র প্রতিষ্ঠাতা কে?
(a) বিবেকানন্দ (b) কেশবচন্দ্র সেন (c) ডি পান্ডুরাম (d) রাধাকান্ত দেব
43. 'My Side' কোন ফুটবল খেলোয়াড়ের আত্মজীবনীমূলক গ্রন্থ:
(a) ডেভিড বেকহ্যাম (b) দিয়েগো মারাদোনা (c) ক্রিশ্চিয়ানো রোনাল্ডো (d) বাইচুং ভুটিয়া
44. ক্রিকেট অ্যাসোসিয়েশন অব বেঙ্গলের 'ক্রিকেটার অব দ্য ইয়ার' 2018-পুরস্কার পেলেন:
(a) অভিষেক রমন (b) অভিমন্যু ঈশ্বরণ (c) ঈশান পোরেল (d) সৌরভ সিং
45. নীচের কোনটি প্রথম শ্রেণির লিভারের উদাহরণ?
(a) মাল তোলার ক্রেন (b) পেরেক তোলার যন্ত্র (c) নৌকার হাল (d) ছিপ দিয়ে মাছ ধরা
46. 'SAFAR' পদ্ধতি চালু করল কোন মন্ত্রক?
(a) পরিবেশ মন্ত্রক (b) ভূবিজ্ঞান মন্ত্রক (c) ভূতল মন্ত্রক (d) মানবসম্পদ উন্নয়ন মন্ত্রক
47. জন-গণ-মন রবীন্দ্রসংগীতটি কবে গণপরিষদে ভারতের জাতীয় সংগীত হিসেবে গৃহীত হয়?
(a) 24 জানুয়ারি, 1950 (b) 25 জানুয়ারি, 1950 (c) 26 জানুয়ারি, 1950 (d) 15 অগস্ট, 1947
48. ভারতের প্রথম ইউরোপীয় উপনিবেশকারী হল:
(a) পর্তুগিজ (b) ওলন্দাজ (c) ফরাসি (d) ইংরেজ
49. 'NABARD' কত সালে প্রতিষ্ঠিত হয়?
(a) 12 জুলাই, 1982 (b) 22 জুলাই, 1983 (c) 2 জানুয়ারি, 1984 (d) 2 জুলাই, 1983
50. মানবদেহের কোন অংশ বায়ুমণ্ডল থেকে সরাসরি অক্সিজেন গ্রহণ করে?
(a) রেটিনা (b) কর্নিয়া (c) সাইনাস (d) ল্যারিংস
51. একটি দু'অঙ্কের সংখ্যার অঙ্কসমষ্টি 10। সংখ্যাটির অঙ্কদু'টি স্থান পরিবর্তন করে যে সংখ্যা পাওয়া যায় সেটি মূল সংখ্যা অপেক্ষা 36 বেশি হলে, সংখ্যাটি:
(a) 73 (b) 64 (c) 46 (d) 37
52. দু'টি সংখ্যার গুণফল 6375 এবং বিয়োগফল 10 হলে, বড় সংখ্যা:
(a) 75 (b) 85 (c) 90 (d) 95
53. $23\frac{1}{2}$ ও $5\frac{3}{8}$-এর যোগফল ও বিয়োগফলের অনুপাত:
(a) 237 : 149 (b) 231 : 149 (c) 231 : 145 (d) 237 : 145
54. কোন সংখ্যাকে 0.72 দ্বারা গুণ করার পরিবর্তে 7.2 দ্বারা গুণ করা হলে, গুণফল 2592 বৃদ্ধি পায়?
(a) 550 (b) 400 (c) 600 (d) 480
55. কোন ক্ষুদ্রতম সংখ্যাকে 21, 41 ও 63 দ্বারা ভাগ করলে সবক্ষেত্রে 2 অবশিষ্ট থাকবে?
(a) 2583 (b) 2585 (c) 2587 (d) 2589
56. সরল করুন: $\frac{.85}{.0171} \times \frac{1.33}{.8} \div \frac{11.9}{.0072}$
(a) 1 (b) $\frac{1}{3}$ (c) 0.5 (d) .9
57. সরল করুন: $0.1\overline{6} \div \frac{2}{3}$ এর $\frac{2}{5} \div \frac{1}{8}$
(a) 1 (b) 3 (c) 5 (d) 7
58. তিন অঙ্কের কোন বৃহত্তম সংখ্যাকে 10, 12 ও 15 দ্বারা ভাগ করলে সবক্ষেত্রে 4 অবশিষ্ট থাকবে?
(a) 964 (b) 984 (c) 992 (d) 996
59. সরল করুন: $(\sqrt{3}+\sqrt{7})^2 (5-\sqrt{21})$-এর সরল মান:
(a) 8 (b) 4 (c) 5 (d) 21

এরপর এগারোর পাতায়

# কেন্দ্রীয় বাহিনীতে ৫৪৯৫৩

## কনস্টেবল ও রাইফেলম্যান

## নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

1. With which country is orange Revolution associated?
(a) China (b) Ukraine (c) Egypt (d) India
2. What percentage of water is lost during transpiration?
(a) 100% (b) 97% (c) 99% (d) 98%
3. With which field was Pandit Bhimsen Joshi associated?
(a) Art (b) Dance (c) Singing (d) Music
4. Which country has the briefest Constitution in the world?
(a) Australia (b) India (c) China (d) USA
5. Bhakta Tukaram was a contemporary of which Mughal emperor?
(a) Jahangir (b) Bahadur Shah Jafar (c) Akbar (d) Babur
6. Which foreign country is closest to Andaman Islands?
(a) Japan (b) Myanmar (c) Pakistan (d) Afghanistan
7. Which metal is nontoxic in nature?
(a) Mercury (b) Iron (c) Silver (d) Gold
8. Which committee was assigned to recommend reforms in the insurance sector?
(a) Pareek Committee (b) Sharam Committee (c) Malhotra Committee (d) Bhatia Committee
9. The first railway line in India was opened in which year?
(a) 1858 (b) 1856 (c) 1857 (d) 1853
10. Who is the first woman to head a public sector bank?
(a) Chanda Kochar (b) Arundhati Bhattacharya (c) Usha Ananthasubramanyan (d) Shikha Sharma
11. World Tourism Day is celebrated on:
(a) Septemebr 29 (b) September 12 (c) September 25 (d) September 27
12. The two-day festival 'North East Calling' is organized by which ministry?
(a) Ministry of Defence (b) Ministry of Development of North Eastern Region (c) Ministry of External Affairs (d) Ministry of Home Affairs
13. The motif of 'Hampi with Chariot' is printed on the reverse of which currency note?
(a) 1000-rupee note (b) 100-rupee note (c) 50-rupe note (d) 500-rupee note
14. Clove, the commonly used Spice is abtained from the:
(a) flower bud (b) root (c) stem (d) fruit
15. Which is the largest tiger reserve in India?
(a) Pench (b) Corbett (c) Manas (d) Nagarjunasagar-Srisailam
16. Which State in India is the leading producer of sulphur?
(a) Punjab (b) Tamil Nadu (c) Maharashtra (d) Assam
17. Who was the advocate at the famous INA Trials?
(a) Subhash Chandra Bose (b) C Rajagopalachari (c) Asaf Ali (d) Bhulabhai Desai
18. The Governor-General of India who initiated the introduction of English in India, was:
(a) Lord Hastings (b) Lord Curzon (c) Lord Macaulay (d) Lord Bentinck
19. Blizzards are characteristic features of:
(a) Temperate region (b) Equatorial Region (c) Tropical region (d) Antarctic region
20. Price theory is also known as:
(a) Micro Economics (b) Macro Economics (c) Development Economics (d) Public Economics
21. Which of the following is not a Kharif crop?
(a) Sugarcane (b) Cotton (c) Wheat (d) Rice
22. In which state of India there is a uniform civil code?
(a) Haryana (b) Goa (c) Kerala (d) Meghalaya
23. Who established Mahabalipuram?
(a) Chalukya (b) Chola (c) Pandya (d) Pallava
24. The best conductor of heat among the following is:
(a) water (b) ether (c) alcohol (d) mercury
25. Which rulers built the Ellora temples?
(a) Rashtrakuta (b) Pallava (c) Sunga (d) Chalukya
**Direction (26 to 29):** *Find out the part of the following sentences that contain an error.*
26. The whole country (a)/was suffering by (b)/a financial crisis (c)/No error (d)

এরপর বারোর পাতায়

www.banglajobguide.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



## রাজ্য সরকারের খাদ্য দপ্তরে

# সাব-ইনস্পেক্টর

## নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*দশের পাতার পর*

60. $\sqrt{2} = 1.414$ এবং $\sqrt{3} = 1.732$ হলে $\left(\frac{1}{\sqrt{2}+\sqrt{3}} + \frac{1}{\sqrt{2}+1}\right)$-এর মান:
(a) 0.732 (b) 1.732 (c) 17.32 (d) 0.1732

61. $\sqrt{2} = 1.414$ এবং $\sqrt{3} = 1.732$ হলে $\frac{4}{\sqrt{3}+1} - \frac{3}{\sqrt{2}+1} =$ কত?
(a) 1.222 (b) 0.222 (c) .002 (d) .022

62. $\frac{\frac{3}{4}}{\frac{1}{4}+\frac{2}{3}} - \frac{\frac{5}{22}}{\frac{2}{3}-\frac{1}{4}} + \frac{8}{11}$
(a) 1 (b) 2 (c) 3 (d) 4

63. একটি ক্লাবে যতজন সদস্য ছিল প্রত্যেকে ততগুলি 2 টাকা চাঁদা দেওয়ায় মোট 14, 112 টাকা চাঁদা ওঠে। ওই ক্লাবের সদস্য সংখ্যা:
(a) 84 জন (b) 72 জন (c) 90 জন (d) 64 জন

64. দুই অঙ্কের কোন বৃহত্তম সংখ্যা দ্বারা 588, 420 ও 252 সম্পূর্ণরূপে বিভাজ্য?
(a) 21 (b) 28 (c) 84 (d) 99

65. 7985 – 899 এবং 7003 এর যোগফল ও বিয়োগফলের পার্থক্য:
(a) 14006 (b) 899 (c) 1798 (d) 7985

66. 4 জন লোক 4 দিনে 4টি মাদুর তৈরি করে, 200 জন লোক 200 দিনে কতগুলি মাদুর তৈরি করবে?
(a) 200টি (b) 10000টি (c) 1000টি (d) 5000টি

67. ঘণ্টায় 54 কিলোমিটার বেগে একটি ট্রেন 270 মিটার লম্বা সেতু অতিক্রম করে 30 সেকেন্ডে। ট্রেনটির দৈর্ঘ্য কত?
(a) 100 মিটার (b) 150 মিটার (c) 180 মিটার (d) 200 মিটার

68. 50 জন লোক প্রতিদিন 6 ঘণ্টা কাজ করে একটি কাজ 12 দিনে শেষ করতে পারে। ওই কাজের দ্বিগুণ কাজ 60 জন লোক দৈনিক কত ঘণ্টা করে করলে 8 দিনে শেষ করতে পারবে?
(a) 15 দিনে (b) $6\frac{2}{3}$ দিনে (c) $21\frac{3}{5}$ দিনে (d) $9\frac{3}{5}$ দিনে

69. একটি চৌবাচ্চা A নল দিয়ে 20 মিনিটে পূর্ণ হয় এবং অপর নল দিয়ে 30 মিনিটে খালি হয়। দু'টি নল একসঙ্গে খুলে দিলে চৌবাচ্চাটি পূর্ণ হয়:
(a) 90 মিনিটে (b) 60 মিনিটে (c) 30 মিনিটে (c) 20 মিনিটে

70. A একটি কাজের $\frac{3}{4}$ অংশ করে 18 দিনে। B যদি A-র দ্বিগুণ কর্মক্ষম হয়, তবে বাকি কাজটি B-এর শেষ করতে সময় লাগবে:
(a) 3 দিন (b) 9 দিন (c) 12 দিন (d) 27 দিন

71. একটি খাদ্য ভাণ্ডারে 1600 জনের 60 দিনের খাদ্য মজুত ছিল। 15 দিন পর 600 জন লোক অন্যত্র চলে যাওয়ায় অবশিষ্ট খাদ্য কতদিন চলবে?
(a) 45 দিন (b) 60 দিন (c) 72 দিন (d) 96 দিন

72. একটি চৌবাচ্চার দু'টি নল দিয়ে যথাক্রমে 12 ও 10 ঘণ্টায় চৌবাচ্চাটি পূর্ণ হয়। অপর একটি নল 20 ঘণ্টায় খালি হয়। যদি তিনটি নল একসঙ্গে খুলে দেওয়া হয় তবে কতক্ষণে ওই চৌবাচ্চাটি জলপূর্ণ হবে?
(a) 10 ঘণ্টায় (b) $7\frac{1}{2}$ ঘণ্টায় (c) 8 ঘণ্টায় (d) $9\frac{1}{10}$ ঘণ্টায়

73. একটি ট্রেন 225 মিটার লম্বা একটি সেতু অতিক্রম করে 30 সেকেন্ডে এবং 350 মিটার প্ল্যাটফর্ম অতিক্রম করে 40 সেকেন্ডে। ট্রেনটির গতি ঘণ্টায়:
(a) 40 কিমি (b) 42 কিমি (c) 45 কিমি (d) 50 কিমি

74. একটি খাদ্যভাণ্ডারে 1800 জন লোকের 10 সপ্তাহের খাদ্য মজুত ছিল। ওই খাদ্য কতজন লোকের 20 সপ্তাহ চলবে, যদি প্রত্যেকে $\frac{1}{10}$ অংশ খাদ্য কম খায়:
(a) 500 (b) 950 (c) 1000 (d) 1050

75. একজন সাইকেল আরোহী ঘণ্টায় 4 কিমি গতিতে গেলে গন্তব্যস্থলে পৌঁছাতে 5 মিনিট দেরি হয় এবং 6 কিমি গতিতে গেলে 5 মিনিট আগে গন্তব্যস্থলে পৌঁছায়। গন্তব্যস্থলে পৌঁছানোর জন্য নির্ধারিত সময়:
(a) 30 মিনিট (b) 25 মিনিট (c) 24 মিনিট (d) 20 মিনিট

76. একটি চোর 50 মিটার দূরে একজন পুলিশকে দেখে 4 কিমি গতিতে দৌড় দেয়। পুলিশটি তৎক্ষণাৎ $4\frac{1}{2}$ কিমি গতিতে চোরটিকে তাড়া করে। চোরটি ধরা পড়ার আগে কতটা দৌড়ায়?
(a) 300 মিটার (b) 400 মিটার (c) 450 মিটার (d) 500 মিটার

77. একজন মোটর সাইকেল আরোহীর 450 কিমি পথ অতিক্রম করতে 1 ঘণ্টা কম সময় লাগে যখন 5 কিমি বেশি গতিতে যাত্রা করে। মোটর সাইকেলের প্রকৃত গতি ঘণ্টায়:
(a) 30 কিমি (b) 35 কিমি (c) 50 কিমি (d) 45 কিমি

78. একটি ছাত্রাবাসের প্রতিটি ঘরে 2 জন ছাত্র থাকলে 5টি ঘর কম পড়ে এবং প্রতিটি ঘরে 3 জন ছাত্র থাকলে 2টি ঘর খালি থাকে। ছাত্রাবাসের ছাত্রসংখ্যা (a) 40 (b) 42 (c) 44 (d) 48

79. 2 জন পুরুষ ও 5 জন বালক $\frac{1}{2}$ অংশ কাজ করে 5 দিনে এবং 3 জন পুরুষ ও 4 জন বালক $\frac{1}{3}$ অংশ কাজ করে 3 দিনে। 5 জন পুরুষ কাজটি করতে পারে:
(a) 10 দিনে (b) 9 দিনে (c) 8 দিনে (d) 5 দিনে

80. একটি ট্রেন হাওড়া থেকে বর্ধমান যায় 45 কিমি গতিতে এবং ফিরে আসে 36 কিমি গতিতে। সমগ্র যাত্রাপথে ট্রেনটির গড় গতি ঘণ্টায়:

## চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

(a) 40.5 কিমি (b) 40 কিমি (c) 37.8 কিমি (d) 42 কিমি

81. একটি পরিবারে মজুত চাল থেকে প্রত্যহ 5 কিলোগ্রাম চাল দান করলে ওই পরিবারের 30 দিন চলে এবং প্রত্যহ 8 কিলোগ্রাম চাল দান করলে মাত্র 25 দিন চলে। ওই পরিবারের খাদ্যভাণ্ডারে মজুত চালের পরিমাণ:
(a) 400 কিলোগ্রাম (b) 450 কিলোগ্রাম (c) 500 কিলোগ্রাম (d) 425 কিলোগ্রাম

82. 40 জন লোক একটি কাজ যতদিনে করতে পারে, 30 জন লোকের কাজটি শেষ করতে তার চেয়ে 6 দিন বেশি সময় লাগে। ওই কাজটি 60 জন লোক কতদিনে শেষ করতে পারবে?
(a) 16 দিনে (b) 24 দিনে (c) 20 দিনে (d) 12 দিনে

83. একজন লোক প্রত্যহ পূর্ণ খাদ্য গ্রহণ করলে মজুত খাদ্য 6 দিন চলে। ওই ব্যক্তি প্রথম 4 দিন প্রত্যহ $\frac{1}{2}$ অংশে এবং অবশিষ্ট দিনগুলিতে $\frac{1}{3}$ অংশে খাদ্য গ্রহণ করলে মজুত খাদ্য কতদিন চলবে?
(a) 12 দিন (b) 16 দিন (c) 18 দিন (d) 20 দিন

84. দু'জন ব্যক্তি একই স্থানে পৌঁছানোর জন্য একসঙ্গে বের হয়। প্রথম ব্যক্তি ঘণ্টায় 3 কিমি গতিতে এবং দ্বিতীয় ব্যক্তি ঘণ্টায় 3.75 কিমি গতিতে যাত্রা করে। দ্বিতীয় ব্যক্তি আধঘণ্টা আগে গন্তব্যস্থলে পৌঁছায়। গন্তব্যস্থলের দূরত্ব কত ছিল?
(a) 6 কিমি (b) 7.5 কিমি (c) 8 কিমি (d) 9.5 কিমি

85. A ও B পৃথকভাবে একটি কাজ যথাক্রমে 5 ও 10 দিনে শেষ করতে পারে। A ও B একত্রে 2 দিন কাজ করার পর C কাজে যোগ দেয় এবং পরবর্তী দিনে তিনজন একত্রে কাজটি শেষ করে। C একা হলে কাজটি কতদিনে শেষ করতে পারত?
(a) 10 দিনে (b) 15 দিনে (c) 12 দিনে (d) 5 দিনে

86. কোনও নগরের অধিবাসীদের মধ্যে শতকরা 5 জন ইংরেজ এবং অবশিষ্ট ভারতীয়। যদি নগরের লোকসংখ্যা 37,820 হয়, তবে ভারতীয়দের সংখ্যা:
(a) 35,929 (b) 36,000 (c) 35,000 (d) 35,629

87. এক ব্যক্তির বয়স 59 বছর, তাঁর ভ্রাতা তাঁর চেয়ে 7 বছরের বড় এবং ভগিনী তাঁর ভ্রাতা অপেক্ষা 12 বছরের ছোট। ভগিনীর জন্ম সময়ে ওই ব্যক্তির বয়স:
(a) 5 বছর (b) 6 বছর (c) 8 বছর (d) 9 বছর

88. চার অঙ্কের সংখ্যাগুলির মধ্যে যেগুলি 34 দ্বারা বিভাজ্য সেগুলির মধ্যে গরিষ্ঠ সংখ্যা:
(a) 9,992 (b) 9,996 (c) 9,898 (d) 9,990

89. এক ব্যক্তি তাঁর আয়ের $\frac{1}{3}$ অংশ থাকা-খাওয়ায় ব্যয় করেন, $\frac{1}{8}$ অংশ পোশাক পরিচ্ছদে এবং $\frac{1}{10}$ অংশ সৎকার্যে ব্যয় করেন, অবশিষ্ট 313 টাকা ব্যয় করে। তাঁর আয়:
(a) 840 টাকা (b) 820 টাকা (c) 720 টাকা (d) 900 টাকা

90. 14 বছর আগে এক ব্যক্তির বয়স তাঁর পুত্রের বয়সের 6 গুণ ছিল। যদি পুত্রের বয়স এখন 20 বছর হয়, তবে তার পিতার বয়স:
(a) 50 বছর (b) 45 বছর (c) 40 বছর (d) 60 বছর

91. ছয় অঙ্কের বৃহত্তম সংখ্যা যেটিকে 5, 7, 12 ও 15 দ্বারা ভাগ করলে যথাক্রমে 3, 5, 10 ও 13 অবশিষ্ট থাকে, সেটি হল:
(a) 9,99,590 (b) 9,99,598 (c) 9,99,630 (d) 9,99,624

92. 1409-এর সঙ্গে কোন ক্ষুদ্রতম সংখ্যা যোগ করলে যোগফল 23 দ্বারা বিভাজ্য হবে?
(a) 27 (b) 34 (c) 17 (d) 19

93. চারটি মৌলিক সংখ্যা ঊর্ধ্বক্রম অনুসারে লেখা হল, প্রথম তিনটির গুণফল 385 এবং শেষ তিনটির গুণফল 1001, শেষ সংখ্যাটি হল:
(a) 5 (b) 11 (c) 7 (d) 13

94. A ও B-র বর্তমান বয়সের যোগফল 55 বছর। 10 বছর আগে তাদের বয়সের অনুপাত 4 : 3 ছিল। A-র বর্তমান বয়স নির্ণয় করুন:
(a) 25 বছর (b) 30 বছর (c) 20 বছর (d) 35 বছর

95. ভাগফল 702, অবশিষ্ট 24, আর ভাজক এই উভয়ের সমষ্টি অপেক্ষা 2 বেশি। ভাজ্য কত?
(a) 5,14,590 (b) 5,14,690 (c) 5,14,790 (d) 5,14,600

96. সকাল 6টায় (ঘণ্টায়) 4 কিলোমিটার গতিতে A কলকাতা থেকে শ্রীরামপুর (24 কিলোমিটার) যাত্রা শুরু করল। B এক ঘণ্টা পরে শ্রীরামপুর থেকে যাত্রা শুরু করল এবং A-এর 1 ঘণ্টা আগে পৌঁছে গেল। কখন তারা মিলিত হয়েছিল?
(a) সকাল 10টা (b) সকাল 9টা (c) সকাল 11টা (d) সকাল 8টা

97. দু'টি সংখ্যা তৃতীয় একটি সংখ্যার চেয়ে যথাক্রমে 20% এবং 50% বেশি। প্রথম সংখ্যাটি দ্বিতীয় সংখ্যার শতকরা কত?
(a) 40 (b) 120 (c) 100 (d) 80

98. একখানা খুঁটি তিন খণ্ড করা হল। প্রথম খণ্ড সমস্ত খুঁটির $\frac{1}{3}$, দ্বিতীয় খণ্ড প্রথম খণ্ডের $\frac{3}{8}$, এবং তৃতীয় খণ্ড 6 মিটার 50 সেমি দীর্ঘ। খুঁটিখানির প্রথম খণ্ডের দৈর্ঘ্য কত?
(a) 14 মিটার (b) 12 মিটার (c) 4 মিটার (d) 16 মিটার

99. একটি বস্তুর দাম 10% বাড়ানো হল, পরে 10% কমানো হল। বস্তুটির দাম:
(a) একই থাকল (b) 1% কমে গেল (c) 1% বেড়ে গেল (d) 0.1 বেড়ে গেল

100. A-র বেতন B-র থেকে 20% বেশি। B-র বেতন A-র থেকে শতকরা কত কম?
(a) 10% (b) $9\frac{1}{11}$ % (c) $10\frac{1}{11}$ % (d) $16\frac{2}{3}$ %

### উত্তর

1(c), 2(a), 3(a), 4(a), 5(c), 6(b), 7(b), 8(a), 9(b), 10(c), 11(c), 12(a), 13(c), 14(a), 15(c), 16(b), 17(b), 18(a), 19(a), 20(a), 21(b), 22(b), 23(b), 24(c), 25(c), 26(c), 27(b), 28(b), 29(a), 30(b), 31(a), 32(b), 33(a), 34(b), 35(a), 36(b), 37(b), 38(a), 39(b), 40(b), 41(a), 42(c), 43(a), 44(b), 45(b), 46(b), 47(a), 48(a), 49(a), 50(b), 51(d), 52(b), 53(c), 54(b), 55(b), 56(c), 57(c), 58(a), 59(a), 60(a), 61(b), 62(a), 63(a), 64(c), 65(a), 66(b), 67(c), 68(a), 69(b), 70(a), 71(c), 72(b), 73(b), 74(c), 75(d), 76(c), 77(b), 78(c), 79(b), 80(a), 81(b), 82(d), 83(b), 84(b), 85(b), 86(a), 87(a), 88(b), 89(c), 90(a), 91(b), 92(c), 93(d), 94(b), 95(a), 96(b), 97(d), 98(c), 99(b), 100(d).

### সমাধান

51(d): সংখ্যাটির অঙ্ক দু'টির পার্থক্য = 36 ÷ 9 = 4
অর্থাৎ (a + b) = 10 এবং (a – b) = 4 বা, a = 7 এবং b = 3
∴ নির্ণেয় সংখ্যা = 37.

52(b): $6375 = 25 \times 3 \times 5 \times 17 = 75 \times 85$
আবার, 85 – 75 = 10
∴ বড় সংখ্যাটি = 85.

53(c): $\left(23\frac{1}{2}+5\frac{3}{8}\right) : \left(23\frac{1}{2}-5\frac{3}{8}\right) = 28\frac{7}{8} : 18\frac{1}{8} = 231 : 145.$

54(b): $x = 2592 \div (7.2 - 0.72) = 2592 \div 6.48 = 400.$

55(b): 21, 41 ও 63 এর ল.সা.গু. = 41 × 63 = 2583
∴ নির্ণেয় ক্ষুদ্রতম সংখ্যা = 2583 + 2 = 2585.

56(c): $\frac{.85}{.0171} \times \frac{1.33}{.8} + \frac{11.9}{.0072} = \frac{85}{171} \times \frac{133}{8} \times \frac{.72}{119} = 0.05.$

57(c): $0.1\overline{6} \div \frac{2}{3}$ এর $\frac{2}{5} \div \frac{1}{8} = \frac{16-1}{90} \div \frac{4}{15} \div \frac{1}{8} = \frac{1}{6} \times \frac{15}{4} \times 8 = 5.$

58(a): 10, 12 ও 15-এর ল.সা.গু. = 60
999-কে 60 দ্বারা 16 বার ভাগ করা যায়
∴ নির্ণেয় সংখ্যা = (60 × 16) + 4 = 964.

59(a): $\left(\sqrt{3}+\sqrt{7}\right)^2 = \left(\sqrt{3}\right)^2 + \left(\sqrt{7}\right)^2 + 2.\sqrt{3}.\sqrt{7} = 2\left(5+\sqrt{21}\right)$
তাহলে $2\left(5+\sqrt{21}\right)\left(5-\sqrt{21}\right) = 2\left\{(5)^2 - \left(\sqrt{21}\right)^2\right\} = 2 \times 4 = 8.$

60(a): $\frac{1}{\sqrt{2}+\sqrt{3}} = \frac{\left(\sqrt{2}-\sqrt{3}\right)}{\left(\sqrt{2}\right)^2 - \left(\sqrt{3}\right)^2} = \sqrt{3}-\sqrt{2}$
এবং $\frac{1}{\sqrt{2}+1} = \frac{\sqrt{2}-1}{2-1} = \sqrt{2}-1$
$\therefore (\sqrt{3}-\sqrt{2}) + (\sqrt{2}-1) = \sqrt{3}-1 = 1.732 - 1 = 0.732.$

61(b): $\frac{4}{\sqrt{3}+1} = \frac{4\left(\sqrt{3}-1\right)}{\left(\sqrt{3}+1\right)\left(\sqrt{3}-1\right)} = \frac{4\left(\sqrt{3}-1\right)}{3-1} = 2\left(\sqrt{3}-1\right)$
এবং $\frac{3}{\sqrt{2}+1} = \frac{3\left(\sqrt{2}-1\right)}{\left(\sqrt{2}+1\right)\left(\sqrt{2}-1\right)} = \frac{3\left(\sqrt{2}-1\right)}{2-1} = 3\left(\sqrt{2}-1\right)$
তাহলে, $2\left(\sqrt{3}-1\right) - 3\left(\sqrt{2}-1\right) = 2\sqrt{3} - 3\sqrt{2} + 1$
$= (2 \times 1.732) - (3 \times 1.414) + 1 = 4.464 - 4.242 = 0.222.$

62(a): $\frac{\frac{3}{4}}{\frac{1}{4}+\frac{2}{3}} - \frac{\frac{5}{22}}{\frac{2}{3}-\frac{1}{4}} + \frac{8}{11} = \left(\frac{3}{4} \times \frac{12}{11}\right) - \left(\frac{5}{22} \times \frac{12}{5}\right) + \frac{8}{11}$
$= \frac{9}{11} - \frac{6}{11} + \frac{8}{11} = \frac{17-6}{11} = 1.$

63(a): সদস্য সংখ্যা = x জন ধরা হলে,
$x \times 2x = 14112$ বা, $x^2 = 7056$ $\therefore x = \sqrt{7056} = 84.$

64(c): 588 = 84 × 7; 420 = 84 × 5; 252 = 84 × 3
নির্ণেয় দু'অঙ্কের বৃহত্তম সংখ্যা = 84.

65(a): 7985 – 899 = 7086
∴ (7086 + 7003) – (7086 – 7003) = 2 × 7003 = 14006.

66(b): $\frac{(\text{১ম দিন} \times \text{১ম লোক} \times \text{১ম ঘণ্টা}) \times \text{২য় কাজ}}{(\text{২য় দিন} \times \text{২য় লোক} \times \text{২য় ঘণ্টা}) \times \text{১ম কাজ}}$
∴ নির্ণেয় মাদুর সংখ্যা = $\frac{200 \times 200 \times 4}{4 \times 4} = 10000.$

67(c): 54 কিমি গতিতে 30 সেকেন্ডে যায় = $54 \times \frac{5}{18} \times 30 = 450$ মিটার
∴ ট্রেনের দৈর্ঘ্য = 450 – 270 = 180 মিটার
TIP ⇒ সেকেন্ডে গতি = ঘণ্টায় গতি × $\frac{5}{18}$

68(a): নির্ণেয় সময় = $\frac{50 \times 6 \times 12 \times 2}{60 \times 8} = 15$ ঘণ্টা।

69(b): চৌবাচ্চাটি পূর্ণ হয় = $\frac{30 \times 20}{30 - 20} = 60$ মিনিটে।

70(a): A অবশিষ্ট ($\frac{1}{3}$ অংশ) কাজ করতে পারে = 18 ÷ 3 = 6 দিনে
∴ অবশিষ্ট কাজ করতে B-এর সময় লাগবে = 6 ÷ 2 = 3 দিন।

71(c): 1600 লোকের 60 – 15 = 45 দিন খাবার
1600 – 600 = 1000 লোকের চলবে = $\frac{1600 \times 45}{1000} = 72$ দিন।

72(b): পূর্ণ করার নল দু'টি দিয়ে চৌবাচ্চা পূর্ণ হয় = $\frac{12 \times 10}{12 + 10} = \frac{60}{11}$ ঘণ্টায়
∴ তিনটি নল একসঙ্গে খুলে দিলে চৌবাচ্চা পূর্ণ হয় = $\frac{\frac{60}{11} \times 20}{20 - \frac{60}{11}}$

*এরপর বারোর পাতায়*

www.banglajobguide.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



রাজ্য সরকারের খাদ্য দপ্তরে

# সাব-ইনস্পেক্টর

## নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*এগারোর পাতার পর*

$= \dfrac{\frac{60\times 26}{11}}{\frac{220-60}{11}} = \dfrac{60\times 20}{160} = 7\frac{1}{2}$ ঘণ্টায়।

73(b): দৈনিক $= \dfrac{10\times 7\times 8}{8\times 14} = 5$ ঘণ্টা।

74(c): অনুকূল ও প্রতিকূলের গতির অনুপাত = 2 : 1 হলে
স্থির জলে নৌকার গতি ও স্রোতের গতির অনুপাত হবে = 3 : 1
নৌকার গতি $4\frac{1}{2}$ কিমি $\therefore$ স্রোতের গতি $= 4\frac{1}{2} \div 3 = 1\frac{1}{2}$ কিমি।

75(d): A, B ও C একত্রে একদিনে কাজ করে $= \left(\frac{2}{3}+\frac{1}{3}+\frac{1}{2}\right)\times\frac{1}{2} = \frac{9}{12}$ অংশ

$\therefore$ A, B ও C-এর মজুরির অনুপাত

$\left(\frac{3}{12}-\frac{1}{3}\right):\left(\frac{9}{12}-\frac{1}{2}\right):\left(\frac{9}{12}-\frac{2}{3}\right) = \frac{5}{12}:\frac{3}{12}:\frac{1}{12} = 5:3:1$

$\therefore$ C-এর মোট মজুরি = 540 ÷ (5 + 3 + 1) = 60 টাকা।

76(c): 200 মিটারে A ও B -এর পার্থক্য = 10 মিটার
B ও C -এর পার্থক্য 20 মিটার
$\therefore$ 200 মিটারে A ও C -এর পার্থক্য হবে $= (20+10) - \frac{20\times 10}{200} = 29$ মিটার।

77(b): পাত্রের ওজন = (2 × 30) – 40 = 20 কিলোগ্রাম।

78(c): দু'টি ট্রেনের গতির সমষ্টি ঘণ্টায় = 54 × 2 = 108 কিমি
ঘণ্টায় 108 কিমি গতিতে সেকেন্ডে যায় $= 108\times\frac{5}{18}\times 6 = 108$ মিটার
$\therefore$ দ্বিতীয় ট্রেনের দৈর্ঘ্য = 180 মিটার।

79(b): 260 জন পুরুষের দৈনিক মজুরি = 260 × 40 = 10400 টাকা এবং 260 জন স্ত্রীলোকের দৈনিক মজুরি = 260 × 30 = 7800 টাকা
$\therefore$ পুরুষ ও স্ত্রীলোক মজুরের সংখ্যার অনুপাত (9000 – 7800) : (10400 – 9000) = 1200 : 1400 = 6 : 7
$\therefore$ স্ত্রীলোক মজুরের সংখ্যা $= 260\times\frac{7}{13} = 140$।

80(a): দু'টি ট্রেনের গতির সমষ্টি ঘণ্টায় = 48 + 60 = 180 মিনিট
ঘণ্টায় 108 কিমি গতিতে 90 মিটার অতিক্রম করবে $= 90 \div \left(108\times\frac{5}{18}\right)$ = 3 সেকেন্ডে।

81(b): B একা শেষ 3 দিন কাজ করে $\frac{3}{18} = \frac{1}{6}$ অংশ

A ও B একত্রে 1 দিনে কাজ করে $= \frac{1}{9}+\frac{1}{18} = \frac{1}{6}$ অংশ

অবশিষ্ট $\frac{5}{6}$ অংশ কাজ A ও B একত্রে করে $= \frac{5}{6}\div\frac{1}{6} = 5$ দিনে

$\therefore$ সম্পূর্ণ কাজটি = (5 + 3) = 8 দিনে শেষ করে।

82(d): 15 মিনিটে দ্বিতীয় নল দিয়ে জল পূর্ণ হয় $\frac{15}{30} = \frac{1}{2}$ অংশ

$\therefore$ প্রথম নলটি $\left(25\times\frac{1}{2}\right) = 12.5$ মিনিট পরে বন্ধ করা হয়।

83(b): $\frac{5}{8}$ অংশ গতিতে $\left(\frac{8}{5}-1\right) = \frac{3}{5}$ অংশ বেশি সময় লাগে

$\therefore$ প্রকৃত গতিতে সময় লাগে = 1 ঘণ্টা 12 মিনিট $\times\frac{5}{3} = 120$ মিনিট।

84(b): 24 × 3 = 72 কিমি পথ যেতে (24 ÷ 6) + (24 ÷ 8) + (24 ÷ 12) = 9 ঘণ্টা সময় লাগে
$\therefore$ সমগ্র যাত্রাপথের গড় গতি = (72 ÷ 9) = 8 কিমি।

85(b): A-এর $\left(\frac{1}{2}+2\frac{1}{2}\right) = 3$ ঘণ্টার পথ B যায় $2\frac{1}{2}$ ঘণ্টায়

$\therefore$ B-এর গতি ঘণ্টায় $= \left(3\frac{1}{2}\times 3\right)\div 2\frac{1}{2} = 4\frac{1}{5}$ কিমি।

86(a): ভারতীয় $= \left\{37820\times\left(\frac{100-5}{100}\right)\right\} = 35{,}929$ জন।

87(a): ভগিনীর বয়স = (59 + 7 – 12) = 54 বছর
$\therefore$ ভগিনীর জন্মের সময় তার বয়স = (59 – 54) = 5 বছর।

88(b): চার অঙ্কের বৃহত্তম সংখ্যা = 9999-কে 34 দ্বারা ভাগ করলে অবশিষ্ট থাকে = 3
$\therefore$ নির্ণেয় সংখ্যা = 9999 – 3 = 9996.

89(c): মোট খরচ $= \left(\frac{1}{3}+\frac{1}{8}+\frac{1}{10}\right) = \frac{67}{120}$ অংশ

সঞ্চয় করেন $= \left(1-\frac{67}{120}\right) = \frac{53}{120}$ অংশ

$\therefore$ আয় $= 318\times\frac{120}{53} = 720$ টাকা।

90(a): পিতার বর্তমান বয়স = (20 – 14) × 6 + 14 = 50 বছর।

91(b): 5 – 3 = 2, 7 – 5 = 2, 12 – 10 = 2, 15 – 13 = 2
প্রতিক্ষেত্রে অবশিষ্ট = 2
5, 7, 12 ও 15-এর ল.সা.গু. = 420
ছয় অঙ্কের বৃহত্তম সংখ্যা 999999-কে 420 দ্বারা ভাগ করলে অবশিষ্ট থাকে 399
নির্ণেয় সংখ্যা = (999999 – 399 – 2) = 9,99,598.

92(c): 1409-কে 23 দ্বারা ভাগ করলে 6 অবশিষ্ট থাকে
$\therefore$ নির্ণেয় সংখ্যা = 23 – 6 = 17।

93(d):

```
5 | 385          এবং   7 | 1001
7 |  77                11 |  143
  |  11                   |   13
```

$\therefore$ শেষ সংখ্যা = 13.

94(b): A-র বর্তমান বয়স $= \left\{(55-2\times 10)\times\frac{4}{4+3}+10\right\}$ বছর = (20 + 10) = 30 বছর।

95(a): ভাজক = (702 + 24 + 7) =733
$\therefore$ ভাজ্য = (733 × 702 + 24) = 5,14,590.

96(b): A শ্রীরামপুরে পৌঁছয় $= \left\{6+\frac{24}{4}\right\} = 12$টায়

$\therefore$ B সকাল 7টায় রওনা হয়ে শ্রীরামপুর পৌঁছয় = (12 – 1) = 11 টায়
$\therefore$ B-র মোট সময় = (11 – 7) = 4 ঘণ্টা

$\therefore$ B-র গতিবেগ $= \frac{24}{4} = 6$ কিলোমিটার/ঘণ্টা
সকাল 7টায় তাদের মধ্যে দূরত্ব = (24 – 4) = 20 কিলোমিটার
$\therefore$ তারা মিলিত হয় $= \frac{20}{4+6} = 2$ ঘণ্টা পর
$\therefore$ সকাল (7 + 2) = 9টায় মিলিত হয়।

97(d): ধরি, তৃতীয় সংখ্যা = 100, প্রথম সংখ্যা = 120 এবং দ্বিতীয় সংখ্যা = 150
$\therefore$ প্রথম সংখ্যাটি দ্বিতীয় সংখ্যার $= \left(\frac{120\times 100}{150}\right)\% = 80\%$.

98(c): $\frac{1}{3}+\frac{1}{3}\times\frac{3}{8} = \frac{11}{24}$ অংশ
বাকি $= 1-\frac{11}{24} = \frac{13}{24}$ অংশ
$\therefore$ মোট দৈর্ঘ্য $= 6.50\times\frac{24}{13} = 12$ মিটার
$\therefore$ প্রথম খণ্ডের দৈর্ঘ্য $= 12\times\frac{1}{3} = 4$ মিটার।

99(b): এসব ক্ষেত্রে সবসময় বস্তুটির দাম কমে $= \left(\frac{10\times 10}{100}\right)\% = 1\%$.

100(d): B = 100 টাকা হলে, A = 120 টাকা
$\therefore$ B-এর বেতন A-র থেকে শতকরা কম $= \left(\frac{120-100}{120}\times 100\right)\% = \frac{100}{6} = \frac{50}{3} = 16\frac{2}{3}\%$.

প্রস্তুত করেছেন: চঞ্চল ঘোষ ও পলাশ কান্তি মণ্ডল

চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

# কেন্দ্রীয় বাহিনীতে ৫৪৯৫৩

## কনস্টেবল ও রাইফেলম্যান

*দশের পাতার পর*

27. I do not know where could he have gone (a)/so early (b)/in the morning (c)/No error (d)
28. I suggest that (a)/he goes (b)/to the doctor as soon as he returns from taking the examination (c)/No error (d)
29. No sooner had the hockey match started (a)/when it began (b)/ to rain (c)/No error (d)

**Direction (30 to 32):** *Find out the suitable synonyms.*

30. ILLICIT
(a) Illegible (b) Immoral (c) Illegal (d) Ineligible
31. SALIENT
(a) Prudent (b) Valiant (c) Prominent (d) Variant
32. ABYSMAL
(a) Bottomless (b) Sickening (c) Gloomy (d) Sad

**Direction (33 to 35):** *Find out the suitable antonyms.*

33. ATHEIST
(a) Ritualist (b) Believer (c) Theologist (d) Rationalist
34. CALLOUS
(a) Kind (b) Generous (c) Sensitive (d) Soft
35. GIGANTIC
(a) Tiny (b) Weak (c) Fragile (d) Slight

**Direction (36 to 39):** *Find out the wrongly spelt word.*

36. (a) irritate (b) hesitate (c) pennetrate (d) innate
37. (a) windfall (b) irational (c) funny (d) protect
38. (a) prevail (b) vacinate (c) moisture (d) victim
39. (a) balance (b) eliminate (c) icolation (d) motivate

**Direction (40 to 42):** *Choose the one which can be substituted for the given words.*

40. Clues available at a scene
(a) in ferential (b) suggestive (c) circumstantial (d) derivative
41. The animals of a particular region:
(a) zoo (b) fauna (c) flora (d) museum
42. An unexpected piece of good fortune:
(a) turnstile (b) windfall (c) philanthropy (d) benevolence

**Direction (43 to 45):** *Fill in the blanks with suitable alternatives.*

43. As he got older his belief in these principles did not _____.
(a) waver (b) dither (c) wither (d) shake
44. _____ wins the civil war there will be little rejoicing at the victory.
(a) Whatever (b) Wherever (c) Whichever (d) Whoever
45. The Court _____ cognizance of the criminal's words.
(a) gave (b) took (c) made (d) allowed

**Direction (46 to 48):** *Choose the correct alternative with which the underlined words can be replaced.*

46. If <u>I had played well</u>, I would have won the match.
(a) I am playing well (b) I played well (c) I play well (d) No improvement
47. A callous system <u>generates</u> nothing but a misanthrope.
(a) produces (b) develops (c) induces (d) No improvement
48. He denied that he had not forged my signature.
(a) would not forge (b) did not forge (c) had forged (d) No improvement

**Direction (49 and 50):** *Fill in the blanks with suitable prepositions.*

49. He did not qualify _____ the job.
(a) to (b) with (c) for (d) against
50. The strike has been called _____.
(a) off (b) of (c) up (d) at
51. A tap can fill a cistern in 8 hours and another tap can empty it in 16 hours. If both the taps are opened, how much time will be taken to fill the tank?
(a) 24 hours (b) 16 hours (c) 10 hours (d) 8 hours
52. The smallest number which when divided by 12 and 16 leaves remainder 5 and 9 respectively, is:
(a) 29 (b) 39 (c) 41 (d) 55
53. A and B together can complete a piece of work in 72 days, B and C together can complete it in 120 days, and A and C together in 90 days. In what time can A alone complete the work?
(a) 120 days (b) 150 days (c) 100 days (d) 80 days
54. If the volume and surface area of a sphere are numerically the same, then its radius is:
(a) 4 units (b) 1 unit (c) 2 units (d) 3 units
55. A number when divided by 119, leaves a remainder of 19. If it is divided by 17, it will leave a remainder of:
(a) 2 (b) 7 (c) 19 (d) 10
56. A reduction of 20% in the price of sugar enables a purchaser to obtain 3 kg more for Rs. 120. The original price of sugar is:
(a) Rs. 8/kg (b) Rs. 10/kg (c) Rs. 12/kg (d) Rs. 15/kg
57. A trader marks his goods at 40% above the cost price but allows a discount of 20% on the marked price. What is his profit per cent?
(a) 8% (b) 20% (c) 12% (d) 10%
58. A merchant buys an article for Rs. 27 and sells it at a profit of 10% of the selling price. What is the selling price of the article?
(a) Rs. 37 (b) Rs. 32 (c) Rs. 30 (d) Rs. 29.70
59. Two numbers are respectively 20% and 50% more than a third number. These two numbers are in the ratio:
(a) 6 : 7 (b) 3 : 5 (c) 4 : 5 (d) 2 : 5
60. In a school 40% of the students play football and 50% play cricket. If 18% of the students neither play football nor cricket, the percentage of the students playing both, is:
(a) 8% (b) 22% (c) 32% (d) 40%
61. $\dfrac{0.796\times 0.796 - 0.204\times 0.204}{0.796-0.204} = ?$
(a) 1 (b) 0.592 (c) 0.59 (d) 0.403
62. The L.C.M. of two numbers is 20 times of their H.C.F. The sum of the H.C.F. and L.C.M. is 2520. If one of the numbers is 480, what will be the other number?
(a) 600 (b) 520 (c) 480 (d) 400
63. If the area of the base of a cone is 770 $cm^2$ and the area of the curved surface is 814 $cm^2$, what is its the volume?
(a) $616\sqrt{5}$ $cm^3$ (b) $213\sqrt{5}$ $cm^3$ (c) $392\sqrt{5}$ $cm^3$ (d) $550\sqrt{5}$ $cm^3$
64. The areas of two equilateral triangles are in the ratio 25 : 36. What will be the ratio of their altitudes?
(a) 5 : 6 (b) $\sqrt{5}:\sqrt{6}$ (c) 36 : 25 (d) 25 : 36
65. A product is listed at Rs. 1400 and the discount offered is 10%. What additional discount must be given to bring the net selling price to Rs. 1200?
(a) $4\frac{16}{21}\%$ (b) 6% (c) 5% (d) $16\frac{2}{3}\%$

*এরপর তেরোর পাতায়*

www.banglajobguide.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

## কেন্দ্রীয় বাহিনীতে ৫৪৯৫৩ কনস্টেবল ও রাইফেলম্যান

বারোর পাতার পর

66. If A : B = 2 : 3, B : C = 2 : 4 and C : D = 2 : 5 then A : D = ?
(a) 3 : 5 (b) 2 : 5 (c) 1 : 5 (d) 2 : 15

67. In a race of 200 metres, B can give a start of 10 metres to A and C can give a start of 20 metres to B. The start that C can give to A in the same race is:
(a) 27 m (b) 29 m (c) 30 m (d) 25 m

68. Average weight of 25 persons is increased by 1 kg when one man weighing 60 kg is replaced by a new person. What is the weight of the new person?
(a) 86 kg (b) 85 kg (c) 61 kg (d) 50 kg

69. A man gains 20% by selling an article for a certain price. If he sells it at double the price, what is the profit per cent?
(a) 120% (b) 40% (c) 100% (d) 140%

70. What is the least number which when divided by 4, 6, 8 and 9 leave zero remainder in each case and when divided by 13 leaves a remainder of 7 is:
(a) 85 (b) 36 (c) 72 (d) 144

71. When the price of eggs is reduced by 20% it enables a man to buy 30 more eggs for Rs. 40. The reduced price per egg is:
(a) 40 paise (b) 56 paise (c) 35 paise (d) 50 paise

72. A certain number of men can do a work in 60 days. If there were 8 more men, it could be completed in 10 days less. How many men were there in the beginning?
(a) 55 (b) 40 (c) 45 (d) 70

73. $\frac{3\sqrt{8}}{\sqrt{16}} \div \sqrt{\frac{100}{49}} \times \sqrt[3]{125} = ?$
(a) $\frac{4}{7}$ (b) $1\frac{3}{4}$ (c) 7 (d) $\frac{7}{100}$

74. An aeroplane covers a certain distance at a speed of 240 km per hour in 5 hours. To cover the same distance in $1\frac{2}{3}$ hours, it must travel at a speed of:
(a) 720 km/hr (b) 300 km/hr (c) 360 km/hr (d) 600 km/hr

75. A train is travellig at the rate of 45 km/hr. How many seconds it will take to cover a distance of $\frac{4}{5}$ km?
(a) 90 sec (b) 36 sec (c) 120 sec (d) 64 sec

76. If 3 × 2 = 10, 5 × 4 = 18 and 6 × 5 = 22 then 7 × 6 = ?
(a) 42 (b) 30 (c) 26 (d) 20


77. Substitute the arithmetical signs in the place of ★ in the following equation:
7★7★2★1 = 12.
(a) × – + (b) + – × (c) + × – (d) × – ÷

78. Which number will appear at the bottom face in last cube?




(a) 6 (b) 1 (c) 4 (d) 3


79. Find the number or triangles in the given figure.



(a) 10 (b) 12 (c) 16 (d) 14

80. From the letters of the given word which of the following words can be formed.
DISCOVERY
(a) DECOY (b) ROARED (c) STORY (d) RECOVER

81. What will be the missing number?





(a) 38 (b) 37 (c) 35 (d) 36

**Direction (82 to 85):** *Find out the odd one from the given alternatives.*

82. (a) 20 – 100 (b) 24 – 121 (c) 16 – 64 (d) 14 – 49

83.



(a) (b) (c) (d)

84. (a) WUVTS (b) SRTQP (c) OMNLK (d) ECDBA

85. (a) Watch - Time (b) Artist - Painting (c) Baker – Cake (d) Cobbler – Shoes


**Direction (86 to 89):** *Find out the related word/number/figure from the given alternaties.*

86. 11 : 5 : : 17 : ?
(a) 12 (b) 10 (c) 8 (d) 6


87. METAPHOR : EMATHPRO : : NORMAL : ?
(a) ONMRAL (b) ORMLAN (c) ONRMLA (d) ONMRLA

88. Calendar : Date : : ? : ?
(a) Dictionary : Word (b) City : Pin code (c) Time : Hour (d) Transport : Bus

89. Question Figure




Answer Figure




(a) (b) (c) (d)

90. Which of the answer figures is exactly the mirror image of the given figure when the mirror is held at XY?

Question Figure




Answer Figures



(a) (b) (c) (d)

**Direction (91 to 94):** *Find out the suitable alternatives to completse the series.*

91. D, F, I, M, _?_ .
(a) R (b) T (c) Q (d) P


92. AEI, BFJ, CGK, _?_ .
(a) DLH (b) LPT (c) DHL (d) EIM

93. 0, 6, 24, _?_ , 120, 210
(a) 66 (b) 62 (c) 60 (d) 64


94. Z, T, O, K, H, _?_ .
(a) C (b) E (c) F (d) G

95. From the given answer figures, select the one in which the question figure is hidden/embedded.

Question Figure




Answer Figure



(a) (b) (c) (d)

96. How many combinations of two digit number having 8 can be made from the following numbers?
8, 5, 2, 1, 7, 6
(a) 12 (b) 10 (c) 11 (d) 9

97. Arrange the following figures in a progressive sequential order. Indicate the correct order from the given responses.




a b c d

(a) dcab (b) cabd (c) dbac (d) dbca

98. Find out the suitable alternative to fill in the complete series.
m ___ pl ___ pplmp ____ lmpp ___.
(a) lmml (b) pmpl (c) lmpl (d) pmml

99. If EDITION is written as IDETNOI, how is MEDICAL written in that code?
(a) CADILEM (b) DEMILAC (c) DIEMCAL (d) LACIMED

100. Which of the following represents relationship among building material, cement and wood?



(a) (b) (c) (d)

### Answers

1(b), 2(c), 3(d), 4(d), 5(a), 6(b), 7(d), 8(c), 9(d), 10(b), 11(d), 12(b), 13(c), 14(a), 15(d), 16(c), 17(d), 18(d), 19(d), 20(a), 21(c), 22(b), 23(d), 24(c), 25(a), 26(b), 27(a), 28(b), 29(b), 30(c), 31(c), 32(a), 33(b), 34(c), 35(a), 36(c), 37(b), 38(b), 39(c), 40(c), 41(b), 42(b), 43(c), 44(d), 45(b), 46(d), 47(a), 48(c), 49(c), 50(a), 51(b), 52(c), 53(a), 54(d), 55(a), 56(b), 57(c), 58(c), 59(c), 60(a), 61(a), 62(a), 63(a), 64(a), 65(a), 66(d), 67(b), 68(b), 69(d), 70(c), 71(a), 72(b), 73(b), 74(a), 75(d), 76(c), 77(b), 78(a), 79(c), 80(a), 81(b), 82(b), 83(c), 84(b), 85(a), 86(c), 87(d), 88(a), 89(c), 90(c), 91(a), 92(c), 93(c), 94(c), 95(a), 96(c), 97(b), 98(b), 99(b), 100(a).

**Solutions.**

51(b:): Part of the cistern filled in 1 hour $= \frac{1}{8}$

Part of the cistern emptied in 1 hour $= \frac{1}{16}$

when both the taps are opened simultaneously, part of cistern filled in 1 hour $= \frac{1}{8} - \frac{1}{16} = \frac{1}{16}$

∴ The cistern will be filled in 16 hours.

52(c): Here 12 – 5 = 7, 16 – 9 = 7

∴ Required number = (L.C.M. of 12 and 16) – 7 = 48 – 7 = 41.

53(a): (A + B)'s 1 day's work $= \frac{1}{72}$

(B + C)'s 1 day's work $= \frac{1}{120}$

(C + A)'s 1 day's work $= \frac{1}{90}$

Adding all three,

2(A + B + C)'s 1 day's work $= \frac{1}{72} + \frac{1}{120} + \frac{1}{90} = \frac{5+3+4}{360} = \frac{12}{360} = \frac{1}{30}$

∴ (A + B + C)'s 1 day's work $= \frac{1}{60}$

Now, A's 1 day's work = (A + B + C)'s 1 day's work – (B + C)'s 1 day's work $= \frac{1}{60} - \frac{1}{120} = \frac{2-1}{120} = \frac{1}{120}$

∴ A alone, can complete the work in 120 days.

54(d): Let the radius of the sphere be r units

According to the question $\frac{4}{3}\pi r^3 = 4\pi r^2 \Rightarrow r = 3$ units.

55(a): On diving the given number by 119, let k be the quotient and 19 as remainder

Then, number = 119k + 19 = 17 × 7k + 17 × 1 + 2 = 17(7k + 1) + 2

Hence, the given number when divided by 17, gives (7k + 1) as quotient and 2 as remainder.

56(b): Let original rate = Rs. x per kg

New rate = 80% of x = Rs. $\frac{80}{100}x$ = Rs. $\frac{4x}{5}$

Original quantity for Rs. 120 $= \frac{120}{x}$

New quantity $= 120 \times \frac{5}{4x} = \frac{150}{x}$

$\therefore \frac{150}{x} - \frac{120}{x} = 3 \Rightarrow \frac{30}{x} = 3 \Rightarrow x = \frac{30}{3} = 10$

∴ original rate = Rs. 10/kg.

57(c): Let the cost price be Rs. 110

Then, marked price = Rs. 140

Selling price = (100 – 20)% of Rs. 140 $= \frac{80 \times 140}{100}$ = Rs. 112

∴ Profit = 12%.

58(c): C.P. = Rs. 27

Let the selling price be Rs. x

According to the question x – 27 = 10% of x

$\Rightarrow x - 27 = \frac{x}{10} \Rightarrow x - \frac{x}{10} = 27$

$\Rightarrow \frac{9x}{10} = 27 \Rightarrow x = \frac{27 \times 10}{9} = 30.$

59(c): Let the third number be 100

∴ First number = 120

Second number = 150

∴ Ratio $= \frac{120}{150} = \frac{4}{5} = 4 : 5.$

60(a): According to the question n (A∪B) = n (A) + n (B) – n (A∩B) ⇒ 82 = 40 + 50 – n (A∩B) ⇒ n(A∩B) = 90 – 82 = 8

∴ 8% students play both games.

61(a): $\frac{0.796 \times 0.796 - 0.204 \times 0.204}{0.796 - 0.204} = \frac{a^2 - b^2}{a - b}$

[∵0.796 = a, 0.204 = b]

$= \frac{(a+b)(a-b)}{(a-b)} = a + b = 0.796 + 0.204 = 1.$

62(a): Let the H.C.F. be x ∴ L.C.M. = 20x

∴ x + 20x = 2520 ⇒ 21x = 2520

$\Rightarrow x = \frac{2520}{21} = 120$

∴ L.C.M. = 20x = 20 × 120 = 2400

as, 1st no. × 2nd no. = L.C.M. × H.C.F

⇒ 480 × 2nd no = 2400 × 120

$\Rightarrow$ 2nd no. $= \frac{2400 \times 120}{480} = 600.$

63(a): Area of the base of cone = 770 $cm^2$

এরপর ষোলোর পাতায়

Created in Master PDF Editor

## চাকরির পরীক্ষায় বর্তমান কোচিং

# কেন্দ্রীয় বাহিনীতে ৫৪৯৫৩ কনস্টেবল ও রাইফেলম্যান

তেরোর পাতার পর

$\Rightarrow \pi r^2 = 770 \Rightarrow \frac{22}{7} r^2 = 770 \Rightarrow r^2 = 245 \Rightarrow r = 7\sqrt{5}$ cm

curved surface area of the cone $\Rightarrow \pi r l = 814$

$\Rightarrow \frac{22}{7} \times 7\sqrt{5} \times l = 814 \Rightarrow l = \frac{814}{22 \times \sqrt{5}} = \frac{37}{\sqrt{5}}$ cm.

If the height of the cone be h cm then $h^2 + r^2 = l^2$

$\Rightarrow h^2 + (7\sqrt{5})^2 = \left(\frac{37}{\sqrt{5}}\right)^2$

$\Rightarrow h^2 + 245 = \frac{1369}{5} \Rightarrow h^2 = \frac{1369}{5} - 245$

$\Rightarrow h^2 = \frac{144}{5} \Rightarrow h = \frac{12}{\sqrt{5}}$ cm

$\therefore$ Volume of the cone $= \frac{1}{3}\pi r^2 h = \frac{1}{3} \times \frac{22}{7} \times 7\sqrt{5} \times 7\sqrt{5} \times \frac{12}{\sqrt{5}}$

$= 616\sqrt{5}$ cm³.

64(a): The ratio of the areas of two similar triangles is equal to the ratio of squares of the corresponding altitudes

Ratio of altitudes $= \frac{\sqrt{25}}{\sqrt{36}} = \frac{5}{6}$.

65(a): Marked price of the product = Rs. 1400

S.P. after allowing a discount of 10% = 90% of 1400 $= \frac{1400 \times 90}{100}$

Rs. 1260

Second discount = Rs. (1260 − 1200) = Rs. 60

Let, the second discount = x%

$\therefore$ x% of 1260 = 60

$\Rightarrow x = \frac{60 \times 100}{1260} = 4\frac{16}{21}\%$.

66(d): $\frac{A}{B} \times \frac{B}{C} \times \frac{C}{D} = \frac{2}{3} \times \frac{2}{4} \times \frac{2}{5} \Rightarrow \frac{A}{D} = \frac{2}{15}$.

67(b): According to the question

$\because$ When B runs 200 m, A runs 190 m

$\therefore$ When B runs 180m, A runs $= 180 \times \frac{190}{200} = 171$ m

When C runs 200 m, B runs 180 m

Hence, C will give a start to A by = (200 − 171) = 29 m.

68(b): Total weight increased = 1 × 25 = 25 kg

$\therefore$ weight of new person = 60 + 25 = 85 kg.

69(d): Let the C.P be Rs. 100

S.P. = Rs. 120, New S.P. = Rs. 240

Profit = Rs. (240 − 100) = Rs. 140

$\therefore$ Profit% $= \frac{140}{100} \times 100 = 140\%$.

70(c): L.C.M. of 4, 6, 8, 9 = 72 $\therefore$ Required number = 72.

71(a): Let original rate = Rs. x/egg

New rate = 80% of x = Rs. $\frac{4x}{5}$ Rs.

Original quantity for Rs. 40 $= \frac{40}{x}$

New quantity $= 40 \times \frac{5}{4x} = \frac{50}{x}$

$\therefore \frac{50}{x} - \frac{40}{x} = 20 \Rightarrow \frac{10}{x} = 20 \Rightarrow x = \frac{1}{2}$

$\therefore$ Reduced price = 80% of Re. $\frac{1}{2}$

$= \frac{4}{5} \times \frac{1}{2}$ = Re. $\frac{2}{5} = \frac{2}{5} \times 100 = 40$ paise.

72(b): Let the number of men in the beginning = x

Then, $\frac{x+8}{x} = \frac{60}{50} \Rightarrow \frac{x+8}{x} = \frac{6}{5} \Rightarrow 6x = 5x + 40 \Rightarrow x = 40$.

73(b): $\frac{3\sqrt{8}}{\sqrt{16}} \div \sqrt{\frac{100}{49}} \times \sqrt[3]{125}$

$= \frac{2}{4} \div \frac{10}{7} \times \frac{5}{1} = \frac{2}{4} \times \frac{7}{10} \times \frac{5}{1} = \frac{1}{4} \times \frac{7}{5} \times \frac{5}{1} = \frac{7}{4} = 1\frac{3}{4}$.

74(a): Let the required speed be x km/hr

$\therefore 240 \times 5 = \frac{5}{3} \times x \therefore x = 720$ km/hr.

75(d):45 km in 1 hour

1 km in $\frac{1}{45}$ hour

$\frac{4}{5}$ km in $\frac{4}{5} \times \frac{1}{45}$ hours $= \frac{4}{5} \times \frac{1}{45} \times 60 \times 60 = 64$ sec.

76(c): 3 + 2 = 5; 5 × 2 = 10

5 + 4 = 9; 9 × 2 = 18

6 + 5 = 11; 11 × 2 = 22

Therefore, 7 + 6 = 13; 13 × 2 = 26.

77(b): 7 + 7 − 2 × 1= 7 + 7 − 2 = 14 − 2 = 12.

81(b): 12 + 13 = 25, 27 + 24 = 51

$\therefore$ ? = 64 − 27 = 37.

82(b): 7 × 2 = 14; 7 × 7 = 49

8 × 2 = 16; 8 × 8 = 64; 10 × 2 = 20; 10 × 10 = 100.

84(b): $W \xrightarrow{-2} U \xrightarrow{+1} V \xrightarrow{-2} T \xrightarrow{-1} S$

$O \xrightarrow{-2} M \xrightarrow{+1} N \xrightarrow{-2} L \xrightarrow{-1} K$

$E \xrightarrow{-2} C \xrightarrow{+1} D \xrightarrow{-2} B \xrightarrow{-1} A$

But, $S \xrightarrow{-1} R \xrightarrow{+2} T \xrightarrow{-3} Q \xrightarrow{-1} P$

86(c): 11 − 1 = 10 and $\frac{10}{2} = 5$

Similarly, 17 − 1 = 16 and $\frac{16}{2} = 8$.

87(d):

| ① | ② | ③ | ④ | ⑤ | ⑥ | ⑦ | ⑧ |
|---|---|---|---|---|---|---|---|
| M | E | T | A | P | H | O | R |
| ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ |
| ② | ① | ③ | ④ | ⑥ | ⑤ | ⑧ | ⑦ |
| E | M | A | T | H | P | R | O |

Similarly,

| ① | ② | ③ | ④ | ⑤ | ⑥ |
|---|---|---|---|---|---|
| N | O | R | M | A | L |
| ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ |
| ② | ① | ④ | ③ | ⑥ | ⑤ |
| O | N | M | R | L | A |

91(a): $D \xrightarrow{+2} F \xrightarrow{+3} I \xrightarrow{+4} M \xrightarrow{+5}$ [R]

92(c):

| | | |
|---|---|---|
| A | E | I |
| ↓+1 | ↓+1 | ↓+1 |
| B | F | J |
| ↓+1 | ↓+1 | ↓+1 |
| C | G | K |
| ↓+1 | ↓+1 | ↓+1 |
| D | H | L |

93(c): $(1)^3 - 1 = 0$; $(2)^3 - 2 = 6$

$(3)^3 - 3 = 24$; $(4)^3 - 4 =$ [60]

$(5)^3 - 5 = 120$; $(6)^3 - 6 =$ [210]

94(c): $Z \xrightarrow{-6} T \xrightarrow{-5} O \xrightarrow{-4} K \xrightarrow{-3} H \xrightarrow{-2}$ [F]

98(b): m_p pl/ m ppl/mp_ p_ l/mpp l_ .

99(b):

| ① | ② | ③ | ④ | ⑤ | ⑥ | ⑦ |
|---|---|---|---|---|---|---|
| E | D | I | T | I | O | N |
| ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ |
| ③ | ② | ① | ④ | ⑦ | ⑥ | ⑤ |
| I | D | E | T | N | O | I |

Similarly,

| ① | ② | ③ | ④ | ⑤ | ⑥ | ⑦ |
|---|---|---|---|---|---|---|
| M | E | D | I | C | A | L |
| ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ |
| ③ | ② | ① | ④ | ⑦ | ⑥ | ⑤ |
| D | E | M | I | L | A | C |

প্রস্তুত করেছেন: এস্পা কাঁড়ার

# একনজরে বিজ্ঞানের প্রশ্নোত্তর

- সালোকসংশ্লেষে কার্বন ডাইঅক্সাইড বিয়োজিত হয় এবং অক্সিজেন মুক্ত হয়।
- উদ্ভিদজাত স্থায়ী রং— নীল।
- আলুর চোখ প্রকৃতপক্ষে প্রজনন অংশ।
- গাছের বয়স নির্ণয় করা যায়— বৃদ্ধি বলয় দেখে (আবিষ্কার করেন জগদীশচন্দ্র বোস)।
- পরাগসংযোগ ঘটার জন্য পতঙ্গ ও উদ্ভিদের যে জৈব সম্পর্ক তাকে বলে— মিউচুয়ালিজম।
- মানুষের অন্যতম প্রয়োজনীয় একটি উদ্ভিদ— শাল।
- বাজরার আরগোট রোগের কারণ— ছত্রাক।
- কটনের কালো দাগ রোগের কারণ— ব্যাক্টেরিয়া।
- আলুর মোজায়েক রোগের কারণ— ভাইরাস।
- Fox Glove উদ্ভিদের থেকে প্রাপ্ত ওষুধ হৃৎপিণ্ডের রোগে ব্যবহৃত হয়।
- সালোকসংশ্লেষের ক্লোরোফিলের ভূমিকা— আলো শোষণ করে এবং সেই আলো রাসায়নিক প্রক্রিয়ায় জলকে ভেঙে দেয়।
- কন্দজাতীয় শস্য নয়— চিনাবাদাম।
- যে পতঙ্গ ধানে আক্রমণ করে— মাজরা পোকা, গন্ধি পোকা এবং পামরি পোকা।
- লবণাক্ত মাটিতে জন্মানো উদ্ভিদদের বলে— হ্যালোফাইট।
- যে মৌল উদ্ভিদের বৃদ্ধিতে অপ্রয়োজনীয়— সোডিয়াম।
- উদ্ভিদ জন্মাতে প্রয়োজনীয় উপাদান— আলো, বাতাস ও জল।
- যে আগাছা জল-দূষণ কমাতে সাহায্য করে— Water Hyacinth।
- উদ্ভিদের বৃদ্ধিতে প্রয়োজনীয় মৌলগুলি— নাইট্রোজেন, পটাসিয়াম ও ফসফরাস।
- উদ্ভিদের অযৌন জনন ঘটে যাদের দ্বারা— Bulbs, Corms, Rhizomes।
- উদ্ভিদের প্রয়োজনীয় সব ধরনের খাদ্য থাকে এমন একটি সার— জৈব সার।
- মাটি থেকে উদ্ভিদ যে জল শোষণ করে— কৈশিক জল।
- শুধুমাত্র বীজই গঠন করে কিন্তু ফল থাকে না— পাইন— ব্যক্তবীজী।
- দ্রুত বৃদ্ধি পায় এমন একটি উদ্ভিদ ইউক্যালিপটাস।
- পাইন্যাপল বা আনারস একটি যৌগিক ফল।
- সিঙ্কোনা গাছের যে অংশ থেকে কুইনাইন তৈরি হয়— ছাল (বাকল)।
- তুলা বীজের সঙ্গে লম্বা এবং ছোট আঁশ যুক্ত থাকে। ছোট আঁশগুলিকে বলা হয়— Lint।
- উদ্ভিদের প্রয়োজনীয় ম্যাক্রো এলিমেন্ট — ক্যালশিয়াম, ম্যাগনেশিয়াম ও সালফার।
- বাঁশ ঘাসের একটি প্রজাতি।
- যে শস্যের গাছ সবচেয়ে বেশি সালোকসংশ্লেষ করে— আখ।
- সালোকসংশ্লেষের প্রথম ধাপ— ক্লোরোফিলের সক্রিয় হওয়া।
- যে উদ্ভিদের কম জল প্রয়োজন হয়— বাবলা/জেরোফাইট
- হলুদ উদ্ভিদের যে অংশ থেকে প্রাপ্ত হয়— কাণ্ড।
- ভুট্টার একটি ভ্যারাইটি— টেক্সাস-26।
- যে উদ্ভিদ তন্তু এবং ফল উভয়ই উৎপন্ন করে— কলা।
- আদা, হলুদ এরা কাণ্ড কারণ এদের মুকুল থাকে।

| উদ্ভিদ কলা | ক্রিয়া |
|---|---|
| স্কেলেরনকাইমা | যান্ত্রিক দৃঢ়তা |
| জাইলেম | জল পরিবহণ |
| ফ্লোয়েম | খাদ্য পরিবহণ |
| ভাজক কলা | গাছের বৃদ্ধি |

- শুধুমাত্র উদ্ভিদ থেকে পাওয়া যায়— সেলুলোজ।
- মটর গাছ একটি Herb জাতীয় উদ্ভিদ।
- জল উদ্ভিদের অঙ্কুরোদগমে সাহায্য করে কিন্তু কোষের আকার বৃদ্ধিতে নয়।
- গাটেশান প্রক্রিয়ায় উদ্ভিদ, জল বিন্দু বিন্দুতে বার করে দেয়।
- বীজের অঙ্কুরোদগম হয় যার উপস্থিতিতে— আলোক।
- ম্যাগনেশিয়ামের প্রয়োজনীয়তা— উদ্ভিদের ক্লোরোফিল গঠনে।
- ফলের গাছগুলি সাধারণত রোপণ করা হয়— কলমের সাহায্যে (Grafting)।
- সাধারণ রবার গাছ যা উৎপন্ন করে— ল্যাটেক্স (তরুক্ষীর)।
- সূর্যের যে রং-এর আলো ক্লোরোফিলের দ্বারা শোষিত হয়— নীল ও লাল।
- কাণ্ডের বায়বীয় অভিযোজনের কারণে পরিবর্তিত রূপ— ফাইলোক্লাড এবং ক্লাডোড, উদাহরণ— ফণিমনসা।
- যে খাদ্যে উপস্থিত ব্যাক্টেরিয়া শরীরের উপকার করে— Probiotic Food।
- গাজরের প্রধান মূল— খাদ্য সঞ্চয় করে।
- যে সব উদ্ভিদ ফুল ধারণ করে— Phanerogams (সপুষ্পক)।
- ক্লোরোফিলে যে-যে মৌল থাকে— কার্বন, হাইড্রোজেন, ম্যাগনেশিয়াম।
- নিষেক বাদে যে ফল গঠিত হয়— তাদের বলে পার্থেনোকার্পি।
- বোগনভ্যালিয়া উদ্ভিদের আকর্ষণীয় রং-এর অংশটি আসলে— বৃতি।
- জমির উর্বরতা রাখার জন্য যে-যে চাষের আবর্তন দরকার— বার্লি, মটর, গম, আলু।
- উদ্ভিদের সবচেয়ে ভালো প্রজাতি নিরূপণে প্রয়োজন সংকরায়ণ ও নির্বাচন।
- যে উদ্ভিদ হরমোন কোষ বিভাজনে সাহায্য করে— অক্সিন।
- পতঙ্গভোজী কতগুলি উদ্ভিদ— ড্রসেরা, নেপেনথিস, ইউট্রিকুলেরিয়া, ডায়োনিয়া।
- যে বীজে শস্য থাকে না এবং কটিলিডনের মধ্যে খাদ্য জমা থাকে— চিনেবাদাম, মটর এবং সরষে।
- কন্দজাতীয় ফসল— আলু, ওল, কচু, পিঁয়াজ।
- যে উদ্ভিদ পরিবেশ থেকে সালফার ডাইঅক্সাইড শোষণ করতে পারে না— নিম।
- ঠান্ডা আবহাওয়ার মধ্যে যে পদ্ধতিতে উদ্ভিদের অগ্রিম ফুল ও ফল উৎপন্ন করা হয়— ভার্নালাইজেশন।
- ফুলের রং-এর জন্য দায়ী— অ্যানথোসায়ানিন।
- আবদ্ধ ফুলের মধ্যে পরাগসংযোগকে বলে— ক্লিস্টোগ্যামী। উদাহরণ— ডুমুর।
- ক্রনোমিটারের সাহায্যে সময় মাপা হয়।
- যে আলোকে সালোকসংশ্লেষ সবচেয়ে বেশি কার্যকর— লাল আলো।
- বেশি বৃষ্টিপাতযুক্ত আর্দ্র বনভূমির মাটি থেকে উদ্ভিদ কম পরিমাণ খনিজ উপাদান শোষণ করতে পারে।
- মানুষের স্বাভাবিক BMR বা, Basal Metabolic Rate 1000-2000. K.Cal/Day.
- নাইট্রোজেন উদ্ভিদে যে রূপে প্রয়োগ করা হয়— নাইট্রেট।
- পৃথিবীর সবচেয়ে বড় ফুল— রেফ্লেসিয়া।
- তুষারপাত উদ্ভিদের যা ক্ষতি করে— কলা কোষের যান্ত্রিক দৃঢ়তা নষ্ট করে।
- উদ্ভিদের বেশি পাতা গজানোর জন্য প্রয়োজনীয় হরমোন— Indole-3-acetic acid।
- সমস্ত উদ্ভিদ পৃথিবী থেকে মারা গেলে প্রাণীজগৎ মারা যাবে— অক্সিজেনের অভাবে।
- শ্বসনের প্রাথমিক উপাদান গ্লাইকোলেট।
- বেলাডোনা উদ্ভিদের থেকে যে উপকার পাওয়া যায়— এট্রোপিন (চোখের রোগে ব্যবহৃত হয়)।

| বিস্তারের উপায় | উদাহরণ |
|---|---|
| Vegetation Propagation by leaves | বেগোনিয়া |
| Stem Cutting | আখ, গোলাপ, বোগেনভেলিয়া |
| Grafting | রাবার, আম |
| Tissue Culture | আলু, ট্যাপিয়োকো |

- দুই বা ততোধিক ধাতুর মিশ্রণকে বলে সংকর ধাতু, পারদের সঙ্গে অন্য ধাতুর মিশ্রণকে বলে অ্যামালগাম।
- বংশগত রোগ— ডাউন সিনড্রোম, থ্যালাসেমিয়া, অ্যালবিনিজম।
- পেলেগ্রা রোগের কারণ ভিটামিন $B_3$-এর অভাব বৈশিষ্ট্য ডাইরিয়া, ডিমেনসিয়াল এবং ডার্মাটাইটিস। ভুট্টা বেশি খেলে এই রোগ হয়।
- ELISAপরীক্ষা করা হয় এইডস নির্ণয়ে।
- স্কার্ভি রোগের কারণ ভিটামিন C-এর অভাব।
- ভিটামিন E-এর অভাবে বন্ধ্যাত্ব হয়।
- উন্মুক্ত ক্ষতস্থান দিয়ে যে রোগের জীবাণু প্রবেশ করে— টিটেনাস
- সবচেয়ে মিষ্টি শর্করা— সুক্রোজ।

প্রস্তুত করেছেন: চঞ্চল ঘোষ

# নিউক্লিয়ার পাওয়ারে ৮৮ ডিপ্লোমা ইঞ্জিনিয়ার, আই টি আই, উচ্চমাধ্যমিক

৮৮ জন ডিপ্লোমা ইঞ্জিনিয়ার, উচ্চমাধ্যমিক ও আই টি আই পাশ তরুণ-তরুণী নেবে নিউক্লিয়ার পাওয়ার কর্পোরেশন অব ইন্ডিয়া। নিয়োগ হবে সংস্থার নারোরা অ্যাটমিক পাওয়ার স্টেশনে, যথাক্রমে স্টাইপেন্ডিয়ারি ট্রেনি/সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট, স্টাইপেন্ডিয়ারি ট্রেনি অপারেটর এবং স্টাইপেন্ডারি ট্রেনি মেন্টেনার পদে। প্রথমে নির্দিষ্ট মেয়াদের ট্রেনিং। ট্রেনিং চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে। ট্রেনিংয়ে সফল হলে সপ্তম বেতন কমিশনের প্রস্তাব অনুসারে বেতন পাওয়া যাবে।

স্টাইপেন্ডিয়ারি ট্রেনি/সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট নিয়োগ করা হবে ইঞ্জিনিয়ারিংয়ের মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল ও ইলেক্ট্রনিক্স শাখা থেকে।

**শাখা অনুসারে শূন্যপদ:** মেকানিক্যাল ৯টি, ইলেক্ট্রিক্যাল ৭টি, ইলেক্ট্রনিক্স ১টি। এর মধ্যে তফসিলি জাতি প্রার্থীদের জন্য ৩টি, তফসিলি উপজাতিদের জন্য ১টি এবং ও বি সিদের জন্য ৬টি শূন্যপদ সংরক্ষিত হবে। মোট শূন্যপদের মধ্যে ১টি দৈহিক প্রতিবন্ধী প্রার্থীর জন্য সংরক্ষিত হবে।

**শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় ৩ বছরের ডিপ্লোমা।

**বয়স:** ১৮ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে।

দেড় বছরের ট্রেনিং। প্রথম বছর প্রতি মাসে ১৬,০০০ টাকা এবং পরবর্তী ৬ মাসে ১৮,০০০ টাকা করে স্টাইপেন্ড পাওয়া যাবে। সফল ট্রেনিং শেষে বেতন ৩৫,৪০০ টাকা।

আই টি আই শাখা অনুসারে স্টাইপেন্ডিয়ারি ট্রেনি মেন্টেনারের শূন্যপদ: ইলেক্ট্রিশিয়ান ১০টি, ইনস্ট্রুমেন্টেশন ৮টি, ফিটার ৩১টি, ইলেক্ট্রনিক্স ৬টি, মেশিনিস্ট ২টি। স্টাইপেন্ডিয়ারি ট্রেনি অপারেটরের শূন্যপদ: ১৪টি। স্টাইপেন্ডিয়ারি ট্রেনির (মেন্টেনার ও অপারেটর) মোট ৭১টি শূন্যপদের মধ্যে তফসিলি জাতি প্রার্থীদের জন্য ১৫টি, তফসিলি উপজাতি প্রার্থীদের জন্য ২টি এবং ও বি সিদের জন্য ১৯টি শূন্যপদ সংরক্ষিত হবে। স্টাইপেন্ডিয়ারি ট্রেনি মেন্টেনারের ২টি এবং স্টাইপেন্ডিয়ারি ট্রেনি অপারেটরের ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত হবে।

**শিক্ষাগত যোগ্যতা:** স্টাইপেন্ডিয়ারি ট্রেনি মেন্টেনার পদের ক্ষেত্রে: অঙ্ক ও বিজ্ঞানের প্রতিটি বিষয়ে অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ মাধ্যমিক। সেইসঙ্গে নির্দিষ্ট আই টি আই বিষয়গুলির কোনও একটিতে ২ বছরের আই টি আই কোর্স পাশ। বিষয়গুলি হল: ইলেক্ট্রিশিয়ান, ফিটার, ইলেক্ট্রনিক্স, ইনস্ট্রুমেন্টেশন ও মেশিনিস্ট।

স্টাইপেন্ডিয়ারি ট্রেনি অপারেটর পদের ক্ষেত্রে: বিজ্ঞানের প্রতিটি বিষয় ও অঙ্কে অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ উচ্চমাধ্যমিক।

**বয়স:** উভয় পদের ক্ষেত্রেই ১৮ থেকে ২৪ বছরের মধ্যে হতে হবে।

স্টাইপেন্ডিয়ারি ট্রেনি (মেন্টেনার ও অপারেটর) পদের ক্ষেত্রে ২ বছরের ট্রেনিং। প্রথম বছর মাসে ১০,৫০০ টাকা এবং দ্বিতীয় বছর মাসে ১২,৫০০ টাকা করে স্টাইপেন্ড পাওয়া যাবে। ট্রেনিং শেষে বেতন ২১,৭০০ টাকা।

সব ক্ষেত্রেই ১২-১১-২০১৮ তারিখে নির্দিষ্ট বয়স থাকতে হবে। বয়সে তফসিলিরা ৫ এবং ও বি সিরা ৩ বছরের ছাড় পাবেন। দৈহিক প্রতিবন্ধীরা বয়সে ১০ বছরের ছাড় পাবেন।

**দৈহিক মাপজোক:** সবক'টি পদের প্রার্থীদের ক্ষেত্রেই উচ্চতা হতে হবে অন্তত ১৬০ সেমি এবং ওজন হতে হবে অন্তত সাড়ে ৪৫ কেজি।

প্রার্থী বাছাই করা হবে ডিপ্লোমা ইঞ্জিনিয়ারদের ক্ষেত্রে অবজেক্টিভ টাইপ মাল্টিপল চয়েসের লিখিত পরীক্ষা এবং পার্সোনাল ইন্টারভিউয়ের মাধ্যমে। ৩ ঘণ্টার পরীক্ষা। থাকবে ইংরেজি, জেনারেল নলেজ, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড ও সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং বিষয়ে ২০০টি প্রশ্ন।

উচ্চমাধ্যমিক ও আই টি আই প্রার্থীদের ক্ষেত্রে থাকবে দুই পর্বের লিখিত পরীক্ষা ও স্কিল টেস্ট।

প্রথম পর্বের লিখিত পরীক্ষায় ৫০টি অবজেক্টিভ টাইপ মাল্টিপল চয়েস প্রশ্ন হবে জেনারেল অ্যাওয়্যারনেস, অঙ্ক ও বিজ্ঞান বিষয়ে। সময় ১ ঘণ্টা।

দ্বিতীয় পর্বের পরীক্ষায় প্রার্থীর নিজের পাঠ্য বিষয়-সম্পর্কিত ৫০টি অবজেক্টিভ টাইপ মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। সময় ২ ঘণ্টা।

সব ক্ষেত্রেই ভুল উত্তরের জন্য নেগেটিভ মার্কিং হবে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.npcilcareers.co.in ১২ নভেম্বর পর্যন্ত অনলাইন দরখাস্ত করা যাবে। অনলাইন দরখাস্ত করতে বসার আগে জেপিজি ফর্ম্যাটে ফটো ও সই স্ক্যান করার পরে সেভ করবেন। ফটো ও সইয়ের সাইজ হতে হবে যথাক্রমে ৫০ ও ২০ কেবি-র মধ্যে।

এই নিয়োগের অ্যাডভার্টাইজমেন্ট নম্বর: NAPS/HRM/01/2018.

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## ব্যাঙ্ক নোট প্রেসে জুনিয়র টেকনিশিয়ান জুনিয়র অফিস অ্যাসিস্ট্যান্ট, সুপারভাইজর

জুনিয়র টেকনিশিয়ান, জুনিয়র অফিস অ্যাসিস্ট্যান্ট, সুপারভাইজর-সহ বিভিন্ন পদে ৭৭ জনকে নিয়োগ করবে মধ্যপ্রদেশের ব্যাঙ্ক নোট প্রেস। এটি সিকিউরিটি প্রিন্টিং অ্যান্ড মিন্টিং কর্পোরেশন অব ইন্ডিয়ার অধীনস্থ একটি ইউনিট। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: BNP/HR/13/2017.

শূন্যপদের বিন্যাস: জুনিয়র টেকনিশিয়ান (ইঙ্ক ফ্যাক্টরি): ৩০টি। জুনিয়র টেকনিশিয়ান (প্রিন্টিং অ্যান্ড প্লেট মেকিং): ৯টি। জুনিয়র অফিস অ্যাসিস্ট্যান্ট: ১৮টি। সুপারভাইজর (প্রিন্টিং অ্যান্ড প্লেট মেকিং): ১৫টি। সুপারভাইজর (ইঙ্ক ফ্যাক্টরি): ৫টি।

বয়স: ৯-১১-২০১৮ তারিখে জুনিয়র টেকনিশিয়ান পদের ক্ষেত্রে ২৫ বছর, জুনিয়র অফিস অ্যাসিস্ট্যান্ট পদের ক্ষেত্রে ২৮ বছর এবং সুপারভাইজর পদের ক্ষেত্রে ৩০ বছরের মধ্যে হতে হবে।

বেতনক্রম: জুনিয়র টেকনিশিয়ান পদের ক্ষেত্রে ৭,৭৫০-১৯,০৪০ টাকা, জুনিয়র অফিস অ্যাসিস্ট্যান্ট পদের ক্ষেত্রে ৮,৩৫০-২০,৪৭০ টাকা, সুপারভাইজর পদের ক্ষেত্রে ২৬,০০০-১,১০,০০০ টাকা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://bnpdewas.spmcil.com দরখাস্তের শেষ তারিখ ৯ নভেম্বর।

এই নিয়োগের বিশদ বিজ্ঞপ্তি এখনও প্রকাশিত হয়নি। প্রার্থীদের সুবিধার্থে আগাম এই খবর জানানো হল। আগ্রহীরা দেখতে পারেন উপরোক্ত ওয়েবসাইট।

## আই টি বি পি-তে ২১৮ কনস্টেবল

*প্রথম পাতার পর*

যায়নি। নিয়োগের প্রক্রিয়া বন্ধ রেখেছিল আই টি বি পি।

সম্প্রতি নতুন করে আরেকটি বিজ্ঞপ্তি প্রকাশ করে বাহিনীর পক্ষ থেকে জানানো হয়েছে, কনস্টেবল (টেলিকম) পদে নিয়োগের প্রক্রিয়া শুরু করা হচ্ছে। শূন্যপদ পূর্ববর্তী বিজ্ঞপ্তি অনুসারে, অর্থাৎ অপরিবর্তিতই থাকছে। হেড কনস্টেবল এবং সাব-ইনস্পেক্টর পদের নিয়োগ প্রক্রিয়া সম্পর্কে এখনও কিছু জানানো হয়নি। কনস্টেবল পদে অনলাইন দরখাস্ত করা যাবে ২৯ অক্টোবর থেকে ২৭ নভেম্বর পর্যন্ত।

এখানে কনস্টেবল (টেলিকম) পদটি সম্পর্কে বিশদ তথ্য জানানো হল।

**কনস্টেবল (টেলিকম):** শূন্যপদ: পুরুষদের ক্ষেত্রে ১৮৫টি (সাধারণ ৯৩, তপসিলি জাতি ২৮, তফসিলি উপজাতি ১৪, ও বি সি ৫০)। মহিলাদের ক্ষেত্রে ৩৩টি (সাধারণ ১৭, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ও বি সি ৯)।

শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক। আই টি আই সার্টিফিকেট থাকলে অগ্রাধিকার।

**বয়স:** ২৭-১১-২০১৮ তারিখে ১৮ থেকে ২৩ বছরের মধ্যে হতে হবে। বয়সে তফসিলিরা ৫, ও বি সিরা ৩ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**দৈহিক মাপজোক:** পুরুষ প্রার্থীদের ক্ষেত্রে উচ্চতা ১৭০ সেমি (তফসিলি উপজাতিদের ক্ষেত্রে ১৬২.৫ সেমি, গোর্খাদের ক্ষেত্রে ১৬৫ সেমি)। বুকের ছাতি: না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৮০ ও ৮৫ সেমি (তফসিলি উপজাতি প্রার্থীদের ক্ষেত্রে যথাক্রমে ৭৬ ও ৮১ সেমি এবং গোর্খাদের ক্ষেত্রে যথাক্রমে ৭৮ ও ৮৩ সেমি)।

মহিলাদের ক্ষেত্রে: উচ্চতা ১৫৭ সেমি (তফসিলি উপজাতি প্রার্থীদের ক্ষেত্রে ১৫০ সেমি, গোর্খাদের ক্ষেত্রে ১৫৫ সেমি।

সবার ক্ষেত্রেই উচ্চতা ও বয়স অনুসারে ওজন হতে হবে।

**দৃষ্টিশক্তি:** চশমা ছাড়া কাছের ক্ষেত্রে ভালো চোখে এন-৬, খারাপ চোখে এন-৯ এবং দূরের ক্ষেত্রে ভালো চোখে ৬/৬, খারাপ চোখে ৬/৯। রং চেনার ক্ষমতা সি পি-থ্রি মানের হতে হবে।

প্রার্থী বাছাই করা হবে দৈহিক সক্ষমতার পরীক্ষা ও লিখিত পরীক্ষার মাধ্যমে। সব শেষে মেডিক্যাল এক্সামিনেশন।

দৈহিক সক্ষমতার পরীক্ষায় থাকবে: পুরুষ প্রার্থীদের ক্ষেত্রে— সাড়ে ৭ মিনিটে ১.৬ কিলোমিটার দৌড়, ১১ ফুট লং জাম্প (তিনটি সুযোগে), সাড়ে ৩ ফুট হাই জাম্প (তিনটি সুযোগে)।

মহিলাদের ক্ষেত্রে থাকবে: ৪ মিনিট ৪৫ সেকেন্ডে ৮০০ মিটার দৌড়, ৯ ফুট লং জাম্প (তিনটি সুযোগে) এবং ৩ ফুট হাই জাম্প (৩টি সুযোগে)।

লিখিত পরীক্ষায় ১০০ নম্বরের অবজেক্টিভ টাইপ প্রশ্ন হবে এইসব বিষয়ে: জেনারেল ইংলিশ, জেনারেল হিন্দি, জেনারেল অ্যাওয়্যারনেস, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড, রিজনিং এবিলিটি। মোট ১০০টি প্রশ্ন হবে। প্রতি প্রশ্নের নম্বর ১। পরীক্ষার সময়সীমা ২ ঘণ্টা।

মাধ্যমিক মানের প্রশ্ন হবে। প্রশ্ন হবে ইংরেজি ও হিন্দিতে।

**বেতনক্রম:** কনস্টেবল পদের ক্ষেত্রে ২১,৭০০-৬৯,১০০ টাকা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.recruitment.itbpolice.nic.in ২৯ অক্টোবর থেকে ২৭ নভেম্বর পর্যন্ত অনলাইন দরখাস্ত করা যাবে।

ফি বাবদ ১০০ টাকা জমা দিতে হবে উপরোক্ত ওয়েবসাইটের পেমেন্ট গেটওয়ের মাধ্যমে। মহিলা প্রার্থী, তফসিলি জাতি ও উপজাতি এবং প্রাক্তন সমরকর্মীদের ফি লাগবে না।

অনলাইন দরখাস্ত সাবমিট করার পরে সেটির একটি প্রিন্ট আউট নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরীক্ষার সময় দরকার হবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখবেন উপরোক্ত ওয়েবসাইট। তথ্যের জন্য ফোন করতে পারেন এই হেল্পলাইন নম্বরে: (০১১)২৪৩৬-৯৪৮২।

## ই এস আই কর্পোরেশনে ৭৭১

*প্রথম পাতার পর*

জাতি ১২, তফসিলি উপজাতি ৬, ও বি সি ৫)। ছত্তিশগড় ১৭টি (সাধারণ ১০, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ৫)। দিল্লি ১৫২টি (সাধারণ ৬৯, তফসিলি জাতি ১৫, তফসিলি উপজাতি ৫, ও বি সি ৬৩)। গুজরাত ২৭টি (তফসিলি জাতি ৮, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১৫)। হরিয়ানা ৪৫টি (সাধারণ ১৭, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৫, ও বি সি ১৭)। হিমাচল প্রদেশ ২১টি (সাধারণ ৮, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ১, ও বি সি ৭)। জম্মু-কাশ্মীর ১০টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, ও বি সি ৫)। ঝাড়খণ্ড ২২টি (সাধারণ ৯, তফসিলি জাতি ৫, ও বি সি ৮)। মধ্যপ্রদেশ ৪৪টি (সাধারণ ২৫, তফসিলি জাতি ৭, তফসিলি উপজাতি ২, ও বি সি ১০)। মহারাষ্ট্র ১০১টি (সাধারণ ৪৭, তফসিলি জাতি ১৬, তফসিলি উপজাতি ৮, ও বি সি ৩০)। ওড়িশা ১২টি (সাধারণ ৪, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪)। পঞ্জাব ৩৪টি (সাধারণ ৯, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ৭, ও বি সি ১৪)। রাজস্থান ৩০টি (সাধারণ ৪, তফসিলি জাতি ৯, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১৪)। তামিলনাড়ু ১১টি (সাধারণ ৪, তফসিলি উপজাতি ৫, ও বি সি ২)। উত্তরপ্রদেশ ১২৮টি (সাধারণ ৬৬, তফসিলি জাতি ২১, তফসিলি উপজাতি ১১, ও বি সি ৩০)।

**শিক্ষাগত যোগ্যতা:** এম বি বি এস। প্রার্থীকে অবশ্যই রোটেটিং ইন্টার্নশিপ সম্পূর্ণ করে থাকতে হবে। পাশাপাশি, মেডিক্যাল কাউন্সিল অব ইন্ডিয়ায় রেজিস্ট্রেশন থাকা বাধ্যতামূলক।

**বয়স:** ১০-১১-২০১৮ তারিখে ৩০ বছরের মধ্যে হতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে ছাড় পাবেন।

বেতনক্রম: ৫৩,১০০-১,৬৭,৮০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা ও ইন্টারভিউয়ের মাধ্যমে। দু'টি পত্রে পরীক্ষা হবে। প্রথম পত্রে থাকবে জেনারেল মেডিসিন এবং পেডিয়াট্রিক্স, দ্বিতীয় পত্রে থাকবে সার্জারি, গাইনিকোলজি অ্যান্ড অবস্টেট্রিক্স এবং প্রিভেন্টিভ অ্যান্ড সোশ্যাল মেডিসিন। উভয় পত্র ১০০ নম্বর করে। অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। ইন্টারভিউ ৫০ নম্বরের।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.esic.nic.in অনলাইন দরখাস্তের শেষ তারিখ ১০ নভেম্বর। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রার্থীর স্ক্যান করা পাসপোর্ট মাপের রঙিন ফটো ও কালো কালির সই (জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে উভয়ই ১০০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে। অনলাইন দরখাস্ত সাবমিটের পর রেজিস্ট্রেশন নম্বর-সহ পূরণ করা দরখাস্তের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন।

ফি বাবদ দিতে হবে ৫০০ টাকা (মহিলা, তফসিলি, দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের ক্ষেত্রে ২৫০ টাকা)। অনলাইনে ইন্টারনেট ব্যাঙ্কিং বা ডেবিট বা ক্রেডিট কার্ডের মাধ্যমে ফি জমা দিতে হবে। অনলাইন দরখাস্ত সাবমিট করার ২৪ থেকে ৩৬ ঘণ্টা পর ফি জমা দিতে হবে। ফি জমা দেওয়ার শেষ তারিখ ১৩ নভেম্বর। ফি জমা দেওয়ার পর জার্নাল নম্বর বা ট্রানজ্যাকশন আই ডি পাওয়া যাবে। ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন।

দরখাস্ত ও ই-রিসিপ্টের প্রিন্ট আউট কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে। খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## স্বনির্ভরতার লক্ষ্যে পাঠকদের জন্য কর্মক্ষেত্র পুরস্কার

# প্রতি মাসেই ৫০০০ টাকা

### আপনাকে কী করতে হবে?

'কর্মক্ষেত্র'র প্রতি সংখ্যায় ব্যবসা-সংক্রান্ত বিভিন্ন সুলুকসন্ধান, পরামর্শ ও পথনির্দেশ প্রকাশিত হয়। এভাবে প্রতি মাসে প্রকাশিত ব্যবসার আলোচনা থেকে আপনার পছন্দমতো ব্যবসাটি বেছে নিন। এই ব্যবসাটি বেছে নেওয়ার পক্ষে আপনার যুক্তি, কীভাবে এগোবেন ও এ বিষয়ে আপনার যোগ্যতাই বা কী— এইসব বিবৃত করে একটি প্রবন্ধ লিখুন। ১,০০০ শব্দের মধ্যে।
এবার খামের ওপর 'স্বনির্ভরতার লক্ষ্যে কর্মক্ষেত্র পুরস্কার' লিখে পাঠিয়ে দিন। ব্যস, এ-ই।

**নভেম্বর-এর প্রতিযোগিতার জন্য অক্টোবর মাসের 'কর্মক্ষেত্র'-য় প্রকাশিত ব্যবসার আলোচনাগুলি থেকে আপনার পছন্দসই ব্যবসাটি বাছতে হবে।**

লিখবেন কাগজের একপিঠে, পরিষ্কার হস্তাক্ষরে। প্রথম পৃষ্ঠার ওপরে ও প্রতি পৃষ্ঠার বাঁদিকে চওড়া মার্জিন রেখে। সঙ্গে নিজের একটি পাসপোর্ট মাপের ছবিও পাঠিয়ে দেবেন।

এভাবে প্রতি মাসেই যাঁর প্রবন্ধ শ্রেষ্ঠ বিবেচিত হবে, তাঁকে ৫,০০০ টাকা পুরস্কার দেওয়া হবে। প্রবন্ধটি 'কর্মক্ষেত্র'য় প্রকাশিত হবে। আমরা আশা করব, পুরস্কৃত পাঠক স্বনির্ভরতার লক্ষ্যে তাঁর মনোমতো ব্যবসাটির গোড়াপত্তনে পুরস্কারের অর্থ কাজে লাগাবেন। কোনও একজনের প্রবন্ধ শ্রেষ্ঠ বিবেচিত না হলে একাধিক প্রতিযোগীকে যুগ্মভাবে বিজয়ী ঘোষণা করা হবে এবং মোট পুরস্কারমূল্য বিজয়ীদের মধ্যে সমানভাবে ভাগ করে দেওয়া হবে। পুরস্কৃত প্রবন্ধের বাইরেও সম্পাদকীয় বিচারে প্রশংসিত প্রবন্ধগুলি 'কর্মক্ষেত্র'য় প্রকাশিত হতে পারে।

আপনার লেখাটি ১০ নভেম্বর-এর মধ্যে পৌঁছনো চাই। পাঠাবেন এই ঠিকানায়:
**সম্পাদক, কর্মক্ষেত্র, ২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯।**

www.banglajobguide.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

KARMAKSHETRA Vol 39 No. 12 Kolkata Friday 26 OCTOBER 2018 /16 Member, INDIAN NEWSPAPER SOCIETY R. N. 37120/80 □ Postal Registration No. KOL RMS/173/2016-2018

# ন্যাভাল ডক ইয়ার্ডে ১১৩

## তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং

১১৩ জন তরুণ-তরুণীকে বিভিন্ন ট্রেডে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে মুম্বইয়ের ন্যাভাল ডক ইয়ার্ড। এটি ভারতীয় নৌবাহিনীর অধীনস্থ একটি সংস্থা। অ্যাপ্রেন্টিসশিপ অ্যাক্ট, ১৯৬১ অনুসারে ১ বছরের ট্রেনিং দেওয়া হবে ডকইয়ার্ড অ্যাপ্রেন্টিস স্কুলে। প্রশিক্ষণ শুরু হবে এপ্রিলে। ট্রেনিং চলাকালীন স্টাইপেন্ড পাওয়া যাবে। যাঁরা আগে অ্যাপ্রেন্টিস অ্যাক্ট, ১৯৬১ অনুসারে কোথাও অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং নিয়েছেন, তাঁরা আর আবেদন করবেন না।

**ট্রেড অনুসারে আসনসংখ্যা:** ওয়েপন ফিটার: ২৫টি। আই সি ই ফিটার ক্রেন: ৩৭টি। সিভিল ওয়ার্কস/মেসন: ১৮টি। শিপ ফিটার: ১২টি। জাইরো ফিটার: ৬টি। মেশিনারি কন্ট্রোল ফিটার: ৬টি। সোনার ফিটার: ৬টি। ব্ল্যাকস্মিথ: ৩টি।

নিয়মানুসারে তফসিলি, ও বি সি, দৈহিক প্রতিবন্ধী, প্রাক্তন সমরকর্মী এবং কর্মরত সমরকর্মী অথবা কর্মরত অবস্থায় নিহত বা আহত-অবসৃত সমরকর্মীদের সন্তানদের জন্য আসন সংরক্ষিত থাকবে।

**শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ মাধ্যমিক বা সমতুল। সঙ্গে ৬৫ শতাংশ নম্বর-সহ সংশ্লিষ্ট ট্রেডে আই টি আই পাশ।

**বয়স:** জন্মতারিখ হতে হবে ১-৪-১৯৯৭ থেকে ৩১-৩-২০০৪-এর মধ্যে। তফসিলিরা ৫ এবং ন্যাভাল সিভিলিয়ান ও ডিফেন্সে কর্মরতদের সন্তানেরা ২ বছরের বয়সের ছাড় পাবেন।

**দৈহিক মাপজোক:** উচ্চতা ১৫০ সেমি। বুকের ছাতি অন্তত ৫ সেমি ফোলানোর ক্ষমতা থাকতে হবে। ওজন অন্তত ৪৫ কেজি হতে হবে। দৃষ্টিশক্তি: এক চোখে ৬/৬, অন্য চোখে ৬/৯।

লিখিত পরীক্ষার মাধ্যমে প্রাথমিকভাবে বাছাই করা প্রার্থীদের নির্বাচিত করা হবে ইন্টারভিউ বা স্কিল টেস্টের মাধ্যমে। লিখিত পরীক্ষা হবে ডিসেম্বর মাসে। পরীক্ষার সময়সীমা ২ ঘণ্টা। পরীক্ষাকেন্দ্র মুম্বই। পরীক্ষায় ১০০টি অবজেক্টিভ ধরনের প্রশ্ন হবে জেনারেল ইংলিশ, ম্যাথমেটিক্স, অ্যাপ্টিটিউড বা রিজনিং, জেনারেল নলেজ এবং সংশ্লিষ্ট ট্রেড বিষয়ে। নেগেটিভ মার্কিং নেই।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.bhartiseva.com অনলাইন আবেদনের শেষ তারিখ ১২ নভেম্বর। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে।

### অনলাইন আবেদনের সময় আপলোড করবেন

- ✓ প্রার্থীর এক কপি পাসপোর্ট মাপের ফটো (জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে, হালকা ধূসর রঙের ব্যাকগ্রাউন্ডে তোলা)।
- ✓ মাধ্যমিকের মার্কশিট ও জন্মশংসাপত্র বা আধার কার্ড (এ-ফোর মাপে, রঙিন পি ডি এফ ফর্ম্যাটে)।
- ✓ আই টি আইয়ের মার্কশিট (এ-ফোর মাপে, রঙিন পি ডি এফ ফর্ম্যাটে)।
- ✓ প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট এবং ও বি সি সার্টিফিকেট (এ-ফোর মাপে, রঙিন পি ডি এফ ফর্ম্যাটে)।
- ✓ প্রযোজ্য ক্ষেত্রে দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেট (এ-ফোর মাপে, রঙিন পি ডি এফ ফর্ম্যাটে)।
- ✓ প্রাক্তন সমরকর্মী বা আর্মড ফোর্সেস পার্সোনেল বা ডিফেন্সে কর্মরত ব্যক্তিদের সন্তানদের ক্ষেত্রে যথাযথ সার্টিফিকেট (এ-ফোর মাপে, রঙিন পি ডি এফ ফর্ম্যাটে)।
- ✓ প্রার্থীর সচিত্র পরিচয়পত্র হিসেবে আধার বা প্যান কার্ড বা পাসপোর্ট (জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে)।
- ✓ আধার কার্ড (জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে)।

প্রতিটি নথির সাইজ হতে হবে ২০০ কেবি-র মধ্যে। অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে সাবমিটের পর পূরণ করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে ই-মেল করতে পারেন এই ঠিকানায়: admin@bhartiseva.com

### ফল বেরোল

স্টাফ সিলেকশন কমিশন দ্বারা পরিচালিত ২০১৭-র জুনিয়ার ইঞ্জিনিয়ার রিক্রুটমেন্ট এগ্জামিনেশনের চূড়ান্ত ফল প্রকাশিত হয়েছে এই ওয়েবসাইটে: www.ssc.nic.in

### এখনও আবেদন করতে পারেন

## এইমসে ২০০০ স্টাফ নার্স

২,০০০ স্টাফ নার্স (গ্রেড-টু) নেবে ভোপাল, যোধপুর, পাটনা ও রায়পুর এইমস (অল ইন্ডিয়া ইনস্টিটিউট অব মেডিক্যাল সায়েন্সেস)। গোটা নিয়োগ প্রক্রিয়ার দায়িত্বে আছে নয়াদিল্লি এইমস। এই নিয়োগের নোটিশ নম্বর ৭৮/২০১৮।

**এইমস অনুসারে শূন্যপদ:** ভোপাল এইমস: ৬০০টি (সাধারণ ৩০৩, তফসিলি জাতি ৯০, তফসিলি উপজাতি ৪৫, ও বি সি ১৬২)।

**যোধপুর এইমস:** ৬০০টি (সাধারণ ৩০৩, তফসিলি জাতি ৯০, তফসিলি উপজাতি ৪৫, ও বি সি ১৬২)।

**পাটনা এইমস:** ৫০০টি (সাধারণ ২৫২, তফসিলি জাতি ৭৫, তফসিলি উপজাতি ৩৮, ও বি সি ১৩৫)।

**রায়পুর এইমস:** ৩০০টি (সাধারণ ১৫১, তফসিলি জাতি ৪৫, তফসিলি উপজাতি ২৩, ও বি সি ৮১)। এর মধ্যে দৈহিক প্রতিবন্ধীদের জন্য নিয়মানুসারে শূন্যপদ সংরক্ষিত থাকবে।

**শিক্ষাগত যোগ্যতা:** বি এসসি (অনার্স) নার্সিং নার্সিং বা বি এসসি (নার্সিং) বা বি এসসি পোস্ট সার্টিফিকেট বা পোস্ট-বেসিক বি এসসি নার্সিং ডিগ্রি। অথবা ইন্ডিয়ান নার্সিং কাউন্সিল কর্তৃক স্বীকৃত প্রতিষ্ঠান থেকে জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারিতে ডিপ্লোমা-সহ অন্তত ৫০ শয্যাবিশিষ্ট হাসপাতালে সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। সব ক্ষেত্রেই স্টেট বা ইন্ডিয়ান নার্সিং কাউন্সিলে নার্স অ্যান্ড মিডওয়াইফ হিসেবে প্রার্থীর নাম অবশ্যই নথিভুক্ত থাকতে হবে।

**বয়স:** ২৯-১০-২০১৮ তারিখে ২১ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন।

**বেতনক্রম:** ৯,৩০০-৩৪,৮০০ টাকা। সঙ্গে গ্রেড পে ৪,৬০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে কম্পিউটার-ভিত্তিক অনলাইন পরীক্ষার মাধ্যমে। পরীক্ষার তারিখ ৭ ডিসেম্বর। কলকাতায় পরীক্ষাকেন্দ্র আছে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.aiimsexams.org প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। অনলাইন দরখাস্তের শেষ তারিখ ২৯ অক্টোবর। অনলাইন পদ্ধতিতে ফি বাবদ দিতে হবে ১,৫০০ টাকা (তফসিলিদের ক্ষেত্রে ১,২০০ টাকা)। দৈহিক প্রতিবন্ধীদের কোনও ফি দিতে লাগবে না। ডেবিট কার্ড বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের সাহায্যে ফি জমা দিতে হবে। অনলাইন দরখাস্ত যথাযথভাবে সাবমিট করার পর রেজিস্ট্রেশন স্লিপের এক কপি প্রিন্ট আউট এবং ফি জমা দেওয়ার পর ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এগুলি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।




কাজের খবরে
১ নম্বর
কর্মক্ষেত্র
কলকাতা শহরে সর্বাধিক
পঠিত কর্মপত্রিকা
সপ্তাহে দু'দিন:
শুক্রবার - কর্মক্ষেত্র
সোমবার - আনন্দবাজার পত্রিকা কর্মক্ষেত্র সংবাদ সংস্করণ
Source: Average Issue Readership, IRS 2017

স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর পক্ষে অমরেন্দ্র চক্রবর্তী কর্তৃক ২৯/১এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯ থেকে প্রকাশিত ও আনন্দ অফসেট প্রাঃ লিঃ, জিএন ৩৯, সেক্টর ৫, সল্টলেক, কলকাতা-৯১, ভিস্টা প্রিন্ট প্রাঃ লিঃ, পরিবহণ নগর, মাটিগাড়া, শিলিগুড়ি, দার্জিলিং থেকে মুদ্রিত। প্রধান সম্পাদক: অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদক: মহাশ্বেতা সমাজদার ফোন: ২২৮৩-২৩২০, ২২৯০-০০০৮ ফ্যাক্স: ২২৮৭-৬৪৪৮
E-mail: info@swarnakshar.in Website: www.swarnakshar.in